অতীন বন্দ্যোপাধ্যায়



প্ৰকাশক:

🎒 প্রবীরকুম।র মঞ্মদার

নিউ বেজল প্রেস (প্রা:) লি:

७৮, कलिस दीहे, क्विकाष्टा-१०००९७

यूषकः

বি. দি. মধুমদার নিষ্ট বেঙ্গল প্রেদ (প্রা:) লি:

নি**ভ বেঙ্গল প্রে**দ (প্রা:) ।ল ৬৮, কলেজ স্ট্রীট

কলিকাতা-৭০০৭৩

৫ চছদ: দেবদন্ত নন্দী প্রথম প্রকাশ

>লা জাতুয়ারী, ১৯৬১

চং চং ডং—মাঝরাতের জমাট অন্ধকাবের বুক চমকে দিয়ে এল , হ -বাদ সেন্ট্রাল জেলের ঘন্টা-ঘড়ীতে নারোটা বেজে গেল।

সারা সহর সিপ্তর । জেলখানাব প্রতি কক্ষে কয়েদীর দল
সারাদিনের পারপ্রমের পর গাড় পুমে অচেছন। কেবল প্রবেশ
ছারের লোহ-ফটক বন্ধ কবে, তার ভিতরে ছ'জন সঙ্গীন-ধারী
প্রহরী সজাগ হয়ে বসে আছে। এদেব পালা রাত একটা পর্যাক।
তার পরেই অপর ছ'জন কন্তিবল্ এদের রান অধিকার নেবে।
জেলখানার এই কঠোর নিয়মের এক চুল ব্যতিক্রম হওয়ার উপ য়
নেই—অন্ততঃ যতদিন আমি এখানকার ভারপ্রাপ্ত 'হেলার' ব
জেল-রক্ষক।

জেলখানার বাইরে, ফটকের ঠিক সুমুখেই ছেল-অফিস মার প্লিসেব থানা। তার ও-পাশেই আমাদেব কোয়ার্টার। অমার এ্যাসিস্টাণিট রামশরণ চৌবে অহা দিন নাইট ডিউটি করে থাবেন, ব কিন্তু আজ আমি ইচ্ছা করেই তাকে ছুটি দিয়েছি। নাইট্ ভেইটি আজ হ'চ্ছে আমার—কারণ, তাকে স্থামার এইটা প্রেটিন আছে।

আজ ২০শে এপ্রিল। আজকের রাতটা শেষ হওয়ার সঙ্গে সঙ্গেই বিখ্যাত দস্থা-সর্দার তেজশঙ্কর ফাঁসি-কাঠে ঝুল্বে, পৃথিবীর বুক থেকে একটা নিষ্ঠুর ছর্ব্বৃত্তের অস্তিত্ব চিরদিনের জন্ম মুছে যাবে! সমগ্র অযোধ্যাপ্রদেশ সেই স্থসংবাদ শোনবার জন্ম রুদ্ধনিশ্বাসে গুপেকা করছে।

ভেজশঙ্কর বিখ্যাত দস্থা—তেজশঙ্কর মহা হুর্জর্ব। দস্থা হ'লেও সে একজন সাধ্যরণ দস্থা নয়,—দস্থা-সমাট্। সারা বাংলা আর বিচাৰ প্রদেশে যভগুলি গুপ্ত দস্থাদল আছে, তেজশঙ্কর সেই সব বিজ্ঞান্ত্র দলপতি। তার নামে পুলিসের মুখ চুণ হয়ে যায়— বিজ্ঞান্ত্র বুক কেঁপে ওঠে। এই মহাপ্রতাপশালী দস্থা-সন্দারকে বিশ্ব বিজ্ঞান্ত্র স্বাধা হয়েছিল। তাকৈ ধরা তো দ্বের কথা, উপরস্তু ভার হাতেই বিস্তর পুলিসকে প্রাণ দিতে গয়েছে।

তেউশঙ্কর নামজাদা নরহন্তা; বড়বড়ধনী মহাজন, রাজা আর ক্রিদানের উপনেই তাব যত আক্রোশ। বিস্তর ঐশ্বর্যাগালী ব্যক্তিক সে । নর্থমভাবে হত্যা করে একছে। দীর্ঘ বারো বংশর ধনে এই ই টি প্রদেশের বুকের উপরে মহা দার্শর সঙ্গে সে শালিয়ে একছে তার অন্যাচারের র্থচক্র—কিন্তু এতকালের মার্যু কেউ ভার প্রায়াও স্পর্শ করতে পারোন। কিন্তু অদৃষ্টের চাকা গ্রার্থ্য শেষ্ট্র রক্ষেই ঘুরে গেছে। বনের ছর্জন্ত সিংহ তাই আজ্পর্শে, স্থাতি মন্ত্রের কারাগারে। আজ্ব আর সে গৌর্যাবিট্যা

ভার শেষ বিচারের দিন এলাগাবাদের হাইকোর্টে লোক আর

স্বৃত্যুপথের যাত্রী

ধরে না! কোর্টের বাহিরে. পথের ছই ধারে লোকে লোকারণ্য । কত দ্র-দ্র থেকে কত রকমের লোক এসেছে ভাকে দেখতে। তাব বিচারের ফলাফল জানবার জ্ঞান্তে কি তাদের উৎসাহ! কি উৎকণ্ঠা। ফাঁসির হুকুম হয়ে যাওয়ার পর তাকে সেই ভিড ঠেলে জেলখানায় ফিরিয়ে আনাই কঠিন হয়ে পড়েছিল।

কাল ভোরে তাব সেই ফাঁসিব দিন। আজকের রাডটাই তাব জীবনের শেষ রাত। আজ রাতেই তাই তার সঙ্গে আমায় দেখা কবতে হবে—তার সেই লোহাব ডাণ্ডাঘেরা হাজত-ঘরের মধ্যে। এ যেন সিংহের খাঁচার ভিতরে ঢোকা,—সিংহের সঙ্গে কোলাকুলি করতে।

কাজটা ত্রঃসাহসেব বটে—কিন্তু তব্ তা আমাকে করতেই ২বে। এরই জন্মে রামশরণ চৌবেকে ছুটি দিয়ে নিজেই এই 'নাইট ডিউটি?' ভার নিয়েছি।

ভেজশঙ্কর দস্থা, তেজশঙ্কব দেশবাসীর আতঙ্ক, তেজশঙ্কর নর-সমাজের শত্রু। তবু আমার কাছে মোটেই সে একটা বিভী।ষ্ঠা নয়। সে যে কে, এবং কি, তা আমি ঠিক লানি না; কিন্তু তবু সে আমার একজন আপনার লোক।

তেজশঙ্করের সঙ্গে আমার পরিচয় ত্ই-এক দিনের নয়—কথেক বংসরে। অথচ এর আগে তাকে আমি চক্ষেত্র কখনো দেখিনি: আমার পরিচয় ছিল তার নামের সঙ্গে আব তাব এমন কওকগুলি বিশেষত্বের সঙ্গে, যা নিয়ে অনেক মাথা ঘামিযে, অনেক বিচার-বিবেচনা করেও আমি কোন সিদ্ধান্তে উপস্থিত হতে পারিনি।

তবু আমি ভানতাম যে দস্থা-সদ্দার তেভশশ্বর একটা জাতি ভাসাধারণ লোক। মানুষের সমাজ দীর্ঘকাল ধরে তার এই নুশংস

বৃত্তির বিরুদ্ধে যত কিছু ঘৃণিত মন্তব্য প্রচার করে আমুক না কেন, তবু আমি কিছুতেই বিশ্বাদ করতাম না যে, দে বাস্তবিকই এই সব কুংসার উপযুক্ত। তাই সর্ব্বসাধারণের কাছে দে যখন নিষ্ঠুর নরঘাতক দম্যা, আমার ধারণায় দে তখন সেই বাহ্যিক পিশাচের ছদ্মবেশে একজন পরম দয়াল, দীন-ছঃখীর পরম উপকারী বন্ধু—অসহায়, অন্ত্যোপায় গরীব লোকদের মা-বাপ।

ফাঁসির আসামী তেজশঙ্করের সম্বন্ধে আমার এই উচ্চ ধারণা জন্মেছিল অনেক বংসর আগে, যখন আমি কলেজের ছাত্র, আরু যখন মাত্র অল্পকাল পূর্বের আমার বিবাহিত জীবন আবস্ত হয়েছিল। তার আগে এই দস্যু-সন্দারের নাম, সর্বেসাধারণের মত আমারও কাছে অতি ঘুণার বস্তু ছিল।

খঞ্জনপুরের মৃত রায়বাহাত্বর শশিশেখর ঘোষালের কল্পা অনিতাকে আমি বিবাহ করি। বিবাহের পর হঠাৎ একদিন আমার স্ত্রীর কাছে শুনলাম তার এক মহানুভব ধর্মভায়ের নাম। ভগ্নীর শুভ বিবাহে দাদার আশীর্কাদের উপহার্ম বলে সেই ধর্মভাই নাকি এক জোড়া জড়োয়ার ব্রেসলেট, আর গলার একছড়া জড়োয়ার নেক্লেস্ তা'কে পাঠিয়েছিল। আমার স্ত্রী অনিতা অতি শ্রানা ও সম্মানের সঙ্গে সেগুলি ব্যবহার করত।

জিনিস হটোর দাম দশ হাজারের কম কিছুতেই নয়। অথচ এত দামী যৌতৃক দেওয়াব প্রতিশ্রুতি কন্তাপক্ষের একেবারই ছিল না। কাজেই এই মহামূল্য অলঙ্কারগুলি আমাদের বাড়ীর সকলেরই মনে বিশ্বয়ের হিমালয় রচনা করে তুলেছিল। সকলেই বলাবলি কর্ত, "কথা না থাক্লে এমন দামী গয়না কেউ কথনো দেয় নাকি।"

মৃত্যুপ্ৰের বাত্রী

খঞ্জনপুরের ঘোষালরা অতি সম্ভ্রাস্ত বংশ। নবাবী আমলে তাঁরা ছিলেন প্রকাণ্ড জমিদার—যদিও বর্ত্তমানে তাঁদের ততবড় জমিদারী আর নেই; তবু ওই অঞ্চলের অধিবাসীদের কাছে বনেদী বংশ বলে বিশেষ একটা থাতির তাদের আছে।

আমি অনিতাকে বিয়ে করেছিলাম কেবল তাদের সেই বংশ-পরিচয়ে,—যৌতুকের লোভে নয়। কারণ, যৌতুক তাঁরা যা দিতে চেয়েছিলেন, তার দাম ছ'হাজারের বেশী মোটেই নয়।

কিন্তু হ'হাজারের উপর আবার দশ গ্রাক্তার টাকার গয়না।
কাজেই সে সম্বন্ধে জিজ্ঞাসাবাদ হয়েছিল অনেক, কিন্তু সন্তোযজনক
কারণের সন্ধান কিছুই পাওয়া যায় নি। এইটুকু শুধু জানা
গিয়েছিল যে, ওই অলঙ্কারগুলি অনিতার শুভ বিবাহে প্রাদত্ত তার
ধর্মাভায়ের প্রীতি-উপহার।

কিন্তু কে সে ধর্মভাই ? কক্ত বড়লোক সে ? একটা ধর্ম-সম্পর্কের খাতিরে দশ হাজার টাকা যে উপহার-স্বরূপ দান করতে পারে, সে যে একজন কোটীপতি, তাতে আর সন্দেহ কি ?

কিন্তু অনিতার কাছে জানলাম যে, সে ধনবান্ মোটেই নয়—
সে একজন আশ্রয়হীন গরীব। চালচুলো তার কোথাও নেই।
থাকে সে এখানে-সেখানে, বনে-জঙ্গলে, গাছতলায়,—তাও যে
কখন কোথায়, কেউ তা বলতে পারে না।

হেঁয়ালী মন্দ নয়। কাজেই সেই অসাধারণ ধর্মভাথের পরিচয় পাওয়ার জন্মে ঔংস্কা হয়েছিল থুবই। কিন্তু প্রশ্নের পর প্রশ্ন করেও তার নামটি ছাড়া অনিতার কাছে আর বেশী কিছু পাওয়া গোল না। শুনলাস্ক তার আসল নামটা বোধ হয় আজকালকার

কেউই জ্বানে না।—অনিতাও নয়। তবে "দয়াল দাদা" নামে সেবন্ধ, বিহার, উড়িয়া, এমন কি ভারতবর্ষের অহ্য অনেক স্থানেও স্থপরিচিত্ত—বিশেষ করে সেই সব দেশের যত দীন-দরিত্র, অসহায় ও তঃস্থ উৎপীড়িত লোকদের কাছে।

বিশ্বয় বাড়লো বই কমলো না। উপরস্ত একটা দারুণ অমুসন্ধিৎসার প্রবৃত্তি জেগে উঠ্লো এই রূপকথার অপরপ চরিত্রটাকে কেন্দ্র করে। স্থির করলাম, জানভেই হবে কে সেই অভূত লোক, যে বাস করে বনে-জ্বসলে, গাছতলায়—তাও কখন যে কোথায়, কেউ তা জানে না—বিলোয় হীরে, মাণিক, রত্নরাজি। দেশ-বিদেশে স্থপরিচিত, অধ্চ কেউ জানে না সে লোকটা কে?

বি, এ, পরীক্ষা দিলাম বিয়ের মাস চারেক পরেই। তারপর দেশ-ভ্রমণের ছল করে বেরিয়ে পড়লাম দয়াল দাদার অমুসন্ধান করতে। অনুসার উদ্দেশ্যের কথা কাউকে জ্ঞানতে দিলাম না,—অনিতাকেও নয়।

মৃত্যুপথের যানী



"মাউঠুন 'ভয কি ?

প্রথমেই গেলাম খঞ্জনপুর। শশুরালয়ে প্রবীণ পুরুষ কেউই নেই!
বিধবা শ্বশ্রমাতা ঠাকুরাণীই সংসারের অভিভাবিকা! স্পষ্টভাবে তাঁকে
কিছু জিজ্ঞাসা করতে সাহস হয় নি। তব্ও প্রকারাস্তরে প্রশ্নটা উত্থাপন
করেছিলাম।

প্রশ্নটি শোনবাব সঙ্গে সঙ্গে তার মুখটি গন্তীর হয়ে এক অপূর্ব শ্রীমণ্ডিত হয়ে উঠলো। দেখলাম এক পরিপূর্ণ মাতৃমূর্ণ্ডি! সন্তানের শুভকামনার সঙ্গে সঙ্গে যেন মাতৃ-আশীর্কাদের পূর্ণ কপ তাঁর চোখে ধ মুখে ফুটে উঠেছে।

অল্পক্ষণ নিস্তব্ধভাবে থেকে তারপর ধীরে ধীরে কে। মল উপদেশের স্বরে তিনি উত্তর দিলেন :

"বাবা। তুমি ছেলেমানুষ। লেখাপড়া শিখেছ—তাই কবে যাতে দশজনের একজন হতে পারো, তারই চেষ্টা করে বাও। ওসব খরছাড়া, পথহারা লোকের পরিচয় জেনে তোমার উপকার কিছুই হবে না। দয়াল যেমনই হোক, সে আমার ধর্মছেলে; কিন্তু আমার নিজের ছেলে থাকলেও দয়ালের চেয়ে সে বোধ হয় আমার বেশী প্রিয় হ'তো না।

চৌদ্দ বছরের সেই হডভাগ্য ছেলেটিকে তার বাপ-মা, আত্মীয়-স্বজনের। অত্যাচার করে তাভ়িয়েছে, জ্ঞাতিরা উৎপীড়নেব অন্ত র'থে নি, দৈশের লোকেরাও অবিচার করেছে যতদূর সম্ভব।

মাহুষের সমাজে ঠাঁই তার মেলে নি, তাই প্রাণের জালায় ছুঙে

বেরিয়েছিল সে অনির্দ্ধিষ্টের পানে। স্নান করতে গিয়ে আমাদের গ্রামের পাশের নদীর তীরে একটা তালগাছের তলায় তাকে পেয়েছিলাম মরণাপন্ন অবস্থায়।

ছ'বছর সে ছিল আমার কাছে, আমার ছেলের স্থান অধিকার করে। সেই অল্ল কয়টি বছরেই মায়ের চোথ দিয়ে দেখে আমি ব্যুতে পেরেছিলাম যে, দয়াল আমার সাধারণ ছেলে নয়। তার ভেতর একটা অতি-মানুষের মহাপ্রাণ কোনোরকমে আত্মগোপন করে আছে। আমার কাছে এই সব সাধারণ বাধনে বাঁধা পড়তে সে আসে নি—বাঁধা সে থাকবে না। তার ভেতরকার অতিমানুষটি এক দিন না-একদিন গা ঝাড়া দিয়ে উঠে তাকে কোথায় কোন্তেগান্তরের দিকে উড়িয়ে নিয়ে যাবে!

হলোও তাই। কুড়ি বছর বয়সে, যেমন অতর্কিতে সে এসেছিল, তেমান অতর্কিত ভাবে চলে গেল। সে আজ ৯।১০ বছরের কথা। সেই থেকে আমরা তার কোন সন্ধান পেতাম না বটে, কিন্তু আম্যানের সকল খবরই সে রাখতো।

এ কথাটা জানলাম আজ হতে বছর-সাতেক আাগে। ওঃ। সে কি এক ভীষণ দিনই গেছে। আমাদের পরম শক্ত গোবিন্দলাল আমাদেরই যথাসর্বস্ব অপহরণ করে হয়ে উঠেছে একজন মহা ধনক লোক—তবু আমাদের উপর আক্রোশ তার মেটে নি।

অনেক টাকা বায় করে সে একটা প্রকাশ গুণার দল
তুলেছিল আমাদের সর্বনাশ করতে। সেদিন অমাবস্থা—
আকাশ-জোড়া জমাট মেথের নীচে পৃথিবীর বুক কাকের প
মত কালো হয়ে উঠেছে। তার উপরে টিপ্র টিপ্র করে

পথে, ঘাটে, লোকের বাড়ীতে মান্নমের সাড়া-শব্দ একেবারেই নিভে গেছে। ছুপুর রাতে হঠাৎ কি চীংকার! আর কি ভয়ানক দরজা ভাঙ্গার দমাদম শব্দ! "রে রে রে, মার্ মার্" প্রভৃতি হুস্কার শুনে সকলেরই গায়ের রক্ত জল হয়ে আসতে লাগলো। ভাবলাম—ডাকাতের হাতেই বুঝি আমাদের ধনপ্রাণ তুলে দিতে হবে!

অনিতাকে বুকে জড়িয়ে ধ'রে একটা ছোট ঘরের অন্ধকারের মধ্যে অচৈততা হয়ে পড়েছিলাম…কতক্ষণ তা জানি না। হঠাৎ একটা "মা। মা।" ডাক কানে যেতেই চৈততা ফিরে এল। চোখ চাইতেই দেখলাম, আমার সেই ঘরটা একটা জ্বলম্ভ মশালের আলায় আলো হয়ে উঠেছে, আর সেই আলোয় আমার ঠিক স্থম্থেই এক অপূর্বব সাজে সেজে দাঁড়িয়ে রয়েছে আমার সেই ধর্মছেলে।

দয়ালের কোমরে একটা গাঢ় লাল রঙেব জালিয়া আঁটা, মাথায় একটা চক্চকে লোহার গড়া পাগড়ী, কোমরে প্রকাণ্ড একটা ছোরা আর ডান হাতে বর্শ। হাসি-হাসি মুখে আমার দিকে চেয়ে গে বললে,—

আ। "মা। উঠুন। ভয় কি ? আপনার দয়াল বেঁচে থাঞ্জে বেশীনার ওপর অভ্যাচার করে বেঁচে যাবে এমন দশটা মাথা আছে

। গোবিন্দলালের অর্দ্ধেক দল সাবাড় করে দিয়েছি, অর্দ্ধেক স্বন্ধকৈ প্রাণ নিয়ে পালিয়েছে। এখন একবার উঠুন মা। অনেক-নি, ঠেরে আপনাকে একটা প্রণাম করি।"

ক্লালকে দেখে আর ভার কথা শুনে মরা দেহে যেন জীবন

যুত্যপথের যাত্রী

ফিরে পেলাম, কিন্তু বিস্ময় বেড়ে উঠলো খুবই। ধড়মড় করে উঠে দাঁড়িয়ে তার হাতথানি সমেহে ধরে জিজেন করলাম—

"এ কি! দয়াল ? সত্যি তৃষ্ট ? এতকাল পরে হঠাৎ এই বিপদের সময়ে কোথা হতে এসে পড়াল বাবা ? গোবিন্দলালের কথাই বা কি বল্ছিস্ ৷ আমি তো কিছুই ব্রুতে পারছি না বাবা !"

দয়াল হাসলো। বল্লে:

"ব্ঝবেন কি করে মা! এত সব বড্যন্ত্রেব কথা আপনার ব্ঝা অসাধা, কিন্তু তবু এইটুকু জেনে রাখুন—আজকের এই ভয়ানক ভাক্তেমণ সেই গোবিন্দলালেরই কীর্ত্তি। গুণ্ডাব দল জ্টিয়ে সে এসে।ছল আপনাকে আর অনিতাকে খুন করতে। কিন্তু সে হতভাগা জানে না যে, দস্থা-সন্দার ভেজশঙ্কবের চর সর্বব্রেই আছে। তার চোখে ধুলো দেওয়া মানুষের সাধ্য নয়।"

বিশ্বয়ে আণ্ট হয়ে গেলাম। দ্যাল বলে কি! সে কি ভবে দ্ব্যুর দলে নাম লিখিয়েছে। সে কি সেই বিখ্যাত ডাকাতের দলভুক্ত। ভয়ে ভয়ে আবার জিজ্ঞেস কবলাম:

"তেজশঙ্কর ? সেই নামজাদা ডাকাত-সর্দার ? কি কলছিস্ তুই দয়াল ? সেই ডাকাতের দলই কি আমাদের আজ বাঁচালে ?"

দয়াল এবার খিল্ খিল্ করে হেলে উঠ্লো। উত্তর করলে— "হাা, মা। দে আজ নিজে এসেছে তার কথঞিং ঋণ শোধ করতে। পা!পষ্ঠ গোবিন্দলালের মুগুটা দে নিজের হাতেই তার ধৃদ্ব থেকে পৃথক করে দিয়েছে। আপনার উপর আর কোন অত্যাচার দে

করতে পারবে না। এখন বলুন মা। তেজশঙ্করের মাতৃঋণের এক কণাও কি এতে শোধ হয় নি ?"

কি উত্তর দেব, তা বুঝতে পারলাম না; কারণ, তার কথাগুলো তখনও আমার মনে হচ্ছিল যেন হেঁয়ালী! শেষে সে-ই অল্প তু'চার কথায় আমার সন্দেহ মোচন করে দিলে। তারপর আমাকে প্রণাম আর অনিতাকে আশীর্কাদ করে ঝড়ের মত সে উধাও হয়ে গেল!

সেই থেকে আজ পর্যান্ত তার আর সাক্ষাং পাই নি। কিন্তু তার অন্তুত কীর্ত্তির কথা নিত্য-নতুন বর্ণনার রূপ ধরে সারা দেশবাসীর ও সেই সঙ্গে আমারও কানে এসে বাজছে। স্বাই সমন্বরে বলছে—তেজশঙ্কর একটা মহাপাপী, তেজশঙ্কর খুনে, তেজশঙ্কর নব-সমাজের মহাশক্র। কিন্তু আমার সেই ধর্মছেলে দয়'ল দেশ-বিদেশের হীন, দরিদ্র, অনাথ, অস্থায় আর অত্যাচার-পীড়িত্বদের 'দ্যাল দাদা' হয়ে হাজার হাজার লোকের শ্রন্ধা, ভক্তি আর আশীর্কাদ কুড়িয়ে বেড়াছে, এ কথা কেবল আমিই জানি।

অনিতা মিথো বলে নি বাবা! সামিও শপথ করে বলতে পারি যে, তার কথার একটা বর্ণও মিথো নয়। দয়াল যাই করুক, স্নে নিজের জন্ম কিছুই করে না। সে নিজে যেমন হতভাগা ছিল, ঠিক ডেমিই আছে। আগেকার মত আজ্ঞ মানুদের সংসারে তার ঠাই নেই—দেশের লোকের ঘরে তার আশ্রয় নেই। বরং মানুষ-সম্পদ্ধের দৃষ্টি এড়াবার জন্মে বনে ও জঙ্গলে সে ঘুরে বেড়ায়—ভাও একস্থানে স্থির হয়ে সে থাকতে পারে না। ভোগ নেই, বিলাস নেই, আরাম-বিশ্রামও তার ভাগ্যে কথনো জোটে না, তবু সে হাজার হাজার

লোকের দয়াল দাদা—সে দীন-ত্রুখীর মা-বাপ। শুধু এইটুকু জেনে আমি তার সব অপরাধের কথা ভূলে গেছি, তাকে ঠিক আগেকার মত স্নেহের চোখেই দেখে আসছি। অপরাধের মধ্যেও—সে মহৎ, সে মহান্তভব।

সে আমাব ধর্মছেলে, তবু তার সঙ্গে আমাদের কোন রকম সংস্রবের কথা প্রকাশ করবার নয়। তুমিও স্বতঃপ্রবৃত্ত হয়ে জিজেস না করলে তার কথা কিছুই জানতে পারতে না। এখন যেটুকু জানলে, তাও আমাদের সকলেবই জন্যে তোমাকে গোপন করতে হবে। প্রথমেই তাই বলেছিলাম যে, সে একটা ঘ্রছাড়া, পথহারা লোক। তার কথা জানবার চেষ্টা না করে তোমার পক্ষে নিজেব কাজ করে যাওয়াই কর্ত্তব্য।"

শৃঞ্জামাতার সব কথা শুনে আমাবও যেন কেমন একটা শ্রদ্ধা এসে গিয়েছিল দয়াল দাদার উপর। লোকটা তা হ'লে বাস্তবিকই অতি অসাধাবণ। কিন্তু কেমন করে সে সেই হীন অবন্ধা থেকে এতবড় একটা দন্যা-সদ্দাব হ'য়ে উঠলো, তা আমি কিছুতেই ধারণা করে উঠতে পাবলাম না। আরও ব্যুতে পারলাম না যে, তার এই নৃশংস দন্যাতার উদ্দেশ্য কি! সত্যই কি সে এমন অন্তৃত আত্মপ্রবঞ্চক? সতাই কি সে আপন ভোগস্থাথর প্রতি এমন উদাসীন! কেবল মাত্র দেশের দীন-ছঃখীদের সাহায্য করবার জ্বন্যেই কি সে ধনিক সম্প্রদায়ের বিক্তমে এতবড় অগরাধ দীর্ঘকাল ধরে করে আসছে?

যা হোক তথনকার মত দয়ালের সম্বন্ধে বেশী কিছু জানবার কৌতৃহলকে দমন করতে হ'লো। দেশবিখ্যাত দস্মা-সদার

তেজাশক্ষরই যে সেই দয়াল দাদা, একথা শোনবার পর কারই বা দাহার হ'তে পারে তার দম্বন্ধে অনুসন্ধান ক'রে বেড়াতে ! সর্বকারের বিরাট পুলিস-বিভাগ যে-কাজে হার মেনেছে, আমার মত একটা নগণ্য লোকের সাধ্য কি যে, সে-কাজে এক পাও এগোয় ! কাজে-কাজেই শ্বক্রামাতার উপদেশ মেনে নিয়ে নিজের কাজে মন দিতে হ'লো।

এর তু'বছর পরেই ঢুকলাম চাকরীতে। পুলিশ-বিভাগে মাথা গলিয়েই পদোরতির পর পদোরতি। শেষে আরও তু'বছর যেতে না যেতেই হয়ে গেলাম এলাহাবাদ সেন্ট্রাল জেলের 'জেলার'।

দিন যায়। দেখতে দেখতে আমার চাকরীর চার বছব হয়ে গেল। এর মধ্যে তেজশঙ্করের অনেকগুলো লোমহর্ষণকর নৃশংস ডাকাতি আর নরহত্যার কাহিনী আমার কানে এসে, ছিল। দারা দেশের ধনিক মহলে পড়ে গিয়েছে একটা মহা আতত্তের দাঙা। পুলিস-বিভাগের বড় বড় কর্ম্মচাবীদেব চক্ষু একেবারে ঘোলাটে হয়ে গেছে! ভারা না পারে কোন বিছু বিনারা করতে, না পারে কৈফিয়ুৎ দিতে।

এদিকে ছোট-বড় সব রকমের খবরের কাগজগুলিতে জ্বালাময়ী ভাষায় তুকান বয়ে গেল! যতই বড় বড় লোকের হত্যাকাও ঘটে, ভতই তাদের আক্ষালন বেড়ে যায়। বড় বড় শব্দ আর সম্বা লম্বা বজ্তার সাহায্যে ভারা প্রভ্যেক বীভংস ঘটনাকে শতগুণ বীভংস করে ভোলে, আর সেই সঙ্গে পুলিস আর সরকারকে খুচিয়ে খুটিয়ে অভিষ্ঠ করে দেয়।

রং পুরের রাজা-উপাধিধারী জমিদার হুর্গাশঙ্কর চৌধুশীর হত্যা,

মগুরভঞ্জের কোটীপত্তি মহাজন হরদেওলাল গিধাড়িয়াকে খুন জার পঞ্চাশ হাজার টাকা লুট প্রভৃতি গোটাকতক বড় বড় খুনিয়ে শুধু সংবাদপত্রওয়ালারা কেন, বাংলা, বিহার ও উড়ি: জনসাধারণ এবং সেই সঙ্গে পুলিস-মহলের পর্যান্ত আহার-নিজ্ঞাকরকম ঘুচে গেল।

আমি নিরী সমানুষ্টির মত জেল দীমানার মধ্যে থেকে জেলের ভয়ার্ডার আব কয়েদীদের নিয়ে ডিউটি বজায় রাখি আর শুনে যাই দ্যাল দাদার নিত্য-নৃত্ন নৃশংস্তার কাহিনী।

ভাবে, কি আশ্চর্যা তাব শক্তি! কি অন্তুত সাহস! লোকটা শুধু দস্থা নয়—সে বোধ হয় একজন অলৌকিক শক্তিসম্পন্ন যাহুকর। নইলে এত দীর্ঘল যাবং ভারতবর্ষের নানা স্থানে এমন গ্রহাচার কবেও নিজের দলবল নিয়ে সে এমন নিখোঁজ ভাবে সায়গোশন করে থাকে কি প্রকারে গু

অংশেষে সরকার বাহাত্রের টনক বেজায় রকম নড়ে উঠ্লো। ব্যান্ত বান কিছে বিদ্যাল করে। কাজ্বার হাজার হাজার টাকা পুরস্কার ঘোষণাও হয়ে গেল। ধরপাকড় আর খানাতল্লাসী সুরু হলো একদম বেপরোয়াভাবে।

প্রত্যহ দলে দলে লোক আসামী-সন্দেহে ধৃত হয়ে নান। ৬েলের হাজত-ঘরে পচতে লাগলো। পুলিসের সন্দেহ যে, তারা তেজশব্ধরের গুপ্তদলের সঙ্গে সংশ্লিষ্ট, না হয় তারা দম্যুদলের সব তথ্য জেনেও গোপন করে যাচ্ছে।

ভাদের মধ্যে অধিকাংশ গরীব চাষী, মঞ্কুর বা নীচ জাভীয়

তেজ্ঞা। বাঙ্গালী, বিহারী, উড়িয়া, হিন্দুস্থানী, সাঁওভাল, বুনো—
সাস্থ ভাবে ধরা পড়ে হাজত-ঘরে এসে বস্তাপচা হতে লাগল।
স্থারপর আরম্ভ হ'ল, স্বাকারোক্তি আদায়ের জন্ম নানা রকম
চেষ্টা! কিন্তু আশ্চর্যাের বিষয় এই যে, কিছুতেই ভাদের কাছ
থেকে তেজশঙ্কর বা ভাব দলের কোন খোঁজ-খবরই পাওয়া গেল
না। ভাদের কাছ থেকে এইটুকু শুধু জানা গেল যে, ভারা
দম্যাপতি তেজশঙ্করের কিছুই কানে না, কিন্তু দয়াল দাদাকে
মূর্ত্তিমান্ করুণার অবভার বলেই ভাবা মনে করে।

দয়াল দাদা তাদের তৃ:খের তৃ:খী, ব্যথার ব্যথী, বিপদের বন্ধু, তাদের সকলেরই মা বাপ। দয়াল দাদা কোথায় থাকে, কি করে, তা তারা জানে না, তবু বিপদ আপদের সময়ে তার সাহায্য আসে ঠিক দেবতার দানেবই মত। দয়াল দাদার অপূর্বে দানশীলতা না থাকলে অজনায়, ত্রিকে, জমিনারের অত্যাচারে ও অক্য অনেক বিপদ-আপদে গরীব তৃ:খী লোকদের বেঁচে থাকাই কঠিন হয়ে ইণ্ডাতো।

জেলখানার নানা কপ্তে ও মানসিক ছশ্চিন্তায় কাতর হয়ে, বন্দীদের কেহ কেহ মরেও গেল ; কিন্তু তবু দম্যা-সদার তেজশঙ্কর বা তার দলবলের সম্বন্ধে একটা কথাও কেউ বল্ল না।

কে জানে, তার কারণ কি ্ প্রকৃতই অজ্ঞতা,—না কৃতজ্ঞতা প

ভিন

ব্ঝলাম দয়ার অবতার দয়াল দাদার কি অসামাক্ত প্রভাব এই সব দীন-দারন্ত, অসহায় হতভাগ্যদের উপর! অথচ দেশেব অত্যাচারী ধনিক সম্প্রদায় তার নামে থরহারি কম্পমান! দম্মাব ছামবেশে এ তবে কেমন লোক?

তেজশঙ্করের সম্বন্ধে তাই একটা উৎকট অনুসন্ধিংসা জেগে রইলো আমার মনে। লোকটা অসাধারণ অনেক বিষয়েই, কিন্তু সে তার অসামান্ত দক্ষতা আর মনোভাব নিয়ে এমন ম্বণিত পথটাই বা বেছে নিলে কেন? স্থান্যর বিরাট প্রসারতা নিয়ে এমন স্কদ্যহীনতার কাজ যে করে যেতে পারে, তার ব্যক্তিষের বৈশিষ্ট্য কিছুতেই বুঝে উঠতে পারলুম না।

যাক্। ধরপাকড়, জুলুম সমান ভাবেই চঙ্গতে লাগলো। আসল ডাকাতের সন্ধান না পেয়ে, দলে দলে নকল ডাকাতদের চালান দেওয়া হতে লাগলো, তেজশঙ্করের দলস্থ লোক বলে। দেখে-দেশে গরীব, হুংখী, চাষী, মজুর আর বেকারদের মহলে হাহাকার পড়ে গেল।

এর পরেই হঠাৎ একদিন আশ্চর্য্য ব্যাপার! দেশবিদেশের জনসাধারণ হঠাৎ চঞ্চল হয়ে উঠলো। সংবাদপত্তের স্তন্তে স্তস্তে বড় বড় হরপে ছাপা হয়ে বেরুলো এক অভাবনীয় সংবাদ! পুলিস-মহলের কি ব্যস্তভা! কি হুলুস্থূল! সঙ্গে-সঙ্গে সঙ্গীনের খোঁচার মত আমার কানে এসে বাজলো দস্যু সন্দার ভেজশক্ষরের ধরা প্তবাব সংবাদ।

বিশ্বাস করতে পারলাম না। মনে হ'লো এটা কাগজ-ওয়ালাদের কারসাজি। তেজশঙ্কর ধবা পড়বে পুলিসের পক্ষে এতবড় একটা অসাধ্যসাধন কি সম্ভবপর গ

সন্দেহের মীমাংসা হয়ে গেল ঠিক পর্রিদনই। বিশ্বস্ত-সূত্রে জানলাম যে তেজশঙ্করকে ধরার সৌভাগ্য কারও হয়নি। সে নিজেই এসে ধবা দিয়েছে জেলাব মাজিপ্রেটের কাছে। বহুসংখ্যক নিরীহ লোককে পুলিসের অযথা অভ্যাচাব থেকে বাঁচাবার জন্মেই নাকি তার এই আত্মসমর্পণ

স্তম্ভিত হযে গেলাম। দস্থা-সর্দারের প্রতি শ্রদ্ধায় আমার মাধ।
নীচু হয়ে পড়লো। শ্বশ্রমাতার সেদিনের সেই কথাগুলি ছাপার
অক্ষরে আমার চোখের সম্মুখে যেন ফুটে উঠ্লো—"অপরাধী সে
হতে পারে;—তব্ তার সেই হাজার অপরাধের মধ্যেও সে মহং—
সে মহানুভব।"

সেই তেজশঙ্কর ৷ সেই আমার স্ত্রী অনিতার দয়াল দাদ:— আমার পূজনীয়া শঞামাতা ঠাকুরাণীর ধর্মছেলে দয়াল !

যাহোক্ সুদীর্ঘকাল মামলা চল্বাব পর দস্মাসন্দার ভেজশঙ্কবের একটা যবনিকাপাত হয়ে গেল। বিচারে তার ফাঁসির হুকুম হ'ল— এবং এলাহাবাদ হাইকোর্টের শেষ বিচাবেও তার সাজা অকুপ্পরয়ে গেল।

তেজশঙ্করের ফাঁসি হবে—কাল সেট ফাঁসির তারিখ। ফাঁসির প্রত্যাশায সে আমাদেরই এই জেলের লৌহঘেরা হাজত-ঘরে বন্দী হয়ে আছে।

হাতে হাতকড়া, পায়ে লোহাব বেড়ী আর কোমরে লোহাত

মৃত্যুপধের ষাত্রী

শিকল পরা, চার-পাঁচজন সঙ্গীনধারী প্রহরী-বেষ্টিত অবস্থায় প্রথম যে দিন তাকে এই জেলে আন। হ'লো, সেইদিনই তাকে দেখে আমি যারপরনাই স্তম্ভিত হয়ে গিয়েছিলাম।

একি! এই সেই দ্যা-সমাট ? ফুট্ফুটে গৌববর্ণ, লম্বা-চওড়া চেহারা, বিশাল বক্ষ, পেশীময় বাহু, প্রশস্ত ললাট আর টানা টানা বড় বড় ছটি চোখ—কোন রাজা বা বাজপুত্রেবও এমন ফুল্বর আকৃতি হয় কিনা সল্বেহ!

কঠিনতম অপরাধের আসামীস্থকপ লোহার বাঁধনে বদ্ধ হস্তপদ অপরিহার্য্য মৃহ্যুদণ্ডে দণ্ডিত হবাব জন্মে হাজত ঘরে যাকে টেনে নিয়ে আসা হচ্ছে, তার উদ্বেগশৃত্য প্রশাস্ত মৃথপ্রী দেখে আশ্চর্যা হয়ে গেলাম। জেলের ভয সবার হয়তো নাও থাকতে পারে, কিন্তু চরমদণ্ড ফাঁসি তার একমাত্র স্থাবচার তা জেনেও এমন অন্যুদ্ধ এমন অবিচালত কেউ থাকতে পারে, সে কথা তখনও আমি বিশ্বাস করতে পারিন।

শুনলুম হাইকোর্টের বিচার শেষ হয়ে গেলে, জজ সাহেব গন্তীর স্বরে আসামীকে যখন তার মৃত্যুদণ্ডের আদেশ শুনায়ে দিলেন, ভেজশঙ্কব তখনও নাকি একদম পাথরের মত স্থির হয়ে দাঁডিয়ে ছিল। তার মুখেব সুন্দব রঙ্ একটুও বিবর্ণ হয়নি। একটা রেখাও ফুটে ওঠেনি তার কপালে। যেন তার কাছে মৃত্যুদণ্ড একটা দণ্ডই নয়। সে যেন একটা ছেলেখেলা।

বিচার শেষে তা'কে যেদিন জেল-হাজতে ফিরিয়ে আনা হয়, আমি সেদিন তার সঙ্গে সাক্ষাং করতে গিয়েছিলুম। কথায় কথায়

ভাকে আমি বলেছিলাম, আমার খঞ্জনপুরের শশুবালযের কথা। আমি যে অনিভার স্বামী সে কথা শোনবার সঙ্গে সঙ্গে তার বড় বড় চোখ হটে। একবাব ক্ষণেকের জাতা দীপ্ত হয়ে উঠে আবোব পূর্কের মত স্বাভাবিক হয়ে গেল। কিন্তু সে ভা'তে কোন উত্তর দিলেনা।

আমি অনেক কথাই বলে গেলাম। তার অসাধারণ ব্যক্তিই, তাব তপূর্বব আত্মতাাগ, আর সেশ কাবণে সরকার তবফের লোক হয়েও তাব প্রাত আমার অসাম শ্রদ্ধা। সব কথা অকপটভাবে বলবার পর আমে তাকে অনুরোধ করলাম তার অপূর্বব জীবনচবিত আমাকে শোনাতে।

সাধারণ গৃহস্তের ছেলে হয়ে, কেমন করে, কিসেব জন্তে সে এই তুর্গম পথের যাত্রী হয়ে পডলো, আর কোন বিচারেই বা সে দেশের ধনিক মহলেব সর্ক্রাশ করে, অসভ্য, অশিক্ষিত, দীন-দরিদ্রেব যথাসাধ্য পোষণ করে যেত ; আর স্বশোষে এই তরুণ বয়সে স্বেচ্ছায় সরকারের হাতে আত্মসমর্পণ করে এমন ভাবে সে ভার নিজের মৃত্যুই বা ভেকে আনলে কেন, এইসব অনেক কথাই আমি ভার কাছে জানবার আগ্রহ প্রকাশ করলাম।

স্থিরভাবে আমার সব কথা শোনার পর একবার সে একটু মূচ্কে হাসলে। ভারপর বল্লে:

"বুঝেছি তোমার আগ্রহট। সভিত্রারের। আমার সব কথা জানায় যদিও ভোমার কোন উপকার নেই তব্ও ভোমার এমন একটা ঐকান্তিক আগ্রহকে একেবারে উড়িয়ে দিতে পারি না।

অক্ত কেউ হলে নিশ্চয়ই তার এ অন্তরোধ আমি মানতাম না। কিন্তু তুমি অনিতাব স্বামী—সামার পর নও।

মরতে আমি চলেছি। মামার অপরাধের চরমদণ্ড ফাঁ। দিই আমার যোগা মৃত্যু। এ মবণ আমি স্বেচ্ছায় মাথা পেতে নিচ্ছি — কাবণ এই মরণই আমার প্রায়শ্চিত।

আমাব জাবন-রহস্ত তোমার কাছে কৌতৃহলের বিষয় হলেও তা ভোমাব শ্রুতি-মধুর হবে না। তবু যখন আগ্রহ তোমার হয়েছে—বেগ তা হলে আজ নয়—কারণ, আমার জগতের সব সম্পর্ক কাটিয়ে চলে যাবার এখনও কয়েকটা দিন দেরী আছে।

আমার ফাঁসির দিন ২৪শে এপ্রিন্স। তার আগের দিন রাতেই আমি ভোমার সব কোতৃহল মিটিয়ে দেব। ২৩শে এপ্রিল বাত ত্বপুরেট আমি আমার জীবন নাটকের যবনিকা তুলে ধরবো তোমান চোখের স্থমুখে। তাতে তুমি সম্ভষ্ট হও—বেশ।"

হাজ দেই ২৩শে এপ্রিল। আমি তুপুর রাতের প্রতীক্ষায় এতক্ষণ চুপ কবে পড়ে ছিলাম অফিস-ঘরে একটা আরাম কেদারার উপরে। বারোটা বাজতেই আমি ধীরে-ধীরে উঠে পড়লাম। ভাবপব জেলখানার ভিতরে চুকে, চল্লাম ভেজশঙ্করের হাজত-ঘরের দিকে।

দোতলার ঠিক মাঝখানটিতে মোটা মোটা লোহার গরাদে-দেওয়া অনতিপ্রসর একটা ঘর—লোহার গরাদেগুলোর স্থমুখে আবাব একপ্রস্থ 'কোলাাপ্সিব্ল্' গেট্! হাজত ঘরটি এত সুদৃঢ

থাকা সত্ত্বেও তেজশঙ্কবের মত অদাধারণ আদামাকে তার মধ্যে আটক রেখে নিশ্চিত বাকা চলে না। উপরওয়ালাদের আদেশে তার বদ্ধঘারের সম্মুথে তার্গ একটা সঙ্গীনধারী প্রহরীকে মোতায়েন থাকতে হয়েছে।

লোহার ছ্য়াব পুলয়ে বর'বব তাব ভিতরে গিয়ে ঢ়কলাম। তেজশঙ্কর মেঝেতে লম্বা হ'বে শুয়ে ছিল। আমি যেতেই সে উঠে বসলো। আমার আদেশে প্রহরী একটা পাঞ্-লাইট এনে গেটের স্বমূথে রাখলে। ঘবেব ভিতরটাও তাতে বেশ আলো হযে উঠ্লো। ক্য়েদীদের বাবস্তুত একটা কম্বল মেঝেয় পেতে আমি দেয়াল ঠেস দিয়ে বসে পড়লাম।

তেজশঙ্কর কিছুক্ষণ স্থির দৃষ্টিতে আমার মুখের দিকে চেয়ে বইলো। তার বড় বছ চোখছটিতে দস্যুব কদ্রভাব একেবারেই নেই। কি প্রশান্ত, কি অন্তর্ভেদী সে দৃষ্টি! আমার বোধ হলো যে, সে আমার অন্তবেব অন্তন্তনটি পর্যান্ত লক্ষ্য কবে দেখছে যে সেখানে কৃত্রিমতা বা ছলনা কিছুমাত্র আছে কি না!

বোধ হয় সে আমাব ভিতবে আপত্তিজনক কিছুই দেখতে পার্মান, সম্ভবতঃ সে আমার আন্তরিকতায় কিছুমাত্র সন্দেহ করেনি। কারণ, পরক্ষণেই তাব মুখটি বেশ প্রান্ম হয়ে উঠলো। বোন রকম ভাণতা না কারই সে তার অদ্ভূত জীবনতারত বলে যেতে লাগলো বেশ ধাব আর গন্তীবভাবে। আমিও একমনে তাই শুনতে লাগলাম।

চার

তেজশঙ্কর বলতে লাগলো:

বাংলার মধ্যে শক্তিপুর একটা গগুগ্রাম। গ্রামটা বেশ বড় ব'লে ইতর, ভদ্র, ধনী, দরিজ, হিন্দু, মুসলমান মিলিয়ে প্রায় আড়াই-শো ঘর লোকের সেখানে বাস।

গ্রামের মধ্যে আমরা থুব পুরোণো বংশ—যদিও ঘরোয়া বিবাদের ফলে "ভাই ভাই, ঠাঁই ঠাঁই" হওয়াতে বর্ত্তমানে আমাদের জ্ঞাতি-গোষ্ঠীর মধ্যে কারও অবস্থা তেমন ভাল নয়। তবু বনেদী বংশ বলে গ্রামে আমাদের একটু খ্যাতি আছে।

আমার বাবা ছিলেন ভারী একগুঁরে প্রকৃতি আর চড়া মেজাজের লোক। সেই জন্মে গ্রামের অনেকেরই সঙ্গে তাঁর মোটেই বনতো না। ঠিক একঘরে না হ'লেও, পল্লীর গৃহস্থেরা আমাদের সঙ্গে ডেমন মেলামেশা করত না।

আমি ছিলাম বাবার প্রথম পক্ষের একমাত্র সন্থান। মা মারা যান আমার জন্মের পক্ষকাল পরেই। তারপর তিনমাস যেতে না যেতেই বাবা আবার বিয়ে করেছিলেন। কাজেই আমার সংমাকেই আমি জেনেছিলাম মা বলে।

শৈশবের কথা বিশেষ কিছু আমার মনে নেই, কিন্তু অল্প জ্ঞান হ'তেই বুঝতে পেরেছিলাম যে, আমার মা আমার উপর আদে। সম্ভষ্ট ন'ন—তিনি বরং আমার ছোট বোনটিকেই ভালবাসেন খুব বেশী।

দিনরাত তিনি তাকে নিয়েই ব্যস্ত এবং আমাকেও তিনি সর্বদা ব্যস্ত করে তুলতেন তার জন্ম। কিনের সময় ঠিকমত খাওয়া ছে। মিল্তোই না, উপরস্ত কথায় কথায় ভংসিনা আর শাসন করতেন পুরোমাত্রায়।

বাবা কোথায় কি কাজ করতেন জানে না, তাে তািম অধিকাংশ সময়ই থাকতেন বাইরে আর তাঁকে থুব বেশী পরিশ্রম করতে হত। কর্মফ্রান্ত দেহে ঘবে ফিরলেই তাঁকে মায়ের কাছ থেকে কেবলই আমার বিরুদ্ধে অজস্র নালিশ শুনতে হ'ত।

বাবা প্রথমে কিছুকাল ত'েক মবিচ লত 'ছলেন, আমাকে তু একটু গালমন্দ বলে চেপে যাবাব চেটা করতেন। কিন্তু ক্রেমাগত নালিশের ফলে তাঁর স্নেহশীল মনটা মবশেষে আনক পরিমাণে বিগ্ডে গেল। কাজেই তাঁর কাছেও আদবেব পরিবর্তে অনাদরেব ভর্মনা সইতে হতো রোজই।

এইভাবে শৈশব থেকেই আমি স্নেহের আস্বাদ থেকে বঞ্চিত হলুম। অথচ আমার আর আমার সেই এক টুখানি বোনটির প্রতি বাবা ও মায়ের বাবহারের পার্থক্য সহজেই উপলান্ধ কবতে পারভাম। তার নানারকম আদর ও যত্ন আর আমার নিতা নানা দোবদর্শন, তাংনা, অযত্ন ও কথায় কথায় অনাহার-দণ্ড শৈশব হতেই আমার মনের আলোর রেখাগুলো এক এক করে মুছে দিয়ে তার জায়গায় অন্ধকার এনে ভরে দিতে সুক্ত করলে।

শিশুর জীবনটি যে কেবল শাসন আর তাডনা তাতে আনন্দ পাওয়ার মত কিছুই নেই, আছে শুধু পদে পদে কত কি অজানা বিপদের ভয়, এইটুকু উপলব্ধি করার সঙ্গে সংজ বাবা আর মায়ের

উপর আমার ভালবাদার টান বলতে তো কিছুই রইলো না, অধি-কন্ত তাঁরা হয়ে উঠলেন আমার কাছে মহা ভয়ের বস্তু।

পাঁচ বছর পূর্ণ হবার পর হ'তেই পাঠশালায় যেতে স্থক করলাম। কিন্তু দে যাওয়া কেবল একটা নিয়ম রক্ষা করা মাত্র। পড়াশুনার সময় বা স্থাবিধা মিলতো না বলে পড়া তৈরী আমার কোন দিনই হ'ত না; কাজেই কড়া শাসন সেধানেও আমার নিত্য সঙ্গী হ'য়ে উঠলো।

আগে শুধু ছোট বোনটি ছিল আমার নানা কপ্টের কারণ।
কিন্তু পাঠশালায় ভর্ত্তি হবার ঠিক পরেই আর একটি ভাই এসে
উদয় হ'লেন আমার নিগ্রহ বাড়াতে। সবে পাঁচ-ছয় বছরের বালক
হ'লেও, আমারই স্কন্ধে চাপিয়ে দেওয়া হ'লো সেই একট্থানি
শিশুর পাহাড়-প্রমাণ ভার।

তাকে চৌকি দেওয়া, কোলে নেওয়া, কান্নার সময় ভোলানো, সামলানো—এমন কি অনেক ঘূণ্য বা আপত্তিজনক কাজও আমার কর্ত্তব্য হ'য়ে দাঁড়ালো। বোনটির ভার তো আছেই! ফলে পাঠ-শালার পড়া তৈরী করা আমার দারা আর হয়ে উঠতো না।

ভাগ্যগুণে আমাদের গুরুমশাইটিও ছিলেন একজন কসাই-বিশেষ। তাঁর অঙ্গ-সোষ্ঠবের জটিলতা দেখে, দয়া, মায়া, মমভা প্রভৃতি তাঁর মধ্যে বাসা বাঁধতে সাহস করেনি! তাঁর আগ্রহ বিলক্ষণ প্রকাশ পেতো পড়ুয়াদের নিগ্রহের বেলায়। কাজেই পড়ানোর চেয়ে পেটানোর কাজটাতেই তিনি ছিলেন অশেষ দক্ষ।

বাড়ীতে পড়া তো হ'তে'ই না—খাওয়াও জুট্তো না সব দিন,

অবশ্য বকুনি, খিঁচুনি, আর চড়-চাপড় ও কাণমলা ছাড়া; কাপ্লেই কাদতে কাঁদতে আর চোখ মুছতে মুছতে অভ্ৰুক্ত অবস্থায় যেতে হ'তো পাঠশালায়। সেখানেই বা পড়া না হওয়ার কৈফিয়ং শুনবে কে ? কাজেই খেজুর-ডালের ছড়ি আর কাঁচা কঞ্চির দাগে পিঠ আর কাঁধ ভরিয়ে নিয়ে ক্ষিদে-তেষ্টার কথা ভূলে যেতে হতো।

তাতেই বা নিষ্কৃতি কই ? পড়াগুনায় অমনোযোগের অভিযোগ বাবার কানে উঠ্তো প্রায়ই। আসল কর্ত্তব্যে কিছুমাত্র লক্ষা না থাকলেও অভিভাবকদের কাছে পড়ুয়াব অবহেলার অভিযোগ করাটি গুরুমশাই তাঁর প্রধান কর্ত্তব্য বলে মনে করতেন। তাড়ে তাঁর স্থনাম-বৃদ্ধি তো হ'তোই সঙ্গে সঙ্গে অভিভাবকেরাও তাঁদের ছেলেদের প্রতি মনোযোগী হ'য়ে ওঠবার সুযোগ পেতেন।

গুরুমশাইয়ের নালিশ শুনে বাবা প্রথমে কয়েকটা দিন আমাকে থুব ভং সনাই করেছিলেন, আর বেশীদ্র এগোননি। কিন্তু আমার বিমাতা তাঁকে ক্রমশঃ বৃঝিয়ে দিতে লাগলেন যে, আমি একটা মহা অবাধ্য, অকর্মণা, আর বেজায় হিংসুটে ছেলে। আমার গুণ বলতে কিছুই নেই—আছে কেবল নানা দোব আর রাক্ষদের দৃষ্টি। পড়ায় আমার মন নেই, চেষ্টা নেই, গ্রাহাও নেই এতটুকু। আমি একটা কুলাজার। বংশের নাম ডোবাতেই আনি তাঁদের ঘরে এদে জন্মছি। আমার নিত্যকার নানা হিংসুটেপনা আর শিশু ভাই-বোনদের উপর অত্যাচারের কর্দ্ধ তিনি বেশ করে বাবার সম্মুখে দেখিয়ে দিতে লাগ্লেন।

ক্রমশ: বাবাও এতে বদূলে গেলেন। তিনি স্বাক হযে যেতেন সার ভাবতেন—"তাইতো। এই বয়সেই এমন। এ

ছেলে বড় হলে হবে কি ? আমাদের ই বৃকে হয়তো কোন্দিন এ ছুরি বসিয়ে দেবে। কি করা যায় একে নিয়ে ?"

কাজেই তাঁকে রীতিমত মনোযোগী হতে হ'তো আমার অমনোযোগ দূর করতে। ফলে ওই অল্প বয়সেই এক একদিন আমার প্রাণ-বিয়োগের উপক্রম হ'য়ে উঠতো।

শৈশব আর বাল্য এই ছুটো কাল্পই প্রত্যেক মান্তুষের জীবনের আসল সুথের আর আনন্দের কাল। ভাবনা নেই, চিস্তা নেই, নিজের দিকে চাইবার কোন প্রয়োজন নেই। সে সবকিছু ভাবনার ভার বাপ-মায়ের—যাদেব স্নেহ, যতু আর আদর না চাইতেই পাওয়া যায়—'চাই না' বল্লেও নিস্কৃতি নেই; যেন তা পেতেই হবে, পাওয়া চাই! চাওয়া আর পাওয়া তথন জ্ঞোরের আবকার। 'চাই' বল্লেই দিতে হবে, 'পাইনি' বল্লেই বাপ-মায়ের মনঃকষ্ট বাড়ে, তাঁদের স্থায়্য দেনা দেওয়া হয়নি বলে। পৃথিবীটা তথন তার জ্ঞমিদারী। বাপ-মায়ের স্নেহই তার সে জ্ঞমিদারী ভোগ করবার বিধিদন্ত সনদ।

সে শৈশব বা বাল্য আমার জীবনে বোধ হয় আসেনি। সে অধিকার আমি পাইনি কোনদিনই। শাসনকেই আমি স্নেহ, আর তাড়না-ভর্মনাকেই যত্ন আদর বলে ভাবতে শিখেছিলাম। বাবা আর মায়ের সংস্রব মধুর ব'লে একদিনও আমার বোধ হয়নি। বরং তাঁদের দেখলেই আমার ভয় হ'তো পাছে আবার কোন অজানা অপরাধের জন্য নিগ্রহ সইতে হয়।

দোষ-গুণ কাকে বলে, ঠিক বুঝতে পারতাম না। যা কিছু করতাম, সবই হতো দোধের। কিছু না করলেও সেটা দোধের

হয়ে দাঁড়াতো। তাই দোষগুণের বিচার করবারও প্রবৃত্তি আসতো না। নিজেকে সংশোধনের কোন ইচ্ছাই হ'তো না আমার মনে। জানতুম দোষ করবোই—তবে না করেই বা নিস্তার কই ?

মাঝে মাঝে ভাই-বোন ছটির সঙ্গে আমার নিজের অবস্থার তুলনা মনে জেগে উঠ্ভো। তাদের আদর-আপায়ন, তাদের প্রতি বাবা-মায়ের স্নেহ-যত্ন, আমার দৃষ্টি এডাতে পারতো না। বালক হ'লেও আমি তাতে হিংসা বোধ কখনো করিনি, কিন্তু তবু আমার নিজের ছোট্ট বুকটিতে বাথা যে বাজতো না, সে কথা বলতে পারি না। কন্ত কিছু হ'তোই। কিন্তু গোপনে ছ-একটা দীর্ঘনিঃশ্বাস ফেলে আমি সে কন্ত ভোলবার চেন্তা কবতাম।

কিন্তু দোষ-গুণ বিচাবের পার্থকাটা আমার সহা হ'তো না। তারা বড় রকমের কিছু অস্থায় করলেও, মায়ের চোখে দোষ বলে তা ধবা পড়তো না। এমন কি তাদের অস্থায় কাজের দোষটাও চাপতো এসে আমার ঘাড়ে—অথচ আমি যে কখনো তেমন কাজ কিছু করেছি, সে কথা আমার মনেই পড়ে না।

ক্রমে যেন আপনা হ'তেই আমার মন একটু একটু করে বিদ্যোগী হয়ে উঠাতে লাগলো! বাবা আর মাকে ভয় করতাম খ্বই—বি ন্তু সে ভয়ও যেন ক্রমেই কমে আসতে স্কুক করলে। নিজের প্রতিই আব গ্রাহ্য আসে না, তা ভয়কে গ্রাহ্য করবো কার জন্মে দ শাসনের সম্বন্ধ গায়ের সঙ্গে। গায়ের ব্যথার ভয়েই তাকে ভয়। শাসন গা-সওয়া হ'য়ে গেলে তাকে আবার ভয়ট। কিসের দ শাসন যত বাড়ে, ভয়ও তত কমে, আর সঙ্গে সামার মনও ততই বাপ-মায়ের উপরে ভিক্ত হয়ে উঠতে লাগলো।

AND.

বাল্যটাই মান্তবের জীবনের মহা মূল্যবান্ কাল। ভবিষ্যুং
মন্থ্যুথ বা পশুত্বের বীজ মনের উর্বের জমিশে বপন করা হয় এই
সময়েই। যেমন বীজ বুনবে, পরে ফল পাবে সেই মতই। কিছু
না বোনো তো, জমিটা কাঁটা গুলা আর আগাছায় ভরে উঠবে।
যে জমি যত উর্বের, চাতে ভাল বা মন্দ যেটাই জন্মাক্, জন্মায় তা তত
প্রচুর।

আমার মনটা উর্বের ছিল খুবই—কিন্তু অবিচার, অত্যাচাব, উৎপীতন, তাতনা আর ভং সনা ছাতা কোন ভাল ভাবের বীজ তাতে কেউ কোনদিন বুনলে না। স্নেহের স্বরূপ আমি কখনো বুঝতে পাইনি। দয়া, মায়া, ভালবাসা ও সহাত্বভূতি যে কি, তা নিজের বুক দিয়ে বোঝবার স্থযোগ কেউ আমাকে দেয়নি। জীবনে যা কখনো পাইনি, তা নিজের প্রাণের তহবিলে সঞ্চয় করি কি করে ৮ কাজেই প্রাণটা যতই হাহাকার করে, মনটা তভ্ট বিজ্ঞোহী হ'য়ে উঠে, বাবা, মা, এমন কি সংসারের সব কিছুরই উপরে।

ক্রমে একটু একটু করে রীভিমত বেপরোয়া হ'য়ে উঠ্ছে লাগলাম। কোন কিছুই গ্রাহ্য করতে মন চায় না—নিজের হুঃখ, কন্টু, প্রহার, অনাহারকেও নয়। যা হয় তা হবে; যা করে, ভা করবে; কুচ্পরোয়া নেই—এই রকম একটা মনোভাব।

তথন বারো পার হয়ে মাত্র তেরোয় 'পা দিয়েছি। আমারই

मुजाभाषत माजी

বেপরোয়া তুর্ব্বত্পনায় মায়েব অত্যাচার আব বাবাব অবিচার প্রভাহই সীমা ছাডিয়ে যেতে সুক করেছে। বাড়ীতে থাকতে বড় একটা পারি না—থাকতে দেয়ও না। এখানে সেখানে ঘুবি, আর প্রতিবেশীদের গাছের ফল-মূল খেয়ে পেটেব জালা মিটাই।

প্রতিবেশীবা জানে সব, তবু জেনেও বিছু জানতে চায় না।
তারা শুধু আমাকে একটা বযাটে, লক্ষ্মীছাড়া, ডানপিটে বলেই
ভানে, আর অপরকেও তাই জানায়। কিন্তু এই হতভাগ্য বয়াটে
ছেলেটাব বালা জীবনের গলাটা যে কোথায়, সে-কথাটা
কেউ একবাব ভেবেও দেখে না। আমার ভরুণ জীবনের
করণ ইতিহাসেব মসীলিপ্ত পাতাগুলি তাদের চোখের সুমুখেই
খোলা পড়ে আছে, তবু কেউ একবার দয়া করে সেগুলো উল্টেও
দেখে না।

আমাদের জ্ঞাতিবা সবাই কাছাকাছি বাস করতেন। তবু আমাদের সঙ্গে তাঁদের মেলামেশ এক বক্তম উঠেই গিয়েছিল। আমাদেব ভাল-মন্দ, কোন কথাতেই তারা থাকতেন না। কিন্তু কি জানি কেন, আমাব বয়াটেপনায তাঁদেবও মান-সন্ত্রম নিয়ে বাস করা দায় হ'য়ে পড্লো।

, এত বড় বনেদী বংশেব ছেলে এমন ছুদ্দান্ত হয়ে উঠ্লে ইচ্ছেড থাকে কি করে ? কাজেই তাঁরা সকলে মিলে বাবাকে উত্ত্যক্ত করে তুলতে লাগলেন আমাকে রীতিমত শাসন আর সংশোধন করবাব জ্বান্তে । তাঁরা স্পষ্ট বলে দিলেন যে ছেলেকে আদর আর আস্কারা দিয়ে পরের ক্ষতি করবাব অধিকাব তাঁব নেই। কাজেই তিনি এব প্রতিকার করতে বাধা।

বাবা একেই তো সর্বক্ষণ তাঁর কর্মক্লান্ত দেহে একটা তপ্ত মেজাজ নিয়ে থাকতেন; তার উপরে আমার জন্মে পরের কাছে তাঁর অপমান! তিনি রেগে আগুন হ'য়ে উঠ্লেন। খুঁজে পেতে, আমাকে ধরে নিয়ে গিয়ে প্রথমেই তো চোরের মার মেরে আধমরা কবে ছাডলেন। তাবপর হাতে-পায়ে দড়ি বেঁধে আমাকে একটা অন্ধকার ঘরে রাখলেন বন্দী কবে। আমার মা'ও বাবার সঙ্গে যোগ দিয়ে আমাকে "মব, যমেব বাড়ী যা" ইত্যাদি অসংখ্য মধুর বুলির ছারা সম্ভাষণ সুরু কবে দিলেন। প্রহারের ব্যথায় আমার চৈত্ত্য অনেকটা অসাভ হ'য়ে এসেছিল, তাই মায়ের সব গালাগালি

সেদিন আর কিছু খাইনি। খেতে দিয়েছিলই বা কে ? পরের দিন একথালা পান্তাভাত আর একটু তুন মা আমার ঘরে দিয়ে গেলেন। হাতের বাঁধন খুলে দিয়ে বল্লেন—"নেও, গেলো। এত দিন খাইয়ে-দাইয়ে মামুষ করলুম, তার কাজ খুব দেখাছে! এমন করে আমাদের মুখ পুড়িয়ে না বেড়িয়ে ঘরেই মরে পড়ে থাকতে পারো না ? তা হ'লেও ব্যাতাম যে একটা পাপ বিদায় হ'লো! এখন গেলো। গিলে, আমার মাথাটা কিনে বাখো।"

থালাটা ধপাস্ করে আমার স্মৃথে বসিয়ে দিয়ে গজ্গজ্করতে করতে তিনি নিজের কাজে চলে গেলেন। আমারও মনটা এত বিষিয়ে উঠ্লো যে, সে-কথা আর বলবার নয়।

দোষ না হয় করেছি—যদিও সেটা আমার দোষ বলে মানতে পারি না। তা হ'লেও সে-দোসের সাজা তো বড় কম হয়নি ? বাবা হ'য়ে ছেলেকে এত মার কেউ মরতে পারে, তা আমার জানা



জ্ঞান হলে দেখলাম. আমার মাথার কাছে এক দেনীকপিণী বিধবা আছেন

ছিল না । কিন্তু বাবা ভো একটু পরেই বেরিয়ে চলে গেলেন।
মা কি ভার পরেও আমায় একবার খুলে দিতে পারতেন না!
সতীনের ছেলে ব'লে কি আমি তাঁর শক্র হয়ে জলেছিলুম ? কই,
আমি ভো একদিনও তেমন ভাবিনি! দিনের মাঝে একটিবারও
যদি ভিনি আমাব সঙ্গে একটু হেসে কথা কইতেন, ভবেই আমি ষে
কভ খুসী হ'তুম!—কিন্তু ভা হলো না একটি দিনও!

ষা গোক্, অবশেষে নিজের ব্যবস্থা নিজেই আরম্ভ করলুম। ভাতের থালার দিকে কিরেও না চেয়ে কোনমতে পায়ের বাঁধনটা খুলে ফেল্লাম। তখনো কিন্তু মাথা ঘ্রছে, গ! টল্মল্ করছে। কোন কিছু গ্রাহ্য না কবে, দেয়াল ধরে উঠে দাঁডালাম। তানপর "যা থাকে কপালে" ভেবে, বাড়ী ছেড়ে আবার দিলাম দৌড়।

সেই থেকে বাড়ী আর ঢ়কিনি—কারণ, সেই দিনই প্রথম জানলাম যে, ও-বাড়ী আমার নয়, ও-বাড়ীর বারও সঙ্গে আমার প্রকৃত সম্বন্ধ কিছু নেই। মা বলে এতদিন যাকে ভেবে এসেছি, তিনি আমার মা নন—সংমা। আর বাবা যিনি, তিনিও বিমাতার গণ্ডিতে পড়ে আমার পক্ষে ক্রমেই যেন ছংসহ হয়ে পড়েছিকেন। কাড়েই ঠিক ব্যোনিল্ম, ওঁদেব ছ'জনের কাছ হতে ছেলের দাবী, ছেলের অধিকাব কোনদিনই পাইনি, পাবও না। ওঁদের কাছ থেকে আমার একমাত্র পাওনা হছেে নির্ম্ম শাসন বা অত্যাচার—দেও ভিত্তিহীন অপরাধের ওজুহাতে! ব্যাল্যম সেহের দাবী যাদের কাছে নেই, তাদের গলগ্রহ হ'য়ে থাকতে গেলে, প্রতিপালনের দামটা তারা এমনি করেই আদায় করে থাকে। স্বৃত্রাং ওঁদের সম্পর্ক না রাখাই শ্রেয়।

কথাটা ভালো করে ব্ঝিয়ে দিলে গয়লা-পা্ড়ার একটি ব্ড়ী।
একটি মাত্র গাইগরু সম্বল করে সে একখানা মাটির ঘরে বাস করে।
ধানও ভানে, কাট্নাও কাটে। তাইতেই একরকম স্বচ্ছন্দে তার
চলে যায়। বাড়ী থেকে বেরিয়ে এক বকম টলতে টলতেই চল্লাম
যেদিকে ছ'চোথ যায়। চারপাশে জ্ঞাভিদের বাড়ী। ভয় হলো
যদি তারা বাবার পক্ষ হয়ে আমাকে আবাব ধরে ফেলে। তাই
এর আনাচ, ওর কানাচ দিয়ে বাগান-পুকুরের ধার ধ'রে লুকিয়ে চলতে
লাগলাম।

গ্রামের এক কিনারায় গয়ঙ্গা-পাড়া। তার পরেই মাঠ। ভাবলুম, গয়ঙ্গা-পাড়ার ভিতর দিয়ে সোজা মাঠে গিয়ে পড়বো। তারপর মাঠ ভেঙে যাবো এমন কোন দেশে, যেখানে বাবা, মা, কি আত্মীয়-সঞ্জন কেউ আমার সন্ধান করতে না পারে।

কিন্তু সম্বল্প দৃঢ় হ'লেও, দেহ সেই অমুযায়ী সবল ছিল না।
আগের দিন থেকে পেটে কিছুই পড়েনি। তার উপরে মারধার.
অত্যাচার সইতে হয়েছে চূড়ান্ত রকম। কাজেই আমার শরীর
যেন আর বইতে চাইলে না। একদিকে কিলেয় যতটা কাতর
না হই, জল-তেষ্টায় বুকের ভিতরটা যেন তার চেয়েও শুকিয়ে
কাঠ হয়ে যেতে লাগলো। শেষে গয়লা-পাড়ার শেষের দিকে
একটা জঙ্গল-যেরা পুকুর দেখে তার ভিতবে নেমে পড়লাম জল

আঁজঙ্গা করে জল থৈয়ে ক্ষিদে-তেষ্টা কমলো বটে, কিন্তু শরীর যেন আরও এলিয়ে পড়লো। শেষে সেই পুকুরটার ধারে একটা আমগাছের ছায়ায় বসে পড়লাম একটু জিরিয়ে নেবার জন্মে।

মৃত্যুপথের বাতী

বদে বদে অবশেষে শুয়ে পড়লাম। তারপর কখন যে ঘুনিংফ পড়েছি, তা বলতে পারি না।

সন্ধ্যার ঠিক আগে কাব যেন ডাক শুনে ঘুম ভেঙে গেল! চোখ চেয়ে দেখি, আমার পরিচিত গয়লানী ইচ্ছের মা আমার্ গঃ ঠেলছে আর বলছে—

"ও বাবাঠাকুর! একি! এই জঙ্গলের ধারে, মাটিতে পড়ে ঘুমোচ্ছো? এখানে যে ভারী সাপ। ওঠো ওঠো। ভদ্দর নোকের ছেলের এ কি ছুর্ভাগ্যি বাপু!"

এক রকম হাত ধরেই সে আমাকে বসালে! তারপর তীক্ষ দৃষ্টিতে আমার সর্বাঙ্গের মারের দাগগুলো লক্ষ্য ক'রে রীতিমত সমবেদনা-মাখা স্বরে বল্লেঃ

"আহা! তোমাকে বুঝি খুব করে মেরে বাডী থেকে তাড়িষে দিয়েছে! ডাই বিলি—নইলে ভদ্দর লোকের ছেলে এখানে এসেই বা ঘুমুবে কেন ? আহা! যার মা নেই, ভগতে তার কেউ নেই। নইলে ছথের ছেলে—তাকে এয়ি করে মারে গো?"

দেখলাম, বৃড়ীর মুখটা কাঁদো কাঁদো হয়ে তার চোখ থেছে ছু'
কোঁটা জল গড়িয়ে পড়লো আমি অবাক হয়ে গেলাম।
কোথাকার কে গয়লানী—আমাদের সঙ্গে তার কোন সম্বন্ধই
নেই, আমার সভ্যিকারের মারও সে দেখেনি, গায়ের দাগ থেকে
অনুমান করেই আমার কষ্টে সে বাধিত হয়ে উঠেছে। এ কি
অসম্ভব ব্যাপার!

কই, আমার বাবা বা মা তো কোনদিনই আমার জক্তে ব্যথা বোধ করেননি! মার খেয়ে হাড় গুঁড়িয়ে গিয়েছে, ছ'-একবার

मृजुर्भार्थन माजी

রক্তও বেরিয়েছে দাঁত মুখ থেকে। তবু সমবেদনার "আহা" তো দ্রের কথা, তার উপরে অনাহারের ব্যবস্থা দিতেও তাঁরা ইতস্ততঃ করেননি।

আব আজ একজন সম্পূর্ণ অনাত্মীয় সে, জামার ত্বংশ বল্পনা ক'রে সহাত্মভূতিতে গলে গেল! তার চোখ দিয়ে বেরুলো কারার জল! এ কি অসম্ভব ব্যাপার ৷ এমন অস্কৃত আচরণ আমার জ্ঞানে তো কাউকে কবতে দেখিনি।

সামি যেন কেমন হ'য়ে গেলাম। সম্ভমুগ্নের মত আমি তার পশীভূত হয়ে পড়লাম।

দে আমার হাত ধরে আদর করে টানতে টানতে আবার বলে –"এদাে বাবাঠাকুর! আমার কুঁড়েতে এদাে। আহা। লাবা নবীবটা দাগড়া-দাগড়া হয়ে উঠেছে। এমন কেউ নেই যে, একটু তেল লাগিয়ে দেয়ং এদাে বাবা! আমি তােমার গায়ের ব্যথা কমিয়ে দেব। আহা। বােধ হয় ভারা খেতেও দেয়নি ভােমাকেং নইলে মুখখানা এমন শুকিয়ে যায়।"

প্রামি কিছুমাত্র দ্বিকজি না করে একান্ত বশীভূতের মন্ত তার পিছনে পিছনে চলে তার মাটির ঘরটিতে এসে উঠলাম।

বৃড়ী আমার বন্ধ সেনাই করলে। আমার সারা পায়ে তেল মাখিয়ে দিতে দিতে অন্তঃ একশো বার "আহা, উহু" করে ভার সহাত্মভূতি প্রকাশ করতে লাগলো। শেষে আমাকে ভার বিছানায় শুইয়ে রেখে দে গাই হ'য়ে একবাটি হুধ গরম করে সানলে। বুণীর পীড়াপীড়িতে প'ড়ে একরাশ মৃড়ি, কলা আর সেই ছুধ দিয়ে পেট ভারে আমি ফলার করলাম।

मृञ्रागरबंद याजी

ভখন রাভ হয়ে গেছে। বুঙী আমাকে কোথাও যেতে দিলে
না। আমারও বাধো-বাধো ঠেক্তে লাগলো ভার কথা ঠেলতে।
যে কখনো স্নেহ-যত্নের মুখ দেখতে পায়নি, সেই আমি ভার সেই
অ্যাচিত অথচ অকৃত্রিম মাহা-মমভাব আফাদ লাভ করে, আমার
জীবনে এই প্রথম যেন কেমন এক রকম হ'য়ে গেলাম। হ'লোই না
সে গয়লানী, তবু মনে হ'তে লাগলো, সে ব্ঝি আমার জন্মজন্মান্তরের
অভি আপনার লোক।

রাভে বৃড়ী আমাকে ভার বিছানাটি ছেড়ে দিয়ে, ভারই পাশে একটা চাটাই পেডে শুয়ে পড়লো। শুয়ে শুয়ে কত কথাই সে বলতে লাগলো। আমার মায়ের অসামাক্ত রূপ আর তাঁর গুণের কথা, বুড়ীর প্রতি তাঁর কত বাবের কত রকম সদ্ব্যবহার। রীতিমভ সন্ত্রান্ত বংশের মেয়ে হয়েও দীন-ছঃখী, ইতর জাতের লোকদের উপর তাঁর অসীম দয়া, মায়া, মমতার রন্তান্ত, তাঁর দেব-দ্বিজ আর অতিথির প্রতি ভক্তি প্রভৃতি নানা গত কথা বলতে বলতে তার গলার স্বর ক্রমেই ভারী হয়ে আসতে লাগলো। সেই অন্ধকারেই বৃষতে পারলাম যে, বুড়ী মাঝে মাঝে সভ্যে সভ্যিই কাঁদ্ছে।

আমার বৃক চিরদিনই শক্ত আর মনটাও হয়ে উঠেছিল রীতিমত কঠিন; তবু সেই সব অজানা পুরোণো কথা শুনতে শুনতে কি এক অজানা ব্যথায় আমার বৃক যেন টন্ টন্ করে উঠতে লাগলো। আমার মন যেন কোন্ এক অজানা রাজ্যে খুঁজে বেড়াতে লাগলো এক চির-অজানা অচেনা দেবীম্জিকে, যার স্বরূপ কখনো চক্ষেদেখেছি ব'লে মনে হয় না। কিংবা যার অভিত প্র্যান্ত এতদিন ব্রুনাতেও আনতে পারিনি—আজ এই বুড়ীর মুখে তাঁর দেবীয়ের

মহিমা বর্ণনা শুনে আমার চির-বুভুক্ষিত প্রাণ ফেন কেবলই হাহাকার কবে উঠ্ছিল তাঁকে হারাবার বেদনায়।

মাথার বালিশে মুখ গুঁজে উপুড় হ'য়ে শুয়ে শুয়ে আমি বুড়ীর কথা শুনতে শুনতে মাঝে মাঝে দীর্ঘ নিঃশ্বাস ফেলতে লাগলাম।

54

অনেক রাত পর্যান্ত আমাদের কথা চল্লো। বুড়ীকে আপনার লোক ভেবেই অকপটে তার কাছে আমার ব্যথার কথা সব বল্লাম। বুড়ী কত 'আহা', 'উহু' করলে, কতবার কাঁদলে। শেষে বল্লে:

"চলে এসে বেশ করেছ বাবাঠাকুর! তুমি আর ওঁদের কাছে যেও না। ডাইনী সংমা এবার হাতে পেলে নিশ্চয় তোমাকে মেরে ফেলবে। তার চেয়ে যেখানেই যাও, ছটো ভাত কি আর তোমার মিলবে না ? বলে, 'জীব দিয়েছেন যিনি, 'আহার দেবেন তিনি।' তবু তো যখন তখন মারের হাত থেকে বাঁচবে। আহা। কচি ছেলে•••"

ঘুমোতে রাত প্রায় একটা বাজলো। তারপর সকাল হতেই দেখলাম জ্বর হয়েছে। ভয়ানক স্ক্রন আর কি অসহা যন্ত্রণা। সারা শরীরে যেন বিষফোড়া উঠেছে। যন্ত্রণার ঘোরে আবোল-ভাবোল বকতে স্কুক্ল করলাম।

বুড়ী ভয় পেয়ে গেল, কিন্তু তবু সে বুদ্ধি হারায়নি, তাই রক্ষে।
আমার কথা সে পাড়ার কাউকেই জানতে দিলে না—পাছে
আমার বাবা ও মা খবর পেয়ে আমাকে তাঁদের ঘরে নিয়ে যান।
এই কঠিন অস্থথের উপর তাঁরা আরও অত্যাচার করলে আমি কি
আর বাঁচবো ?

বুড়ী আমার সেবা করতে লাগলো। সে কি সেবা! আর কি মিষ্টি সান্তনার কথা! আমার মনে হ'লো, এতদিন পরে বুঝি আমার স্বর্গগতা মা বুড়ীর রূপ ধরে তাঁর ছেলের তঃখ-কষ্ট লাঘব করতে এসেছেন! কৃতজ্ঞতায় আমার হ'চোখ বেয়ে ঝর্ঝর্ ক'রে জল ঝর্তে লাগ্ল। ওযুধ-পত্র বিশেষ কিছু না পেলেও তার সেবাতেই সেরে উঠলাম এক সপ্তাহের মধ্যে।

কিন্ত তুর্বল হয়ে গেলাম খুবই। তাই আরো কিছুদিন বুড়ীর ঘরেই গোপনে বাস করতে 'লো। শেষে একদিন বুড়ীই বললে:

"বাবাঠাকুর! আমার একটা কথা শুনবে? আমি কিন্তু তোমাকে না জানিয়েই তোমার একটা ব্যবস্থা করেছি। বামুন-পাড়ার রামতারণ বাবু—তোমাদেরই তো তিনি দশরাতের জ্ঞাতি। বামুন বড় ভাল লোক। তাঁদের বাড়ী আমার যাওয়া-আসা আছে কিনা—তাই কথায় কথায় তোমার কথা আমি তাঁকে সব বঙ্গেছি। তাই শুনে তিনি কত হঃখ করতে লাগলেন। বললেন—"আহা!ছেলেটার কি হুর্ভাগ্য! নইলে এমন বরাত নিয়ে জন্মায়? জ্ঞাতি হ'লেও, ওর বাপ আমাদের পরম শক্র'। তাই তো ওদের কোন কথায় আমরা থাকি না। নইলে আমাদের বংশে জন্মে, ছেলেটা কি এমন সংমায়ের দায়ে ভেলে যেতে পারতো ?"

আমিও তোমার হ'য়ে অনেক কথা তাঁকে বুঝিয়েছি। তখন তিনি আর তাঁর পবিবারে, ছ'কনে পরামর্শ ক'রে, আমাকে কি বল্লেন, জানো ? বল্লেন, "ইচ্ছের মা! তুই ছেলেটাকে আমাদের কাছে নিয়ে আয়। আমরা তাকে দেখবো শুনবো, প্রতিপালন ক'রবো। আহা! হাজার হোক্ আমাদেব বংশের ছেলেই তো ? তবে সে কিন্তু বিচুতেই তার বাপের কাছে যেতে পাবে না। তার সঙ্গে কোন সম্পর্ক রাখাও আর চলবে না। শুধু এই সর্ত্তে আমবা তার সমস্ত ভার নিতে প্রস্তুত আছি।"

ভা বাছা, এমন সুযোগ ছাডতে নেই। হলোই বা ভারা পর—
ভবু জ্ঞাতি ভো? আর ভাদের অবস্থাও ভাল। ডাইনা সংমায়েব
গলপ্রহ হওয়ায় চেয়ে ভাদের কাছে থাকা কি মন্দ অবিশ্রি
ভোমার বাবা হাঙ্গামা বাধাতে পারেন—আর বাধাবেনও নিশ্চয়।
কিন্তু তুমি না গেলে ভোমাকে নিয়ে যায় কে ভার স্পষ্টই
বঙ্গাছেন যে, ভোমার বাপেব সঙ্গে বোঝাপড়া যা করতে হয়,
ভারাই করবেন। তুমি যদি স্বেচ্ছায় না যাও, ভার সাধাও হয়ে
না ভোমাকে নিয়ে যেভে।

তাই বলছিলাম কি বাবাঠাকুর, তুমি ওইখানেই চলো। তুধেব ছেলে, যাবেই বা আর কোথায় গ শেবে কি না খেতে পেযে বেঘোরে প্রাণটা খোয়াবে ? অনেক ভেবে-চিন্তে তবে আমি এতে রাজী হয়েছি। যাবে তুমি ? বলতো আজই তোমাকে সেখানে রেখে আসি।"

বুড়ীর কথায় প্রথমটায় রাজী হইনি। আবার সেই গাঁয়েই থাকা ? বাপ-মায়ের চোখের উপরে ? একটা সঙ্কোচের ভাশ্ও

এসে পড়লো। ভাব লুম —কাজটা কি ভাল হ'বে। হাজার হোক্ বাপতো! একটু কড়া-মেজাজের লোক হ'লেও ভিনি দয়ামায়াহীন পশুনন, সে-কথা আমি জোর ক'রেই বল্তে পারি।

কিন্তু নিজের হাড় ভাঙ্গা খাটুনের পরে বিমাতার অভিযোগ গুলি তাঁকে এমন উগ্র ও বিষাক্ত করে তোলে যে, তখন আর তাঁই স্থায়-অন্থায় বিচারের শক্তি থাকে না। সেজন্ম যতটুকু মাথা খাটানে দরকার, তেমন পরিশ্রম কববাব তাঁর শক্তি বা সবসরই বা কোনায় গ্রাজেই তার বিষময় ফল ভোগ করতে হয় আমাকেই।

এমন অবস্থায় এই গ্রামেত যদি থাকি, তবে বাবাব কাছে ন থেকে অন্তোব কাছে থা ১৮ –সেটা কভটা সঞ্চ হ'বে ং

কিন্তু পরক্ষণেই মনে হ'ল, আমার আবার 'সঙ্গত' 'অসঙ্গত' বি আছে ? বাবার কাছে যাওয়ার মানেই হচ্ছে আবার সেই সংমার খপ্পরে পড়া। আর সঙ্গে সঙ্গে তাঁর আধিপতোও অভিযোগে বাবার হাতে আমার লাঞ্চনার আবার এক নতুন অধ্যায় আরহ হবে।

কাজেই স্থির করলুম—না, সে হ'তেই পাবে না, বাড়ীতে ফিনে যাওয়া আমার পক্ষে অসম্ভব।

মুহূর্ত্তের উত্তেজনায় তেঁতো মন নিয়ে রাগ ক'য়ে বেরিয়েছিলুফ যখন, তখন অগ্রপশ্চাৎ ভাবিনি। এখনও আর ভাব্বার অবসর নেই।

বাড়ী থেকে বেরিয়েই কি বিপদ আমার কেটে গিয়েছিল। ভাগাক্রমে এমন মায়ের মভ বুড়ীকে পেয়েছিলাম ভাই,—নইলে হয়ভো বেখোরে মারা পড়তুম।

এই হিতাকাজ্মিণী বৃড়ী শুধু যে আশ্রয় দিয়ে, সেবা-যত্ন করে আমায় বাঁচিয়েছে, তা নয়—দে আবার আমার ভবিয়ুৎ সম্বন্ধে কত চিন্তাই করছে। ভয়ের কারণ কিছু থাকলে, দে কখনো আমাকে পরের বাড়ী থাকতে বলতো না। নিশ্চয়ই সে তাদের সম্বন্ধে ভালরকমই জানে। নইলে কি সে আমাকে না জানিয়েই আমার জন্মে এ ব্যবস্থা করেছে ?

শেষে বৃড়ীর ব্যবস্থাই মেনে নিতে হ'লো।

সেই দিন রাতে বুড়ীর সঙ্গে জ্ঞাতির বাড়ী গিয়ে উঠ্লাম। তাঁরাও বেশ খুশিমনে, সমাদরের সঙ্গে আমাকে গ্রহণ করলেন। বুড়ী মধ্যে মধ্যে আমাকে দেখে যাবে বলে আশ্বাস দিয়ে ফিরে গেল।

কিন্তু আমার সঙ্গে তাকে আর দেখা করতে হ'লো না। চির-হতভাগ্যকে স্নেহ করবার অপরাধে কলির ভগবান্ বুঝি তাকে চরম— দণ্ড না দিয়ে আর থাকতে পারলেন না। মাত্র কয়েক ঘণ্টার বিস্ফিকা রোগে আমার মাতৃত্ব্যা হতভাগিনী তার শেষ নিঃশাস কেলে পৃথিবী থেকে চিরদিনের জন্ম বিদায় নিয়ে চলে গেল!

এই নিদারুণ সংবাদ শোনা অবধি বুড়ীর জন্যে আমার মনটা হাহাকার করতে লাগলো। জীবনে প্রথম স্নেহের সন্ধান ওই বুড়ীর কাছেই পেয়েছিলাম, সে-কথা আমি আজ কিছুতেই ভূলতে পারলুম না। নিজের মাও বুঝি তার সন্তানের জন্য এতটা করে না। বুড়ীর শোকটা তাই মাতৃশোকের মত আমার বুকের উপরে চেপে বসলো।

সাভ

দিন কাটতে লাগলো। নতুন আশ্রয়ে এসে প্রথম তু'চার দিন যত্ন পেলাম বেশ, কিন্তু তারপর থেকে ক্রমেই তা কমতে লাগলো। ঘরের ছেলে আর পরের ছেলের যত্নের মধ্যে পার্থক্য কতথানি হওয়া উচিত, তা ব্ঝতে মোটেই দেরী হলো না। তবু তু'বেলা তু'মুঠো ভাত তো পাচ্ছি, কাজেই তার জন্যে ক্ষোভ করবার আর আছে কি ?

ক্রমে হ'একটা করে ছোট ছোট কাজের ভার আমার ঘাড়ে চাপতে লাগলো—অবশ্য তা মিষ্টি কথার উপর দিয়েই। আমিও বিনা আপন্তিতে, খুশিমনে ভা করে যেতে লাগ্লাম।

ভামাক সাজা, লোকান-বাজার কবা, ছোট ছেলে-মেয়েদের সামলানো থেকে, সুক হয়ে ক্রমে চার-পাঁচ মাসের মধ্যেই জলতোলা, বাসন-মাজা পর্যান্ত ঘাড়ে এসে পড়লো। চাকর, দাসার মভাব, কত্রীর অস্থস্থতা ইত্যাদির অজুহাত—থাকতে গেলে এমন একট্-মাধট্ সাহায্য করতেই হয়। ঘরের কাজ.—এতো আর পরের কাজ করা নয়? কাজেই আপত্তি করবার মুখ আর থাকে কই ?

আমার জ্ঞাতি প্রতিবেশীদের চোখ কিন্তু বেজায় টাটিয়ে উঠ্লো। তাঁরা আড়ালে-আব্ডালে আমাকে অনেক রকম বোঝাতে মুরু করলেন। কেউ কেউ নিন্দা, ভর্পনা করতেও কম্বর করলেন না।

ৰুত্যুপথের বাত্রী

ভদলোকের ছেলে হয়ে, এই বযসে বাপ-মার সম্পর্ক কাটিছে পরের বাড়ী বিনা পয়সায় চাকরর ত কবা আভ জহান্ত কাজ, এতে বাপের মাথা হেট করা হয়, বংশের নাম ভূবে যায়। বাপ বেঁচে থাক্তে বাপের জ্ঞাতিব চাকব হ'য়ে থাকা। ছিঃ! জিঃ! আমি যেন আর একটি দিনও এখানে না থাকি। বাপের কাছে ক্ষমা চেয়ে, তাঁর কাছে গিয়েই যেন উঠি।

কেউ বললে— "ধিক্! ধিক্! তুমি বাপু এমন কুলাঙ্গাবও হবেছ গ তোমার ভিতৰ কি একটু মনুয়ুত্বও নেই গ বাপ মা থাকতে ভার শক্রর বাডীতে বাসন মেজে, ভল তুলে বেডাও গ গলায় দড়ি দিতে পাব না গ এমন বয়াটে, বদমাখেস, লক্ষ্ণীছাড়া হ'যে বেঁচে থাকার চেয়ে তোমাব পক্ষে মবণ্ট ভাল।"

সকলের কথাই শুনে যাই, কিন্তু উত্তর করি না। বুরি যে, তাদের অভিযোগ একেবারেই মিখ্যা নয়। তারা যা বলেন, তা ঠিকই। কিন্তু তারা আমার প্রতি সমবেদনার খাতিবে কিছুই বলেন না। তারা বলেন হিংসায়। তারা থাকতে রামভারণবার্ই যে এমন একটা বিনা মাইনের চাকর পেয়ে যাবেন, সেটা তাঁদের অসগ্র! নইলে. যে হতভাগাকে তার শৈশব থেকেই অমামুষিক অত্যাচার সন্ত করতে দেখেও তাঁদের একটি দিনের জন্মেও বিন্দুমাত্র সমবেদনা জাগেনি, আজ হঠাৎ তার উপরেই বা এভ দরদ কেন ?

নিজের হীন দশা বুঝেও তাই চুপ করেই থাকি। ভাবি, রামতারণবাব্রই বা দোষ কি ? দোষ আমার ভাগ্যের। এরা যে চুবেলা চুমুঠো খেতে দিছে, এই ষধেষ্ট। এতে মান-অপমান

मृष्ट्रान्यत्र ताली

ভেবেই বা কর্বো কি ? সারধাের ও লাঞ্চার হাত থেকে কে রেহাই পেয়েছি, এই যথেষ্ট ।

এমনিভাবে আরো তেন মাস কাট্লো। তারপর হঠাং একদিন শুনলাম এক অপূর্ব্ব কথা। রামতারণাাবু আর তার স্ত্রী গোপনে তা আমাকে শুনালেন। আমিও ধ্ব আশ্চর্যা হরে গোলাম।

শুদলাম, আমার গর্ভধারিশী ছিলেন এক অবস্থাপর লোকের একমাত্র মেয়ে। তাঁদের মৃত্যুর পর সমস্ত সম্পত্তির মালিক হয়েছিলেন আমার মা। কিন্তু তাঁর ছিল জীবন-স্বত্ব অর্থাং যতদিন নিজে বেঁচে থাক্বেন, ভোগ কর্তে পারবেন, বেচ্বার কোনে। অধিকার নেই। কিন্তু তাঁর যদি কোন সন্তান হয়, তবে সে-ই হবে তার মাতামহের সমস্ত সম্পত্তির আদল মালিক।

মা কিন্তু সে সম্পত্তি ভোগ কবতে পারেননি। কারণ, তার অল্পদিন পরেই আমার জন্ম হয়, আর তিনি আঁহুড় ঘরেই দেহত্যাগ করেন। সেই দিন থেকে আমিই আমার দাদামশায়ের সব সম্পত্তির মালিক হয়ে আছি।

এতবড় একটা সম্পত্তিব মালিক আমি—এই হিংসায় আমার সংমার মনটা আরও বেণী বৈনিয়ে উঠেছিল। কিন্তু আমি সাবালক না হওয়া পর্যান্ত সে সম্পত্তি তো আমার দ্বারা তাঁরে নিজ নামে লিখিয়ে নিতে পারেন না। অথচ আমি সাবালক হ'তে তখনও ঢের দেরী, কাজেই তাঁর ধৈর্যাের বাঁধ প্রায় পেরিয়ে গিয়েছিল—তারই ফলে বাবার কাছে তিনি আমার নামে অভ বেনী অভিযাগ করতেন।

রামভারণবাবু বল্লেন,—কোনো রকমে আমি সাবালক হ'লেই আমার সংমা আমাকে দিয়ে ওই সব সম্পত্তি তাঁর নিজের নামে লিখিয়ে নিডেন—ভারপর দিতেন আমাকে দূর করে। এই মঙলবেই হেলায়, অশ্বায় আমাকে মান্তুষ করা হচ্ছিল।

রামতারণবাবু সবই জানেন। বরাবরই তিনি নাকি ত্বংথু করে এসেছেন আমার জল্যে। কিন্তু কি করবেন ? তাঁব কোন হাত ছিল না। তারপর ইচ্ছের মার মুখে আমার ছর্দ্দ শার কথা শুনেই তিনি স্থিব করেছিলেন, আমি যদি রাজী হই, তাহলে তাঁর যথাসাধা আমাকে সাহায্য করবেন। বাপ-মার কবল থেকে আমাকে ছিনিয়ে আনতে পারলেই, আমার বিমাতার মন্দ অভিপ্রাযে বাধা দিতে পারবেন।

আমাকে তাঁদের ঘরে স্থান দেওয়ার কারণই তাই। তারপর নিজের অর্থ ব্যয় কবে আমার বাবাকে ফৌজদারীর হাত থেকে যে বাঁচিয়েছেন, তাও সেই উদ্দেশ্যে। নইলে কি সহজে তিনি আমার অভিভাবকের দাবী ছেড়ে দিয়ে বামভারণবাবুকেই আমার অভিভাবক বলে স্বীকার করতেন ?

রামতারণবাব্ আমার মাথায় হাত বুলিয়ে বেশ করে বুঝিয়ে বল্লেন, "তা যাক্, ঈশ্বর তোমায় রক্ষা করেছেন। সেই বিষয় ফাঁকি দিয়ে নেওয়ার উপায় এখন আর তাঁদের নেই! কিন্তু সম্প্রতি তাঁরা আর এক কু-মতলবে মেতেছেন। জমিদারকে দিয়ে নীলাম করিয়ে তাঁরা বিষয়টি কিনে নিতে চান। তুমি তা জানবেও না—জানলেও কিছু করতে পারবে না। কারণ, তুমি আজও নাবালক; ভায় আবার কপদ্র্বিহীন।"

রামভারণবাবু এই পর্যান্ত বলে একটু নীরব হলেন, ভারপর ছ'একবার ঢোক গিলে ও একটু কেসে আমাকে ব্ঝাতে চেষ্টা করলেন যে, তাঁর কাছে আশ্রয় পাবার জন্য আমার কভটা কৃতজ্ঞ হওয়া উচিত!

আমি তা স্বীকার করলাম !

আমার কৃতজ্ঞতা স্বীকারে রামতারণবাবর বৃকে বৃঝি কিছু বল হল, তিনি তখন সাহস করে বললেন, "সে তুমি চিরদিনই স্বীকার করবে, আমি তা জানি। কারণ, লোকে যে যাই বলুক্, তৃমি অকৃতজ্ঞ নেমকহারাম নও, সেকথা আমি বেশ জোর গলায় বলতে পারি।

এখন কথাটা কি হচ্ছে জান ? জমিদারের মারফং যদি বিষয়টা ঐ ভাবে নীলাম হয়ে যায়, তবে তুমি চিবদিনের জন্ম ফকির হয়ে যাবে। কার্জেই আমি এক মৃত্তলব ঠিক করেছি, শোনো। তুমি নাবালক হলেও, অবোধ নও। তুমি নিশ্চয় আমার উপদেশ অবহেলা করে নিজের পায়েই কুড়লের ঘা দেবে না। আমার পরামর্শ যদি শোনো, তবে ভোমার বিষয় নেয় কে গছদিন বাদে তোমার এমন পরের গলগ্রহ-দশা ঘুচে যাবে। তখন তুমি হবে একটা রীতিমত অবস্থাপর লোক আর তুমিই তখন কভজনকে সাহায্য করতে পারবে।

তোমার এখন উচিত হচ্ছে কি জান ? তোমার এই সম্পত্তি অক্ত কারো নামে বেনামী করা।

সম্প্রতি আমিই ভোমার অভিভাবক—দেশশুদ্ধ লোক সেই সাক্ষ্য দেবে। কাজেই তুমি যে বেনামী বিক্রি-দলিল করবে,

যুক্তপথের বাত্রী

সভিভাবক হ'য়ে আরম তা'তে সই দিতে রাজী আছি। তাহলে ভোমার সংমার পরামর্শেও ভোমার বাবা আর কিছুমাত্র নড়্চড়্ করতে পারবেন না।

আইনে যদি কিছু আটকায় সে আমি দেখে নেবো।
এমন একটা দলিল পণ্ড কর্তে হ'লে যে বৃদ্ধি ও অর্থের
দরকার, তোমার বাবার সে সব কিছুই নেই। কাজেই
ভোমাব দলিল সম্পর্কে তৃমি নিশ্চিম্ত থেকো। আমি যা'তে
আছি, তা নড্চড় কবা তোমার বাবা বা তোমার সংমাব

একটু দম নিয়ে রামভারণবাবু আবাব বলতে লাগলেন, "দেখো, আমাব এক শ্রালক আছে; তার নাম রজনীকান্ত।

বজনী খুব ভাল ছেলে। এই বাড়াতেই সে মানুষ হয়েছে। আমার আর আমার স্ত্রীর কথায় সে ওঠে বসে। সে কিছুতেই আমাদের সঙ্গে বিশ্বাসঘাতকতা করতে পারবে না। অতএব বিক্রেয় কবালাটা তুমি ভারই নামে করে দাও। বিষয়টা নিরাপদ হবে।

মনে রেখো. কাজটা কিন্তু খুবই জরুরী। এতে দেরী করা মোটেই চলে না। তোমার সংমার পরামর্শে তোমার বাবাও নিজে যে রকম চেষ্টা জুড়েছেন, তা'তে নীলাম হয়তো এই মাসেই হয়ে যাবে। স্থতরাং তোমাকে রেজেখ্রী করে দিতে হবে ছু একদিনের মধ্যেই।"

বহুক্ষণ ধরে সব কথা শুনে গেলাম। কিছু বুঝলাম, কিছু বুঝলাম না। সে জন্তে ভাবনাও হ'লো না এভটুকু। বিষয়



শেষে চোরাই মাল বেরুলে। আমারই বিছানার তলা থেকে।

সাভের কথা কিছুই জানতাম না, সে আশাও কখনো করিনি। তেরো বছরের ছেলে—বিষয়ের বৃঝিই বা কি ?

এইটুকু শুধু ব্ঝলাম, বামতারণবাব্ এখন আমার বাবা ও মায়ের দোষ দেখিয়ে সম্পত্তিটা বেনামী করে নিতে চান।

তাঁর উপর একটু ঘুণা হ'ল। কিন্তু পরক্ষণেই মনে হ'ল, জমিদারের চক্রান্তে সম্পত্তি যদি নীলামই হ'য়ে যায়, তবে ভোকারোই কোনো ভোগে লাগবে না। সংমা যদি কৌশল করে কিনিয়ে নিতে পারেন, তা হ'লেও কারো কোনো কাজে আসবে না — আমার বাবারও নয়। কারণ, সংমা তখন অহন্ধারে বাবাকেও তুচ্ছ কর্বেন, তার উপর নানা অত্যাচার কর্বেন।

তার চেয়ে রামতারণবাব্র পরামর্শ মত যদি দলিলটা করে দিই, তা হ'লে সম্পত্তিটা কালে হয়তো রামতারণবাব্র ছোট ছেলে 'চাঁত্ব' হাতেও কিছু এদে যাবে।

যে সম্পত্তির আমি কিছুমাত্র আশা করিনি, তা দিয়ে যদি 'চাঁতুর' কোনো উপকার হয়, তা হ'লে ক্ষতি কি ? বেনামী সম্পত্তি আমাকে যদি ফিরিয়ে দেয়, আমিও তা হ'লে চাঁতুকেই কভকটা দিব,—তাকে যে আমি বডড ভালবাসি! আর আমাকে যদি ফিরিয়ে না দেয়, তা হ'লেও চাঁতুর হাতে যাবার সম্ভাবনাই সবচেয়ে বেশী। চাঁতু পেলে আমার তো তুঃখের কারণ কিছুই নেই। কাজেই, আমি তাঁর প্রস্তাবে সম্মত হলাম।

আমার এই সুবৃদ্ধি দেখে তাঁরা আমাকে ধয় ধয় কনতে লাগলেন। আমার মত বৃদ্ধিমান আর আমার মত সংছেলে তারা যে ইতিপুর্বের দেখেননি, সে কথা তাঁরা বারংবার আমাকে জানিয়ে

দিলেন। বহুকাল পরে সেই দিন থেকে আবার সেই প্রথম ক্য়দিনের মত আদর-যত্ন পেতে লাগলাম।

কিন্তু কে জান্ত যে সেই আদর যত্ন আমার ভাগ্যে অচিরে আবার আবৃহোসেনের স্বপ্ন হয়ে দাঁড়াবে! বিক্রয়-কবালা রেজেপ্ত্রী হয়ে যাবার পরদিন থেকেই হু-হু করে আদব কমতে কমতে সেই বিনা মাইনের চাকরে এসে দাঁড়ালাম এক সপ্তাহের মধ্যেই। তারপর প্রায় প্রতিদিনই আমার একটা ক্রটী বেরুতে লাগলো। সামত্রে অনুযোগ থেকে ক্রমেই ভীবণ ভর্ৎসনা আর গালাগালি আমার যেন নিত্য সঙ্গী হয়ে উঠলো। বুঝলাম যে অশান্তির জ্বালায় বাপ-মার ঘর ছেড়ে অনিদ্বিত্তের পানে ছুটে বেরিয়েছিলাম, এতানেও সেই অশান্তি ক্রমেই যেন ঘনীভূত হয়ে উঠছে।

বিক্রি-কবালার কথা জানতে কারো বাকী রইলো না। জ্ঞাতিরী সব চঞ্চল হয়ে উঠ্লেন। তাদের যেন আহার-নিজা ভ্যাগ হওয়ার উপক্রম হয়ে এল। রামভারণবাবুর বিরুদ্ধে তাঁরা দিনরাত জল্পনা-কল্পনা স্থক করে দিলেন। আমার আর বাইরে বেরুবার উপায়ই রইলো না।

পথে ঘাটে যেখানে-সেখানে আমার দেখা পেলেই তাঁরা নানা নিন্দা, ভর্পনা, গালাগালি এমন কি নানা রকম ভয় দেখানো সুরু করে দিলেন। সম্পত্তির মালিক আমি হলেও, রামভারণবাব্র মতলব মত কাল্প করে আমি যেন তাঁদেরই মহা সর্বনাশ করে বসেছি।

রামভারণবাব্র আশ্রায়ে বাস করাও ক্রমে ছর্ঘট হয়ে উঠ্ছো। । কাজের ভার যত বাড়ে, ক্রটীর অভিযোগও হতে থাকে ডত বেশী।

মৃত্যুপ্ৰের বাত্রী

ফলে বাপের বাড়ীর মত তাড়না, ভংসনা, প্রহার অনাহার সব কিছুরই পুনরাভিনয় হতে লাগলো কথায় কথায়। পাড়া প্রতিবেশী আর জ্ঞাতিদের ভাতে যেন ক্ষুত্তি বেড়ে গেল! তাঁরা সব "বেশ হয়েছে! ঠিক সাজাই হচ্ছে। যেমন কাজ তার তেমান ফল। অমন সর্বনেশে ছেলের এই দশা হবে না তো হবে কার? মর ব্যাটা! আমাদের কথা না শোনবার ফলটা ভাখ্।"…ইত্যাদি নানা মধুব কথা যখন তখন আমাকে শোনাতে লাগলেন। চারদিক থেকে আক্রান্ত হয়ে আমি একেবারে নির্বাক হয়ে যেতে লাগ্লাম।

তারপরেই এক মহা বিপদ। রামতারণবাবুর বড় মেয়ে শশুর-বাড়ী থেকে বাপের বাড়ী এল বেড়াতে। তার গায়ে ভারী ভারী সব গহনা। পরদিনই তার গলার হার আর কানেব তুলপোড়। চুরি হয়ে গেল। খোঁজ খোঁজ খোঁজ—মহা হুলুসুল ব্যাপার। পাড়া-প্রতিবেশী আর জ্ঞাতি-গোষ্ঠীরা কানাকানি করতে লাগলো। শেষে সেই চোরাই মাল বেকলো আমারই বিছানার তলা থেকে।

কত দিবো, শপথ, কামা। সবই হ'লো অকারণ। বরং ভাইতেই আবো প্রমাণ হ'লো যে আমি একটা পাকা চোর। তখন স্থক হ'লো প্রহার।

আমাকে পুলিশের হাতে দেবার জন্মে সবাই পীড়াপীতি করতে লাগলেন, কিন্তু রামভারণবাবুর নাকি বড়ত মায়া পড়েছিল আমার উপরে, তাই জেলের বদলে তিনি আমাকে ঠেলে ফেলে দিলেন অনির্দিষ্টের পথে, মাত্র ঘা কয়েক বেত আর গলাধাকাঃ দিতে দিতে।

ৰুত্যুপথের যাত্রী

লজ্জার, ঘৃণায়, অপমানে ও প্রহারের ব্যথায় কাঁদতে কাঁদতে গ্রামের পথ ধ'রে চল্তে লাগ্লাম—যে, দিকে ছ চোখ যায়। হতভাগ্যের জীবন আবার আগেকার মতই হুর্বল হয়ে উঠ্ল।

আউ

পল্লীগ্রামে টেলিগ্রাফ নেই। তবু কিন্তু আমার মিধ্যা অপরাধের কথাটা নিমেষের মধ্যে পাড়াময় ছড়িয়ে পড়েছিল। বরে ঘরে মেয়ে-পুরুষ সকলেই আমার উদ্দেশে ধিকার দিতে সুরু করেছিল। আমার মত বয়াটে বদমাইস চোর ছেলেকে গ্রামে বাস করতে দেওয়া নিরাপদ নয়, এমন কঠোর মন্তব্য প্রকাশ করতেও অনেকে পশ্চাৎপদ হ'ল না।

কাঁদতে কাঁদতে গ্রামের পথ দিয়ে যাবার কালে তাঁরা আমার প্রতি এমন ব্যবহার করতে লাগলেন, যা কেউ পাগলা কুকুরকে দেখে করে কিনা সন্দেহ। সে ধিকার, সে নিন্দা, সে গালাগালি, সৈ দ্র-দ্র ধ্রনি আজও আমার বুকের মধ্যে গাঁথা হয়ে আছে। পাড়ার ছেলেরাও তাঁদের শিক্ষামত "চোর! চোর! সবাই সাবধান হও। চোর যাছে।" বল আমার পিছনে দল বেঁধে চীৎকার স্বরু করলে। কেউ বা কাদা ছুঁড়ে মারতে লাগলো, কেউ মাথায় চাঁটি বসিয়ে দিলে। কি কপ্তে যে সে গ্রাম পার হ'য়ে মাঠে এসে পড়লাম, তা আর বলে বোঝাতে পারি না।

তেজশঙ্কর এইবার চুপ করলে। তার অতীত জীবনের করুণ কাহিনী বলতে বলতে তার মত কঠিন-স্থাদয় লোকেরও স্বরুটা

ক্রমেই ভারী হয়ে আসছিল। বুঝলাম, বাল্যজীবনের সে-ব্যথা আজও সে ভুলতে পারেনি। সে স্মৃতি তাঁর জীবনের এই শেষ মুহূর্ত্তেও তার কাছে কষ্টকর। তাই সে নিজেকে সেই তুর্বলতার বিরুদ্ধে দৃঢ় করে নেবার উদ্দেশ্যে একটু নিঃশ্বাদ নিচ্ছে।

আমারও মনের উপরে এতক্ষণ যেন একটা ছায়াচিত্রের একটানা অভিনয় হয়ে যাচ্ছিল! তার দৃশ্যের পর দৃশ্যে, অধ্যায়ের পর অধ্যায়ে পরিক্ষৃট হয়ে উঠ্ছিল একটা হতভাগ্য মাতৃহীন বালকের জীবন-নাট্যের করুণ-কাহিনী। তার মর্গান্তদ ঘটনাবলীর মধ্যে আমি এমন ভাবে আমাকে হারিয়ে ফেলেছিলাম যে, এতক্ষণ আমার থেয়ালই ছিল না যে আমি গল্প শুনছি। যা শুনছি, তা যেন আমি স্বচক্ষেই দেখছি—সে সব ঘটনা ঘটেছে যেন ঠিক আমার চর্শাচক্ষেরই সন্মুখে।

তেজশঙ্কর থামতেই আমারও যেন চমক ভেঙে গেল! আমি যেন আবার আমাকেই আবিষ্কার করলাম সেই লোহার ডাণ্ডাঘেরা জেলের হাজত-ঘরের মধ্যে। ব্রলাম,—যে চির-হতভাগ্য শিশুব করুণ শৈশব-কাহিনী শুনতে শুনতে এতক্ষণ আমি তন্ময় হ'য়ে পড়েছিলাম, সে-ই আজ ব'সে রয়েছে ঠিক আমারই সম্মুখে, মহা অপরাধী ফাঁসির আসামীর রূপ ধরে।

মনটা যেন কেমন হয়ে গেল! এক নিমেষে অনেক চিন্তাই যেন তার ভিতরে জটলা বাধিয়ে তুল্লে! আমার যেন বোধ হ'ছে লাগলো যে আমাদের এই সভ্য জগৎ তাদের জ্ঞান, বৃদ্ধি, বিচার, বিবেচনা প্রভৃতির যে দর্প করে, সেটা তাদের মস্ত ভূল। নীতিশাস্ত্রের দোহাই দিয়ে ভারা যাদের গায়ে অপরাধীর ছাপ মেরে আসছে,

মৃত্যুপৰের বাত্রী

আসলে অপরাধী হয়ত তারা নয়—আর অপরাধী হ'লেও, গ্রায় বিচার অনুসারে সে জ্ঞাতাদের সাজা দেওয়া চলে না। সাজার যোগ্যপাত্র হ'চ্ছে তারাই, যাদের দোষে, বা যাদের জ্ঞা এরা আইন-বিগর্হিত অপরাধ করতে বাধ্য হয়।

আমি স্পষ্ট ব্ঝতে পারলুম,—মানুষ মানুষের প্রাণ আর মানুষের প্রেরণা নিয়েই জন্মায়, পশু হয়ে জন্মায় না; পশু হ'তেও সে আসেনি। ভাকে পশু করে ভোলে একমাত্র মানব-সমাজের বিরুদ্ধ আবহাওয়া, যার বিষাক্ত স্পর্শ ভাকে মানুষ হতে না দিয়ে, একটা কিন্তুত্তিমাকার মানুষবেশী পশুতেই পরিণ্ড করে দেয়।

আমি তো 'জেলার'। কত চোর, কত খুনে, কত দস্যু, কত নানা অপরাধের অপরাধীকে নিয়েই আমার কারবার। কিন্তু তাদের সে সব অপরাধের জত্যে দায়ী কি কেবল তারাই? চোর চুরি করেছে, তাই তার হয়েছে কয়েদ। কিন্তু কেন সে চুরি করেলে? খুনী অপর একজনের বুকে ছোরা বসিয়ে দিলে কি জত্যে? দস্যু কিসের প্রয়োজনে গৃহস্থের যথাসর্বস্ব লুট করে নিলে? তাদের এ সব অপরাধের কি কোন হেতু নেই? অপরাধ্য করে সেই দোষী? আর যে বা যারা সেই অপরাধের হেতু বা প্রবর্ত্তক, তারা কি সম্পূর্ণ নিদ্দের্যি?

আমার মনে হলো যে, সভ্য সমাজের পক্ষপাতি হই তানের সমাজ-গঠনের মহা বিরোধী। এত দণ্ডের ব্যবস্থা থাকতেও তাই অপরাধীর সংখ্যা দিন দিন বাড়ছে বই কমছে না।

যত্তিদন এক শ্রেণীর লোক তাদের স্বার্থজ্ঞান, তাদের

পরিতৃপ্তিশৃষ্য লোভ, তাদের অবিবেচনা, তাদের হৃদয়হীনতা নিয়ে অপর দলকে সর্ববিরকমে বঞ্চিত করতে থাকবে—যতদিন এই প্রথম দলের অযথা অত্যাচারে দিতীয় দল তাদের জন্মগত, তাদের স্থায়া অধিকার ভোগ করবার সুযোগ-সুবিধা না পাবে, ততদিন হাজার ধর্মের দোহাই, হাজার নীতিশাস্ত্রের কচকচি, হাজার আইন, হাজার শৃষ্থালা সত্ত্বেও অপরাধ তারা করবেই। এই অপরাধই তাদের ধর্মযুদ্ধ,—তাদের জেহাদ।

তেজশঙ্কর একজন মহা অপরাধী। তাই সভ্য সমাজের আইন কঠোরতম দণ্ডে তাকে দণ্ডিত কবেছে। কিন্তু এত বড় অপরাধী সে হলো কেন, সে কথা ত কেউ বিচার করে দেখেনি! নিভাঙ শৈশব থেকেই স্বার্থপর মানুষের সমাজ তাকে মানুষ জাতের বিরুদ্ধে বিদ্রোহী হতে শিখিয়েছে। তারা তাকে ব্রিয়েছে যে. এই জগতে দয়া, মায়া, মমতা, বিচার, বিবেচনা বলতে কিছুই নেই। ছলে, বলে, কৌশলে নিজের স্বার্থ-সাধনই মানুষের শ্রেষ্ঠ নীতি।

তারা তেজশঙ্করের শিশু বক্ষের কোমল পর্লার উপ্রে তারই রক্ত দিয়ে গভীর অক্ষরে লিখে দিয়েছে—"মান্নুষই মান্নুষের শক্ত। মান্নুষ্ট মান্নুষের সর্বক্তের কারণ।" তার ফলে এখন যদি সে মানব-সমাজের বিকদ্ধে খড়গহস্ত হ'য়ে থাকে, তা হ'লে সে দোষ কি তার একার ?

কথাটা ভাবতেই এই সঙ্গে আরও হাজার কথা একসঙ্গে ঠেলাঠেলি বরে আমার মনের মধ্যে ঢুকে পড়তে চাইছিলো, কিন্তু ভাতে বাধা পড়ে গেল। একমুহূর্ত বিশ্রাম করে নেবার পর তেজশঙ্কর ভার নিজের কথা আবার বলতে সুক্র করলে। তেজশঙ্কর বলছিল :---

বেলা তখন প্রায় ছপুর। মাথার উপর বৈশাখের জ্বলন্ত সূর্য্য যেন চারিদিকে আগুনের রাশি ছড়িয়ে দিচ্ছে। বাতাদের গায়েও ঠিক আগুনের হল্পা। সেই তপ্ত বাতাস আমার মাথার উপর দিয়ে কেবলই গোঁ গোঁ করে বয়ে যাচ্ছে। এক একবার পিছন থেকে াকা দিয়ে সেই যেন আমাকে ঠেলে নিয়ে যাচ্ছে কোন্ এক অজানা ,চেনা অনিদিষ্টের পানে!

আমি গোঁ-ভরেই চলেছি এক দিক লক্ষ্য করে—অথচ কোন বিছুতেই আমার লক্ষ্য নেই। যেতে হবে, তাই যাচ্ছি। কেন যাচ্ছি বা বোথায় যাচ্ছি, তা তথন ভাবে কে ?

মাঠের মধ্যে পথ বলতে বিশেষ কিছুই নেই। পথ কি অপথ, তাট বা তখন দেখছে কে ় কখনো আ'ল, কখনো বা চষা ক্ষেত,—যখন যা সমূখে পড়ছে তারই উপর দিয়ে একটানা চলতে স্বক্ল করেছি।

চলছি, আর ভাবছি আমার প্রতি আমার বাবা, মা, আর আত্মীয়-স্বজ্পনদের অত্যাচারের কথা। রামতারণবাব্র গুষ্ট-বৃদ্ধি ও বিশ্বাসম্বাভকতা, অবশেষে বিনা দোষে চোর বদনাম দিয়ে সারা দেশের লোকের কাছে আমাকে অপদস্থ করা, তারপর বিনা বিবেচনায় আমার মত নিরীহ লোককেও সারা ছনিয়ার মন্মান্তিক উপহাস—এ সব কথা যতই আমি মনে মনে ভোলপাড় করি, তত্তই

আমার মনের সঙ্গে সঙ্গে সারা দেহও যেন বিষের জ্ঞালায় জ্ঞালে যেতে থাকে। কখনও দাঁতের উপর দাঁত চেপে ধরি, কখনো নিজের অজ্ঞাতেই যেন নিজের হাত ছটো মুষ্টিবদ্ধ ক'রে তাদ্ধের বিরুদ্ধে উৎকট প্রতিহিংসা নেওয়ার কল্পনায় মেতে উঠি, কখনো বা কেউটে সাপের মত ফোঁস ফোঁস করে নিজের নাক দিয়ে জ্ঞালাময় নিংশাস ফেলতে থাকি।

এব উপরে আবার গ্রামবাসীদের সবিচারের স্মৃতি--তাদের ফুদয়হীন ছর্ব্বাবহারের চিন্তা। বারো-তেরো বংসরের একটা হওভাগ্য ছেলের সম্বন্ধে সামান্ত একটা কুংসার কথা গুনেই তারা বিনা বিচারে তার উপরে এক মুহূর্ত্তে খড়গহস্ত হ'য়ে উঠতে পারলো, কিন্তু দীর্ঘকাল ধরে লোক-পরম্পরায় তার প্রতি তার অভিভাবক বা নিকট-আত্মীয়দের অযথা নির্যাতনের বহু সংবাদ পেয়েও, তাদের মধ্যে সম্ভতঃ এরুজনও পরের ঝঞ্চাটে মাথা গলিয়ে, সেই হতভাগ্য বালকটির প্রতি সহাত্মভূতি দেখাতে পারেনি! এরাই আমার পল্লীবাসী, এরাই আমার দেশের লোক!

ভাব্তে ভাব্তে একটা উৎকট প্রতিহিংসার সঙ্কল্লে আমার সমস্ত শরীরটা দৃঢ় হয়ে উঠ্জ। মনে মনে সঙ্কল্ল করঙ্গাম—না, না, আমি নিজের স্থুখ চাই না। নিজের জীবনেও আমার আর মমতা নেই। কিন্তু যারা আমাকে শৈশব থেকেই এমন ভাবে উৎপীডন করে এসেছে, তাদের ধ্বংস আমি দেখবোই—যেমন করে পারি, তাদের সর্ব্বনাশ-সাধন আমি করবোই।

পাগলের মত এই সব কথা ভাবতে ভাবতে আপন মনে আবোল-ভাবোল বকছি আর ১এব্ড়ো-থেব্ড়ো মাঠ ভেঙে

হন্ হন্ করে চলছি কোন্দিকে, তা তখন আমার খেয়ালই ছিল না।

বৈশাখের তুপুব। বিশেষতঃ কয়েক মাস যাবং বৃষ্টির নাম-গন্ধ নেই। জলের জন্মে হাহাকার করতে করতে পৃথিবীর বুক শুকিয়ে কাঠ হ'য়ে গেছে। সারা মাঠের জমি হয়ে উঠেছে ফুটিফাটা। আমার বুকও দারুণ তৃঞায সেই রকম ফাটবার উপক্রম করলেও, সে কষ্টেব দিকে আমার তখন লক্ষ্য ছিল না। রাগ, দ্বেষ, হিংসা, বিতৃঞার কথা ভাবতে ভাবতে ক্ষ্ধা-তৃঞা ভূলেই গেছলাম। নইলে সেই কিশোর বয়সে, সেই প্রতিকূল অবস্থায়, ছয়-সাত ক্রোশ মাঠ ভেডে, কোন অনিশ্চিত আশ্রয়ের অভিমুখে চলা আমার পক্ষে বোধ হয় সন্তবপর হতা না।

ক্রমে দিনের আলো নিভে এল। পশ্চিম আকাশে লালের আভা ছড়িয়ে সূর্যাদেব দিক্-চক্রবালের আড়ালে গা ঢাকা দিতে লাগলেন। আমার মাথার উপর দিয়ে ঝাঁকে ঝাঁকে বক, বিল-হাঁদ আর পানকৌড়ির দল তাদের বাদার দিকে উড়ে যেতে লাগলো। গাছে গাছে হাজার পাখীর কিচিমিচি।

বুঝলাম, রাতের আব দেরী নেই। এখনই একটা গ্রাম না পেলে, এই মাঠেব মাঝেই আমাকে রাত কাটাতে হবে। সব চিস্তা ঘুচে গিয়ে তখন আমার মনে ভয় এসে গেল। হাজার ছঃখের জীবন হোক্, তবু মাত্র চৌদ্দ বছরের ছেলে আমি। আমার মনে এমন অসহায় অবস্থায় ভয় না হযে কি পারে।

কিন্তু কি আশ্চর্যা! ঠিক সেই সময়ে আমার চোখে পড়লো একটা গ্রামের চিহ্ন। আমার দক্ষিণে প্রায় পোয়া মাইল দূরে

ষ্ত্যুপধের যাত্রী

অনেকগুলো আম, কাঁঠাল প্রভৃতি গাছ আর ওই সঙ্গে ত্'-একটা চালাঘরও দেখতে পেলাম। তখন কোনও রকমে "পড়ি কি মরি" করতে করতে দেই গ্রামটিতে গিয়ে ঢ়কলাম।

প্রথমেই ছ-চারটে বাগান, বাঁশঝাড়, ডোবা, আগাছায় ভরা পতিত জমি। তাদের পাশ দিয়ে এ কৈ-বেঁকে ঘুরপাক থেতে থেতে সরু মাটির পথটা ক্রেমেই চওড়া হয়ে গ্রামের মধ্যে ঢুকেছে। সেই পথ ধরে চলতে চলতে শুনতে পেলাম গ্রামের কুলবধ্রা ঘরে ঘরে সাদ্ধাপ্রদীপ জেলে শাথে ফুঁ দেবার আয়োজন করছে। বুকে একট্ আশা হ'লো যে, এতগুলি ভদ্র গৃহস্থের বাস যখন এই গ্রামে রয়েছে, তখন আমার মত একটা নিরাশ্রয় ভদ্রসন্তান অন্ততঃ আজ রাতের মত একট্ আশ্রয় আর ছ'-মুঠো ভাত পাবে নিশ্চয়। আশায় বুক বেঁধে তাই কোন রকমে ক্লান্ত দেহটাকে টেনে নিয়ে

একট্ন পরেই এসে পড়লাম একটা কোঠা-বাড়ীর সমুখে। দেখলাম, এক প্রোঢ় ভদ্রলোক বাড়ীর স্থুমুখে পথের পাশে দাঁড়িয়ে ছ কোয় তামাক টানছেন। ভদ্রলোক ব্রাহ্মণ—তাঁর গলায় ঠিগতে। তাতে আবার এক খোলো চাবি বাঁধা। মনে করলাম, এর কাছেই আশ্রয় ভিক্ষা করি। যে রকম অবসন্ধ হ'য়ে পড়েছি, তাতে আর এক পাও এগোনো আমার পক্ষে মহাকষ্টকর।

কিন্তু আমি কিছু বলবার আগেই তিনি কট্মট্ করে আমার দিকে চাইতে চাইতে বলে উঠলেন:

"কে ছে ছোকরা । তোমাকে বিদেশী ব'লে মনে হচ্ছে। বিল, যাবে কোথায় ।"

ভাবলুম, ভন্তলোক বোধ হয় খুব দয়ালু।, তাই তিনি আপনা হ'তেই জানতে চাইছেন যে, রাত্রিকালে এই বিদেশে যাথর্থই আমি আশ্রয়প্রার্থী কি না। তা হ'লে হয়তো তিনি আমাকেআশ্রয় দিতে প্রস্তুত্ব।

রীতিমত বিনয়ের সঙ্গে উত্তর দিলাম—"আজে, অনেক দ্র থেকে আসছি। সারাদিন খাওয়াও হয়নি। রাত হয়ে আসছে দেখে এই গ্রামে এসে ঢুকেছি। যদি কোথাও আশ্রয় পাই ভো সেখানেই রাতটা কাটিয়ে আবার সকালে চলা স্বরু করবো।"

ভঞ্জাক মুরুবিয়ানার সঙ্গে ঘাড় নাড়তে নাড়তে কর্কশ স্বরে বল্লেন—"ঠিক, ঠিক। যাবার সময় যার যা পাও হাতিয়ে নিয়ে স'রে পড়তেও কম্বর করবে না, কেমন । তুমিও তা হলে তাদেরই দলের ।"

অবাক্ হয়ে গেলাম। কাদের কথা ইনি বলছেন ? আমাকেই বা তাদের দলের একজন বলে মনে করছেন কেন ? বিশেষ, যার যা পাই হাতিয়ে নিয়ে সরে পড়বার কথাই বা বলেন তিনি কি জন্মে ?

প্রশ্নগুলি মনে মনেই তোলপাড় করে নিয়ে, তারপর ধীরে ধীরে বল্লাম—"আজে, কাদের কথা বলছেন, বুঝতে পারছি না তো। তবে আমার সঙ্গী কেউ নেই। আমি একাই আসছি।"

"বেশ করেছ। তুমি তা হ'লে একাই একশো। কিন্তু এ-সব চালাকি তো চলবে না ধন। ভাল চাও তো গ্রাম ছেড়ে চলে যাও। নইলে দফাদার ডেকে এখনি ধরিয়ে দেব। যাও।"

বজ্রগন্তীর স্বরে এই কথাগুলি বলে, তিনি হাত তুলে আমাকে গ্রাম থেকে বেরুবার আদেশ আর পথ তুই-ই জানিয়ে দিলেন।

আমার তথন গা টলছে। মাথাও ঘুবছে বন্বন্ করে। সারাদিন অন্ন-জলের মুখ দেখিনি—তার উপবে ছয়-সাত ক্রোশ হেঁটে এসেছি। কাজেই আর কোন উত্তর না দিয়ে আমি আবার চলতে লাগলাম।

একটু যেতেই দেখলাম একটা পাকা-বাড়ীর বারান্দা। পথের ঠিক ধারেই সেই বারান্দাটিতে সতরঞ্চ পেতে একদল যুবা খুব সোরগোলের সঙ্গে পাশা-খেলা স্কুফ় করেছে। "কচে বারো", "ছ' তিন নয়" চীংকারে তারা সেই স্থানটিকে বেশ সরগরম করে তুলেছে!

আমাকে সেই বাড়ীটির স্থমুখ দিয়ে যেতে দেখে হঠাৎ ভাদের মধ্যে একজন আমার প্রতি খরদৃষ্টিতে চাইতে লাগল। শেষে বল্লে —"কে যায় ? কোথায় বাড়ী হে ছোকরা ?"

বল্লাম, "আজে, আমার বাড়ী ভিন্ গাঁয় — এখান থেকে ছ'-সাভ ক্রোশ দুরে।"

"বটে ? তা এ-গাঁয় এসেছো কি জন্মে ? সিদ দেবে ? দাড়াও তো হে ছোকরা ! দেখি তোমার চেহারাটা একবার।"

কথা বলতে বলতে সে একটা হারিকেন নিয়ে আমার সুমুখে এসে দাঁড়াল। তারপর সেই আলায় বেশ করে আমায় দেখতে দেখতে বল্লে—"হাঁ, যা ধরেছি তাই! চোর না হলে এমন ঝড়ো চেহারা হয়? তা, যাচ্ছো কোথায়? কার বাড়ী আজ অতিথ হবে ভাবছো?"

দেখলাম ব্যাপার স্থবিধের নয়। এরও ঠিক সেই বৃদ্ধ ব্রাহ্মণটির মত কথার ভাব। তব্ চুপ করে থাকাটা যুক্তিযুক্ত নয় ভেবে বল্লাম—"আজে, যাঁর দয়া হবে…নিতান্ত দায়ে পড়ে এসেছি —রাতের মত একটু আশ্রয় পাবো এই আশা করে। আবার স্কাল হলেই—"

"হা হা হা! সকাল হবারও দরকার হবে না. কিছু হাতাতে পারলেই গা-ঢাকা দেবে। তা কি আর বৃঝি না? কিন্তু সে মতলব আর খাটছে না। আমি তোমার ব্যবস্থা করে দিচ্ছি!"

এই মাত্র বলেই সে খপ্করে আমার কোঁচার কাপড়টা ধরে ফেল্লে। তারপর হাঁকল—

্ "ওকে নফর! ও গোবিন্দ! এসো, এসো। আজ ধরেছি এক ব্যাটা বদ্মাসকে। এসো, এর সঙ্গে একটু বোঝাপড়া করা যাক।"

যুবার কথা শেষ হতে না হতেই হৈ-হৈ করে আরও তিন চারজন খেলোয়াড পাশা ফেলে আমার কাছে ছুটে এল। একজন আমার একটা কান সজোরে টেনে ধরে বল্লে:

"কি যাত্। বড্ড লোভ লেগে গেছে, না ? তাই আজ আবার। এসে জুটেছ।" সঙ্গে সঙ্গে আর একজন বলে উঠলো—"দাও না বেটাকে বেশ করে থাবড়ে। তারপর ওকে দিয়ে এসো পঞ্চায়েভের কাছে। বেটা টের পাক্ মজা।"

কথা শেষ করেই সে আমার হুই গালে ঠাস্ ঠাস্ করে চড় মারতে সুরু করলে।

একেই তো আমার শরীরটা তথন ক্ষিদের আর পরিশ্রমে ঝিম্ ঝিম্ করছে, তার উপবে সেই নির্মম চড়। মাথা ঘুরে, হু' চোখে অন্ধকার দেখে, আমি সেখানে অজ্ঞান হয়ে প্রে গেলাম।

কতক্ষণ শুয়ে ছিলাম জানি না। জ্ঞান হ'লে দেখি, আমার চারিপাশে ইতব-ভদ্র অনেকগুলি লোক জড় হয়েছে। একজন থোঁড়া ভিখারী-গোছের লোক একটা টিনের মগে ক'রে আমার মাথায় জল দিচ্ছে।

অনেকে অনেক কথাই বলাবলি করতে লাগল। বুঝলাম, তারা সকলেই ধরে নিয়েছে যে আমি চোর, আব তাদের গ্রামে চুকেছি চুরির মতলবেই। কিন্তু আমাব কাছে চোরাই মাল কিছু না থাকায়, কেবল সন্দেহের উপর নির্ভর করে আমাকে পুলিশে চালান দেওয়া যায় না। তবে আমাকে সেই রাত্রে গ্রামে থাকতে দিতে তারা মোটেই রাজী নয়। কাজেই আমাকে গ্রাম থেকে দূর করে দিতেই তারা কৃতসকল্প।

চৈত্ততা পেয়ে উঠে দাঁডাতেই তারা আমাকে একটা সরুপথ দেখিয়ে বল্লে—"ভাল চাও তো এই পথ ধ'রে গ্রামের বাইরে চলে যাও—বুঝলে ছোকরা ? কের যদি তোমায় এ গ্রামে দে।খ তো তোমার হাড় এক জায়গায় আর মাস এক জায়গায় করে ছাড়বো ষাও, যাওঁ বলছি।"

তখনও আমার গা টলছে—শরীর ঝিম্ ঝিম্ করছে উপায় কি ? দেই অবস্থায় টলতে টলতে সেই সরু আবার সেই মাঠের দিকেই চলতে লাগলাম।

গ্রামের সীমা পার হ'য়েই একটা চওড়া কাঁচা রাস্তা। সেই পথে পা দিতেই শুনলাম, আমার পিছন থেকে কে ডেকে বলছে— "ওগো বাবাঠাকুর! থামো। একটা কথা শুনে যাও।"

ডাকার সুরটা কর্কশ মোটেই নয়—বরং যেন একটু সহামুভূতি মাথা। আমি দাঁড়িয়ে পড়ঙ্গাম। লোকটা আমার কাছে আসতেই চিনলাম—সে সেই খোঁড়া ভিখারী, যে আমার মাথায় জ্ঞল দিচ্ছিল।

ভিখারী বল্লে—"ভদ্দর লোকদের কাছে তো খুব সেবাই পেলে। এখন এই রান্তিরে যাবে কোথায় ? ছ'ক্রোশের মধ্যে ভো আর গাঁ নেই!"

বল্লাম—"না থাক্। মাঠ তো আছে ? সেখানেই কোথাও পড়ে থাকবো। বনের শিয়াল-শুয়োরেরা এদের চেয়ে মন্দ ব্যবহার করবে না বোধ হয়।"

ভিখারী হাসলে। বল্লেঃ

"যা বলেছ বাবাঠাকুর! গরীবের ছঃখু কেউ বোঝে না। গরীবকে সাহায্য করা তো দ্রের কথা, উল্টে বলে কিনা চোর! আমি কিন্তু দেখেই বুঝতে পারি, কে ভাল লোক আর কে মন্দ! সাইতো ভোমার পাছে পাছে এফু বাবাঠাকুর!"

এসে আমি জিজাদা করলাম—"যাবে কোথায় ?"

বেটাকে পেতো সামনেই। ওইখানে বটগাছের তলায় আমি থাকি। কাছে। ভেখাবী মানুষ—আমার আর ঘরই বা কি, গাছতলাই বা কি!

কথা ে তুল কি বাবাঠাকুর! রাভটার মত আমার আডাভেই মারতে স্কুল : তেপান্তর মাঠের চেয়ে তো ভালো ?"



শেষে রাধতেই হলো, শুকনো পাতা আর ডালপালার সাহায্যে

কতকটা আশ্বাদ পেলাম। চৌদ্দ বছরের ছেলে—একা-একা মাঠে পড়ে থাকা কি সম্ভব ? বল্লাম—'সে তো ভালোই, কিন্তু তোমার কোন কম্ভ হবে না তো ?"

— "শোনো কথা। গাছতলায় একা পড়ে থাকি। একটা সঙ্গী যদি জোটে, সে তো ভাল কথাই। কস্টের বদলে তবু একটা বাতও তো একট্ আনন্দে কাটবে। তুমি চলো বাবাঠাকুর, ওসব বাজে ভাবনা তোমায় ভাবতে হবে না।"

অগত্যা তার আড়াতেই এসে উঠ্লাম। ব্যামের শেষে, মাঠের ধারেই একটা পুক্র। তার পাড়েই একটা প্রকাণ্ড বটগাছ চারিপাশে ঝুরি নামিয়ে অনেকথানি স্থান জুড়ে রয়েছে। ভিখারীর সঙ্গে তারই তলায় এসে দাড়ালাম।

গাছের গোড়ায়, ত্র' পাশেব ত্টো মোটা মোটা ঝুরির মাঝখানে ভিখারীর আড়্ডা। তাব মাথার উপরে খুব মোটা একটা ভালে ঘন পাতাব বোঝা কাঁধে নিয়ে দেই আড়্ডাটির ছাদের মত হয়ে আছে।

ভিথারী থামাকে সেইখানে নিয়ে গিয়ে বসালে। বল্লে—
"বাবাঠাকুরেব সারানিন খাওয়া জোটেনি, তা ভোমার চেহারা
দেখেই বুঝতে পেরেছি। তা, এক কাজ কর বাবাঠাকুর! আমার
স্থালিতে চাল, আলু আর গোটা ছই বেগুন আছে। একটা মাধাভাঙা নতুন হাঁড়িও যোগাড করে রেখে দিয়েছি। পুকুর থেকে
হাত-মুখ ধুয়ে এসে ভাতে-ভাত চড়িয়ে দাও। ভোমাবও হবে
আমারও হবে—কি বলো।"

আমি আপত্তি করলাম। সে কি! একে দীন ভি্থারী, তার

খোঁড়া। তার অতি কণ্টে ভিক্ষে-করা অন্ন ধ্বংস করতে হবে ? সে কিছুতেই হ'তে পারে না। প্রাণ গেলেও না।

কিন্তু ভিধারী ভয়ানক জেদ করতে লাগলো। বল্লে—"তা হ'লে আমাকেও আজ উপোস দিতে হয় বাবাঠাকুর। আন্দানের ছেলে, তায় ছেলেমানুষ। সারাদিন না খেয়ে আমারই কাছে শুকিয়ে পড়ে থাকবে, আর আমি মজা করে খেয়ে ঘুমুবো। তোমার বড়লোকেরা তা পারে বাবাঠাকুর, কিন্তু আমবা দীন-ছংখী, আমরা তা ভিছুতেই সইতে পারি না। তা হ'লে থাক্ রায়া, আমিও ভোমার মত শুকিয়ে পড়ে থাকি।"

মুস্কিলের কথা! আমার জক্তে গরীব বেরারী উপবাদে থাকে, তাই বা হয় কি করে? আর আমই বা ভদ্রসন্তান হয়ে দান ভিখানীব গলে ভাগ বসাই কোন্হিদেবে? উভয় মুস্কিলে প'ড়ে গেলাম।

বিস্তর কথা কাটাকাটি করলাম, কিন্তু ফল কিছুই হ'লে। না। ভিষারীর সেই এক কথা—"তুমিও সারাদিন খাওনি, আমিও না. এখন তুনি না খেলে আমিই বা খাবো কোন্ মুখে? আমি সব খোগাড় করে দিচ্ছি, তুমি রাঁখে। না হয় এসো, ছ'জনেই শুয়ে পড়া যাক্।"

শেবে রবিতেই হ'লো। শুকনো পাতা আর ডালপালার সাহাযো ভাতে ভাত ফুটিয়ে নিয়ে বটপাতার থালায় বেশ তুপ্তির সঙ্গে ত'জনে খাওয়া শেষ করলাম। তারপর পুকুরে আঁচিয়ে, পুক্র থেকেই আঁজ্লা করে জল খেয়ে আবার গাছতলায় ফিরে এলাম। সারাদিনের উপবাসের পর ভিখারীর যঞ্জের নিবেদন-স্বরূপ সেই

গাছতলাব ভাতে-ভাত এত তৃত্য এনোদল যে, আমার সেই চৌদ্দ বছর বয়সে এমন তৃত্তিব খাওয়া একদিনও খেয়েছি বলে শ্রুর, করতে পাবলাম না।

ভারপর ত্'জনেই শুয়ে পডলাম। ভেথাবীর সঙ্গে অনেক কথাই হ'েন। শুনলাম, দেও এককালে সুস্থাই ছিল। একখানা আটচালা ঘর, গোয়াল, একটা ছোট পুদুৰ অব বেছে দশেক ধানের জমি নিয়ে বেশ স্থাব-স্বচ্ছন্দেই তাব কিল কাটটো। গোলায় তার বছরের ধান মজুত থাকতো, আর তাব স্থা নিজের হাতে লাউ, কুমডো, ঢেঁডস, বেশুন, সাম, পুঁই ইত্যাদি শাক-সাজ্জর চাষ করতো বাড়ীর উঠোনে আর তাব প্রাশে পাশে। তাতে বেশ শান্তিতে ভাদের দিন কেটে যেভো।

কিন্তু বরাত মন্দ, তাই চার বছব উপযুগপরি হ'লো অজনা।
গোলা শৃত্য, ক্ষেত্তেও শস্ত নেই। বাধা হলে প্রামের এক ব্রাহ্মণের
কাছে বসতবাদী আর ধানের জমি একক দিয়ে নিতে হ'লো একগো
টাকা। সে টাকা আর কিছুতেই শোধ হ'লো না। ভিথাবী হাটদশ কিন্তিতে প্রায় আশী টাকা তার ব্রাহ্মণ মহাজনকে দিয়েছিলো
বটে, কিন্তু তাতে সুদটাও উপ্তল হয়নি—আসল তো দ্বের কথা।
শেষে তিনি গরীবের যথাসর্কিন্ত নীলাম করে নিলেন। গরাব খোদং
ভার স্ত্রী আর একটি ছোট ছেলের হাত ধ'রে পথে এসে দাঁডালো।

তারপর এক বংসর যেতে না যেতে, না খেতে পেযে তার স্ত্রী আর ছেলে, একে একে সরে পড়লো। খোডার মুখণ্ড প্রমায় . তাই সে নিজেই শুধু বেঁচে রইলো— এইভাবে ভিক্ষে করে খেয়ে গাছতলায় পড়ে থাক্তে।

मुज़्रशंरपत्र गांबी

সারাদিনের উপবাস আর দারুণ পরিশ্রমের পর পেটে ভাত পড়তেই শরীর আমার একেবারেই এলিয়ে পড়েছিল। ঘুমে চোখ ছটো এমন জড়িয়ে আসছিলো যে, আমি চেষ্টা করেও চাইতে পার-ছিলাম না। কিন্তু ভিখারীর এই কথা শুনে আমার সে-ঘুম কোথার চলে গেল, আর আমার শরীর যেন কিসের একটা মাদকভায় গরম হয়ে উঠলো!

ভাবলাম, কি সর্ব্বনাশ! মানুষের উপর মানুষের এত অত্যাচার ?
সামান্ত বিষয়ের লোভে গরীব পৃহস্থের এই রকম করে সর্ব্বনাশ
সাধন করলে। এরাই আবার ব্রাহ্মণ ? এরাই আবার মুখে ধর্ম্মের
বুলি কগচে বেড়ার ? ছনিয়াটা তো কেবল ফাঁকিবাজী, কেবল
অবিচারের রাজ্য। নইলে এরাই আবার নিজেদের দেবতার সমকক্ষ
প্রচার ক'রে অপরকে অশুচি, অস্পৃশ্য করে দিতে সাহস করে ?
অস্পশ্য তো এরাই, যারা ভান করে শ্রেষ্ঠতের, কিন্তু ব্যবহার যাদের
ইতর জাতির চেয়েও নিকৃষ্ট।

মনে পড়লো, আমিও তো কম অত্যাচার ভোগ করিনি! সংমার নিষ্যাতন রামতারণবাবুর বিশ্বাসঘাতকতা, গ্রামবাসীদের অত্যাচার —একে একে সব কথাই আমার মনে উদয় হ'তে লাগলো। সঙ্গে সঙ্গে এই গ্রামের ভত্ত গৃহস্থদের আচরণের কথাও মনের মধ্যে আজন জালিয়ে দিলে।

ন মনে হলো, কি । শচ্ব্য। যার। বড়লোক, যার! ভদ্র, তাদের কি সকলেই এমন পাপের পূর্ব প্রতিমূর্ত্তি! তার! কি সবাই এমন থার্থপর! অশিক্ষিত, অসভা, আর দীন-দরিদ্র যার।, তাদের মধ্যে যে প্রাণের সাড়া পাওয়া যায়, কই, এ-সব ভদ্রনামধারী অবস্থাপর

লোকদের মধ্যে তো তা নেই! তবু এরাই সভ্য আর গরীবের! অসভ্য ? হায় ভগবান, এই তোমাব বিচার ?

মনের আবেগে ভগবানের নামটা সভ্য সভ্যই মুখ থেকে বেরিযে পড়েছিলো। ভিখারী তা শুনতে পেলে। বল্লে—"ভগবানকে ডাকছো বাবাঠাকুর ? ত্-নাম আর কবো না। ভগবান নেই, থাকলে কি আর এমনটা হডে পারতো গ স্পষ্ট দেখতে পাছিছ, জগতে যারা পরের সর্কানাশ ক'রে পরের মাথায় কাঁঠাল ভেঙে খাচ্ছে, তারাই বয়েছে বেশ সুখে আর শান্তিতে। আব, তোমাব-আমার মত যারা নিজের দিকে চাইতে শেখেনি, যারা অধর্ম করতে ভয় পায়, তাদেরই যত কন্ত, যত অশান্তি। ভগবান থাকলে কি এর একটা বিচার হতো না বাবাঠাকুর ? তাই বলছি, ভগবান নেই। ওটা যত সব ভণ্ড বদমায়েসদের ধাপ্লাবাক্রী।

ভগবানের নাম নিয়ে, কিংবা তার দোহাই দিয়ে ছোটলোকদের ভোলানো খুব সোজা। তাই এসব ব্রাহ্মণ আব ভদ্রলোকেরা ছোট জাতের কাছে ভগবান দেখিয়ে বেড়ায; কিন্তু গাসলে তারা । জগবানকে একদম মানে না। দেখছ না যারা যত ধর্মের বুলি, আওড়ায়, তারাই তত বেশী সধর্ম করে থাকে ? নইলে ব্রাহ্মণ হয়ে কি দীন-দরিদ্র শৃদ্রের সর্কায় কাঁফি দিয়ে নিতে পারত ; অথচ তার ভো কোন ক্ষতি হয়নি। উচ্চন্ন যেতে সামিই গিয়েছি। আমার ছেলে, বউ, না খেতে পেয়ে পথেই প'ড়ে মরলো, গাব তিনি দিব্যি আরামে আমার সম্পত্তি ভোগ করে যাচ্ছেন!

শুধু কি ভাই ! শোনো বাবাঠাকুর। সে একদিনের তরে আমাকে একমুঠো ভিক্তেও দেয়নি। আবার ব'লে বেড়ায় যে,

স্ত্যুপথের যাত্রী

আমি ব্রাহ্মণকে ফাঁকি দিতে গিয়েছিন্ন, সেই মহাপাপে আমার এই দশা হয়েছে। ওঃ! তোমার ভগবান থাকলে এভটা কি তাঁর সম্ভ হতো বাবাঠাকুর •ৃ"

ভিখারী আরো কত কথাই বলতে লাগলো। ব্ঝলাম, তার বুকেও একটা জ্বলন্ত সাগেরগিরি ঢাপা পড়ে আছে।

যাক্। শেষে ছ'জনেই ঘুমিয়ে পড়লাম। ভোর হতেই ভি**খারী** আমাকে ডেকে দিলে। বল্লে

"যেতেই তো হবে তোমাকে বাবাঠাকুর, তবে আর বেলা বাড়িয়ে লাভ কি ? এখনি বরং ঠাণ্ডায় ঠাণ্ডায় বেশ পথ চলতে পারবে। তুমি এই মুখে যাও। ইদিকে ক্রোশ পাঁচ-ছয় দূরে তু'একটা বড় গ্রাম আছে। সেখানে হয়তো তোমার কোন উপায় হতে পারে। না হয়, আরও কয়েক ক্রোশ গেলেভাল সহর পাবে। সেখানে কাজকর্ম কিছু পেলেও পেতে গ্রারো।"

তারপর সে তার ঝুলির ভিতর থেকে একটা আধুলি বার ক'রে নিয়ে আমার হাতে গুঁজে দিয়ে বল্লে:

"এটা ভোমার কাছে রেখে দাও বাবাঠাকুর। দেশের যে রক্ম হাওয়া, ভাতে সব দিন যে ভাত জুটবে, তা মনে করো না। ছেলে-মান্ত্য—ক্ষিদেয় কষ্ট পাবে। এটা থাকলে তবু মাঝে মাঝে কিছু কিনে দিন কাটাতে পারবে। একদম্ রিক্ত হয়ে কি বিদেশ-বিভূঁয়ে যাওয়া চলে ?"

আমি একেবারে লাফিয়ে উঠলাম। বললাম—"কি সর্বনাশ। দীন ভিখারী তুমি, আমাকে আধুলি দান করছ? আর আমি ভাই

হত্যপথের যাত্রী

ছাত পেতে নেবো ? তুমি বলো কি ! এও কি কখনো সম্ভৱ হতে পাবে ?"

আমিও নেব না, সেও ছাড্বে না। অনেকক্ষণ ধ'বে উভয়েব মধ্যে কথা-কাটাকাটি চল্লো। শেষে সে বল্লে—"আচ্ছা বাবাঠাকুব। ধরো আমি তোমাকে আধুলিটা ধাব নিচ্ছি। তোমার
যখন সময হবে, তখন তুমি স্থাদ-আসলে এটা শোধ দিও।
আমাকে নয—আমি হযতো ততদিন বেঁচে থাকবো না। আমাব
মত যে কোন গবীব, বা যে-কোন হঃখীকে দিলেই তা আমারই পাওয়া হবে।

গামি মানি, আব আমি বিশ্বাস কবি যে, এই পৃথিবীতে যার। ছতভাগা, যাবা দীন-হীন, তাবা সকলেই আমার ভাই, আমাব আপনাব লোক। তামও যদি সেই হিসেবে আমাকে তোমার আপনাব মনে কবো, তা হ'লে আমাব দেওয়া এই সামান্ত সাহায্যটা আজ তোমাকে নিশ্চয় ানতে হবে। নইলে বুঝবো যে, তাম ভত্তদ্বেব ছেলে, তাই আমাকে গুণা কব, অ'র সেই জন্মেই এটা নিচ্ছ ন।"

এব উপবে হাব কথা চ'লো না। দীন—ভিখারী আর নি:শ্ব হলেও, সে আমার প্রতি যে উদারতা আর সহুদয়তা দেখিয়েছে, এর আনো তেমনটি আব কোথাও পাইনি। এর কাছে ঋণী হওয়ায় লজ্জা নেই—ববং তা গৌরবেরই ক্য়া।

যাক্। আধুলিটা নিতেই হলো। তারপর তার কাছ থেকে বিদায় নিয়ে তারই নির্দিষ্ট পথে পা চালিয়ে দিলাম। তার ব্যবহার আরু তার উপদেশের কথা ভাবতে ভাবতে চার-পাঁচ-ক্রোশ পথ

এক রকম বিনা কষ্টে অতিক্রেম করে বেলা তুপুরের কিছু আগেট একটা নদীর তীরে এসে উপস্থিত হলাম।

নদীর ওপারেই একটা গঞ্জ। একটা খেয়া নৌকো প্রায় পনেরে। জন যাত্রী নিয়ে ছাড়বার উপক্রম করছে। মাঝি তাড়া দিতেই কোন কিছু বিচার না করে তাড়াতাড়ি নৌকোয় গিয়ে উঠ্লাম।

নৌকোতে একটি বাবু-গোছের লোক আসর জাঁকিয়ে বসে আছেন। কয়েকজন ইতর শ্রেণীর লোক বোধহয় তাদের মজুরী নিয়ে তাঁর সঙ্গে ওকাতর্কি লাগিয়েছে। অবশেষে ভদ্রলোকটি একটা গেঁজে বা'র করে তাঁর টাকা-পয়সা গুণতে সুরু করলেন।

আমি সেই বাবৃটির কাছ থেকে হাত ছুই দূরে বসে আছি।
ভাবছি, সেই গঞ্জে গিয়ে কোন রকম কালকণ্ম যোগাড় করা যাবে
কিনা, না হয় তো আবার কোথায় যাবো, কি করবো ইত্যাদি।

ভিখারীর দেওয়া আধুলিটি বা'র করে ভাবতে লাগ্লুম,—এ থেকে হ' পয়সা পারের জন্ম দিতে হবে। তারপর অন্ততঃ হ' পয়সার কিছু খাওয়া চাই। ভিখারীর দয়ায় ৪।৫ দিন প্রাণটা কোন রকম করে বাঁচাতে পারবো। এর মধ্যে কোন উপায় কি আর হবে না ? ওঃ। ভিখারী আমার কি উপকারই করেছে। এমন নিঃসহায় দীন-দহিদ্র, অথচ তার এতখানি মহৎ প্রাণ।

একমনে এই সব কথা ভাবছি, এমন সময়ে হঠাং বাবৃটি ব্যস্ত-ভাব দেখাতে দেখাতে ব'লে উঠ্লেন—"ওই যা! আধুলিটা, আধুলিটা কে নিলে? এই যে এইমাত্র এখানে রাখলুম! কোথা ন গেল ?"

বাবুর সঙ্গে মজুরেরাও ব্যস্ত হ'য়ে উঠলো। খোঁজ, খোঁজ, কিন্ত

সেটা পাওয়া গেল না। বাবৃটি বল্লেন, "সে কি কথা। এইমাত্র বা'র করলাম, আর উড়ে গেল ় তা হ'তেই পারে না নিশ্চম ভোরা কেউ সরিয়েছিস। দেখি, ভোদের গাঁট দেখি।"

মজুররা ভয়ে ভয়ে তাদের সব দেখালে। কিন্তু আধুলি বেকলে।
না। তখন সন্দেহটা আমার উপর এসে পড়লো। বাবৃটি বল্লেন—
"এই ছোকরাটিকে তো চিনি না। অথচ এ আমাদের এক রকম
গা ঘেঁসেই ব'সে আছে। ওর কাপড়-চোপড় ঝেড়ে ঝড়ে দেখতো।"

তখন স্বাই মিলে আমাকে নিয়ে পড়লো।

ভিখারীর দেওয়া আধুলিটা আমার কোঁচার খুঁটেই বাঁধা ছিল। থোঁজাখুঁজির ফলে সেইটে ভারা টেনে বার করলে। তখন "চোর! চোর! আধুলি চুরি করেছে" বলে তারা সকলে মিলে মহাগওগোল বাধিয়ে তুল্লে।

আমি কত বল্লাম, কত দিব্যি করলাম, কিন্তু সে-কথা কে-ই ব, শোনে, কে-ই বা মানে ? বিশেষ, ভিখারীর কাছ হতে আধুলি পেয়েহি শুনে ভারা উপহাসের হাসি হাসতে লাগলো।

বাবৃটি রেগে আগুন হয়ে উঠলেন। বিনা দোষে মার খেলাম খুব। সঙ্গে সঙ্গে আধুলিটাও তিনি কেড়ে- নিলেন। বল্লেন—"যা বেটা চোর! অন্য কেউ হ'লে তোকে প্রুলিসে দিত। কিন্তু আমি নিতান্ত ভাল মানুষ বলেই তোকে ছেড়ে দিলাম। সাবধান, আর কখনো পরের ধনে লোভ করবি না।"

তারপর নৌকো ঘাটে লাগতেই তারা সব চলে গেল। মাঝি খেয়ার পয়সা চাইতেই আমি মুস্কিলে পড়ে গেলাম। বল্লাম,—

মৃত্যুপথের বাজী

"দেখলে তো ? আমার কাছে একটি মাত্র আধুলি ছিল, তাও বাব্টি মেরে ধরে কেড়ে নিলেন। আমি এখন পারের পয়সা কোথা থেকে দেবো ?"

মাঝি কিছুক্ষণ মামার মুখের দিকে চেয়ে রইলো। কি সে ব্যালো. তা সেই জানে। শেষে বল্লে—"কি জানি বাবৃ। ওরা বল্লে, তাম চুরি করেছ। কিন্ত তোমার মুখ দেখে আমার তা মনে হয় না। যাই হোক, তোমাব কাছে যখন আর পয়সা নেই, তখন আর ধরপাকড় করেই বা কি হবে ? যাও—ভোমায় আর পয়সা দিতে হবে না।"

মনে ভাবলাম, মাঝির কাছে যে আর মার খেতে হলো না, এই আমার পরম সোভাগ্য। যা হোক, ভিক্ষুকের দেওয়া এত বড় একটা শেষ সম্বল—আধুলি হারিয়ে নিজের অদৃষ্টকে ধিকার দিতে দিতে আর মনে মনে ভজলোকটির মৃ্ভুপাত করতে করতে আমি বিমর্থ মুখে গঞ্জের দিকে চল্লাম।

PER

পারের ঘাট থেকে রশি ছুই দ্রেই গঞ্জ। সেদিন হাটবার। ছুপুর হ'ভেই হাট বেশ জমে উঠেছে। লোকে লোকারণ্য। বেচা-কেনা থুব কোর চল্ছে। হরেক রকম তরি-তরকারী, ফল-মূল, মাছ, খাবার আর শিল্পজ্য এক-এক স্থানে স্থূপীকৃত হয়ে রয়েছে। বিস্তর ঝাকামুটে সারা হাটময় ঘোরাঘুরি করে বেড়াচ্ছে।

पङ्गानरभव याजी

সবাই মহা ব্যস্ত। সকলেই একটা না একটা উদ্দেশ্য নিয়ে ঘুরে বেড়ায়। তাদের মধ্যে আমিই কেবল উদ্দেশ্যহীন। আমার না আছে প্রসা, না আছে কোন কাজ। কেবল দারুণ কুধার জ্বালা আমাব পেটের মধ্যে আগুনের মত জ্বল্ডে।

নিকপার ভাবে সাব। গাটময় আমি ঘুবে বেড়াতে লাগলুম।
বস্তা বস্তা মৃড়ি, মৃড়কী, বাতালা পাইকারী দরে বিক্রি হচ্ছে। আমি
সত্ত্ব নয়নে কেবল চেয়ে দেখি। রাশি রাশি পাকা কলা, আম,
কাঁঠাল, ভাম, জামকল ইত্যাদি স্তরে স্তরে সাজানো রয়েছে।
লোলুশ দৃষ্টিতে আমি কেবল সেগুলির দিকে চেয়ে দেখি। প্রসা
নেই যে, সামাল কিছু কিনে খাই, আবাব কারো কাছে চাইতেও
সাহস হয় না—কি জানি, শেষে কি আবার হাটের মধ্যে নার খেয়ে
ম'রবো ?

তখন আধুলিটার কথা কেবলই মনে হ'তে লাগলো। হায় রে! সেটা থাকলে কি আজ আমাকে এই হাটেব মধ্যে কিদেয় কষ্ট পেতে হ'তো ? হ'পয়সার কিছু খেয়েও তো জল খেতে পারতুম ? আমার কষ্ট হবে ভেবেই সেই দীন ভিখারী তার সামান্য পুঁজি থেকে তা দান করেছিল। আর সেটা কিনা একজন অবস্থাপন্ন ভল্লোক জোর করে ছিনিয়ে নিলে ? তাও এমি নয়—রীতিমত মার দিয়ে।

কথাটা মনে হতেই, ব্কটা আমার টন্ টন করে উঠ্লো ।
চোখ কেটে আপনা আপনিই ঝরে পড়লো কোঁটাকয়েক
চোখের লোনা জল। একটা দীর্ঘনিঃশ্বাস ফেলে, এক স্থানে
আমি চুপ করে দাঁড়িয়ে পড়লাম। ঠিক দেই সময়ে একটি

ৰুত্যুগথের যাত্রী

ভদ্রলোক প্রকাণ্ড একটা কাঁঠাল হাতে করে আমার কাছে এসে বল্লেন:

"ওহে ছোকরা। মোট নিবি? এই কাঁঠালটা নিয়ে ষেছে পারবি?"

বল্লাম—"আজে হাা। কতদূর যেতে হবে ?"

ভদ্রলোক বল্লেন—"এই কাছেই। আধপোয়াটাক পথ হবে। নে ধর্—হু'-পয়সার বেশী পাবি না কিন্তু।"

কথার সঙ্গে সঙ্গে কাঁঠালটা তিনি আমার মাথায় চাপিয়ে দিলেন। আমিও কোন ওজর আপত্তি না করে, কাঁঠাল নিয়ে তাঁর পিছনে পিছনে চল্লাম।

ভদ্রলোক বলেছিলেন "আধপোয়া পথ"; কিন্তু চল্তে গিয়ে দেখি যে, আধপোয়া পথ আর ফুরোয় না। তিন-চারটে মোড, ছটো বাগান পার হয়ে একমাইলের উপর এলাম, তবু তাঁর বাড়ির নাগাল পেলাম না! এদিকে প্রায় পনেরো সের ওজনের কাঁঠালটা আমার মাথায় ক্রমেই চেপে বসতে লাগলো। পেটে অল নেই. মাথায় দাকণ বোঝা—চৌদ্দ বছরের ছেলের পক্ষে সেটা সোজা কথা নয়।

ভদ্রলোককে জিজ্ঞাসা করতে তিনি বল্লেন—"ওই যে সুমুখে ওই বটগাছ; তার ও-পাশেই। এরই মধ্যে এলিয়ে পড়লি। আছে। বাবু মুটে ভো। হুটো পয়সা কি এমি আসে হে ছোকরা। রোজগার এত সোজা নয়।"

শরীরটা যেন রি-রি করে উঠলো। আচ্ছা পাষও লোক জো। ইনি আবার ভদ্রলোক ? হাড়ী, মুচি. চামারদের যেটুকু বিচার-

বিবেচনা আছে, এঁর ভার শতাংশের এক অংশও নেই! তবু ইনি বাবু ?

যাক্। আমি কোন উত্তর দিলাম না। মনে মনে গজ্রাতে গজ্রাতে কাঁঠাল নিয়ে চলতে লাগলাম।

আরও পোয়াটাক গিয়ে তাঁর বাড়ী পেলাম। কাঁঠালটা তিনি বরে তুল্লেন, কিন্তু পয়সা দিতে ইতস্ততঃ করতে লাগলেন। আমার তখন ক্ষিদে অসহা হয়ে উঠেছে। ভাবছি পয়সা ছটো পেলেই যা হোক কিছু কিনে খাবো। একটা চিড়ে-সুড়কীর দোকানও দেখানে রয়েছে দেখলাম। কিন্তু পয়সা যে তিনি-দেবার নামটি করছেন না। ব্যাপার কি ?

শেষে আর সহা হ'লো না। বল্লাম—''দিন না মশাই পয়সা ছুটো! আধপোয়া বলে দেড় মাইল তো টেনে আনলেন। এখন পয়সা ছুটো দিন।''

তাতেই ভদ্রলোকের মানে খা লেগে গেল। মুচি-মুদ্দফরাসের মত আচরণ করতে লজ্জা হয় না, কিন্তু গরীবের মুখে একটি ভাষা কথা শুনলেই মহা অপমান হয়ে পড়ে। দেখলাম যে, ইনি সেই রকমের ভদ্রলোক। আমার কথায় রেগে গিয়ে তিনি উত্তর করলেন:

"কি! যত বড় মুখ নয়, তত বড় কথা। আমি ভোর কাছে সিথ্যে কথা বলেছি? ব্যাটা ছোটলোক। ব্যাটা পাজী।"

বল্লাম—"আজে গ্রা। ছোটলোক না হ'লে, মোট বইতেই ৰা আসবো কেন ? ভা, পয়সা ছটো দিন। আমায় আবাব অভদ্র ফিরতে হবে ভো ?"

বাব্টির গৃহিণী তথন সেখানে এসে দাঁডিয়েছেন। তিনি বলে উঠ্লেন—"বাবা। এতটুকু ছেলে, টক্ টক্ কবে উত্তব করে তো খ্ব। সাধে কি বলে ভোটলোক গ তা বাছা! তোমার পয়সা কি দেবো না বলেছি ? তবু শুধু একটা কাঁগাল বয়েই ছ'-ছটো পয়সা নেবে ? এই চ্যালা কাঠ ক'টা ভূলে দাও, পয়সা দিচ্ছি।"

তিনি আমাকে উঠানেব মাঝখানে বাশীকৃত প্রায় এক গাড়ীটাক চ্যালা কাঠ দেখিয়ে দিলেন।

কি সর্বনাশ। এই কাঠের ব'শ আমায় তুলতে হবে । তবে আমি পাব মজুরীর হুটো প্রসাং। এরা মান্তব না পিশাচ । ভাবলাম, ওদের প্রসার মাথায় বাটা মেরে তখনই চলে আসি। কিন্তু তখন বড়ই নিকপায়। তেমন অবস্তায় ওই হুটো প্রসা আমার কাছে হুটাকা। কাজেই তাব মায়। ছাত্তে পারলাম না।

আধ্যণী খেটে, কাঠগুলো তুলে দিলাম। তাতেও নিকৃতি নেই! যেমন চামার বাব্, তেমি চামারাণী তার গৃহিণী। তাব আদেশে শেষে উঠোনটাও ঝাঁট দিয়ে তবে রেহাই পাই। ভদ্রলোকেবা গরীবদের খাটিয়ে কি রকম মজুরী দিয়ে থাকেন, সেদিন তা হাড়ে হাড়ে ব্রুতে পারলাম।

তথন অপরাহ হয়ে গেছে। ক্ষিদেয় আব দাঁড়াতে পারছি না।
পায়সা ছটো পেয়েই, সেই দোকান থেকে ত্ব' পয়সার যবের ছাতৃ
কিনে নিলাম। নিকটেই একটা পুক্র ছিল। কোঁচার মুড়োয়
ছাতৃ বেঁধে সেই পুকুরের জলে ডুবিয়ে তা ভিজিয়ে নিলাম। ভারপর
রাক্ষসের মত সেগুলো থেয়ে, আঁজলা আঁজলা করে পুকুরের জল
পান করতে, তবে প্রাণটা বাঁচলো।

কিন্তু দেহ আর বইতে চায় না। এদিকে সন্ধ্যা হয়ে আসছে। বেখানে হোক এক জায়গায় শুয়ে রাডটা কাটিয়ে দিতে হবে। কিন্তু অপরিচিত গ্রামে থাকতে সাহস হয় না। আবার কি চোরেব বদনাম নিয়ে মার খেয়ে ম'রতে হবে । এ গ্রামের একটা গৃহস্তের যা নমুনা দেখলাম, ড়াতে এটা ভদ্রপল্লী বলতে ইচ্ছা হয় না। অগত্যা আবার সেই গঞ্জের দিকেই চলতে সুক্ত করলাম।

তথন হাট ভেঙে গিয়েছে। বড় বড় চালাগুলো সব খালি। তারই একটাতে কতকগুলো কুড়োনো খড় পেতে বিছানা তৈরী করে নিলাম। দেহটা ক্লান্ত হয়ে,ছল খুগই। কাজেই শুভে না শুতে একেবারে মঘোরে ঘুমিয়ে পড়লাম।

যথন ঘুম ভাঙলো, তখন বেশ সকাল হয়ে গেছে। এক মেথর আর এক মেথরাণী হাট ঝাঁট দিতে স্থক করেছে। আমাকে দেখে মেথরাণী বল্লে—"তুমি তো দেখজি বেশ ভদ্রলোকের ছেলে বাবু! তবে হাটের চালায় একা একা শুয়েছিলে েন ! এখানে যে নেকড়ে বাঘ আসে বাবু!"

বললাম—"কি করি বলো ? বিদেশী লোক। কেউ হয়তে, বিশ্বাস করে জায়গা দেবে না। তা্এই হাটেই পড়ে ছিলুম।"

মেথরাণী অবাক হয়ে কিছুক্ষণ আমাব দিকে চেয়ে ইলা। পরে বল্লে—"যাবে কোথায় ?" বললাম—"বেরিয়েছি কাজের সন্ধানে! কোথায় যে কাজ মিলাবে, তা তো জানি না।"

"ওরে মোর কপাল। তুমি কাজ খুজতে এসেছ এই গাঁয়ে ? এখানে সব চায়ী লোকের বাস। ভদ্দর নোকেরাও চাঘবাস করে খায়। এখানে কি চাকরী মেলে ? ভবে যদি রায়পুরে যেভে


পারো ভো এক-আধটা কাজ মিললেও মিলতে পারে। কিন্তু সে ভো এখান থেকে পনেরো ক্রোশ! পারবে ততদূর যেতে ?"

পনেরো ক্রোশ ? বাবা। সে তো তা হ'লে ত্'দিনের পথ!

এ ত্'দিন আমি কি খেয়ে পথ চল্বো ? তারপর সেখানে পৌছুলেই
ভো আর কাজ মিলবে না। সে কয়দিনই বা কি করে চলবে ?
পোড়া পেটই দেখছি আমার কাল হ'য়ে উঠলো।

আধুলিটার কথা আবার মনে পড়লো। খোঁড়া ভিখারী এই কথা ভেবেই তার সামাত পুঁজি থেকে আমাকে সেটা দান করেছিল। সে ভ্কভোগী, নিঃসম্বলের যে কত কষ্ট, সে তা ভাল রকমেই জান্ত। আর সে আমাকে সত্যি সত্যিই ভালবেসেছিল। প্রবাসে, অনির্দ্ধিষ্টের পানে চলতে গিয়ে পেটের চিন্তাটাই যে আমার প্রধান অন্তরায় হয়ে দাঁড়াবে, সে তা স্পষ্ট ভাবেই বুঝে নিয়েছিল। তাই আমাকে সে চিন্তার হাত থেকে যথাসম্ভব নিছাতি দেবার জত্যেই এমন পীড়াপীড়ি করেও সে তার কত দিনের ভিক্ষার সঞ্চয়টি অবাধে, সরলান্তঃকরণে আমার হাতে তুলে দিয়ে বঙ্গোহল—"দেশের যে রকম হাওয়া, তাতে সবদিন যে ভাত জুট্বে, তা মনে করো না। ছেলেমান্থৰ—ক্ষিদেয় কষ্ট পাবে; এটা খাকলে তবু মাঝে মাঝে কিছু কিনে খেয়ে দিন কাটাতে পারবে। একদম রিক্তহন্ত হয়ে কি বিদেশ-বিভুঁয়ে যাওয়া চলে।"

তঃ! ভিধারী কতথানি চিন্তাই করেছিল আমার জ্বন্তো! কিন্তু আমার বাবা কথনো আমার জ্বন্তে এর সিকি ভাবনা ভাবেননি; ভ্যাতিরা তো নয়ই। এক ছিল ইচ্ছের মা, যে তার শক্তি দিয়ে সাধামত আমার উপকার করতে চেয়েছিল। কিন্তু আমার



বাতের অন্ধকণৰে লাসিব ওপৰ ভব দিয়ে কোশেৰ পৰ কোশ থাৰ এগিয়ে চলে

ভাগাদোবে হঠাং মৃত্যু এদে তা'কে তুলে নিয়ে গেল! এই কি
ভগবানের বিচাব ? সাধে কি ভিথাবী বলেছিল যে, ভগবান্
নেই ? ওটা যত সব ভগু বদ্যাযেসদের ধাপ্পাবাজি ? ভগবান্
থাকলে কি আর সেই ভিথাবীর দেওয়া আধুলিটা আমার মত্ত
নিঃসহায়, নিঃসম্বল দীন দবিদ্রেব হাত থেকে একটা অজানা,
আচেনা, অর্থবান ভদ্রলোক মারধাের করে ছিনিয়ে নিতে
পারতা ?

একমনে এই রকম কত কথাই ভাবছি দেখে মেথরাণী বল্লে—
"বুঝেছি বাবু। তুমি বড ভাবনায় পড়েছ। কিন্তু কি করবে
বলো ? গরীবের ভাবনা ছাড়া আছেই বা কি ? ত। এক কাজ ।
করো বাবু। তোমাকে দেখে আমার মায়া হচ্ছে, তাই বলছি।

ওই যে ওধারে একটা চালের আড়ং দৈখছ, ওট। হ'লো হরিবাব্র। তিনি খুব ভাল লোক। প্রতি হাটের পরদিন তিনি তাঁর এক গাড়ী কবে ধান রাযপুরের ধানকলে পাঠান চাল তৈরী করাতে। আজও সেই রকম ধান যাবে। তাঁকে রাজী করাতে পারলে, চাই কি সেই গাড়ীতেই যেতে পারো। দেখ না, ওঁকে যদি রাজী করাতে পারো।"

পরামর্শ টা মন্দ লাগলো না। দেখলুম, মেথরাণী হ'লে কি হয়, ভার মনটা বেশ সরল, আর দে আমাকে সুযুক্তই দিয়েছে। ভারই কথামত আমি হরিবাবুব কাছে গেলাম আর তাঁকে আমার ছদিশার কথা পুলে বল্লাম।

হরিবাবু ধনী ব্যবদাদার হ'লে কি হয়, তিনি বাবু মোটেই নন।
নিজেকে তিনি ভদ্রলোক ব'লে পরিচয় দিতেও চান না। পরশে

একটা আধময়লা পাঁচহাতি কাপড় আর গলায় মালা—কে বলবে যে, তিনি হরিবাবু আর অতবড় একজন আড়ংদার ?

গলায় পৈতা দেখেই তিনি আমাকে একটা লম্বা-চওড়া প্রণাম করে বদলেন! দেখলাম, ব্রাহ্মণের প্রতি তাঁর অগাধ ভাক্ত। অথচ এই ব্রাহ্মণেরাই আজকাল কত নীচ, কত হীন হয়ে পড়েছে! হরিবাবু প্রণাম করতেই এই কথা ভেবে আমার নিজেরই মনে লজ্জা হতে লাগলো—আমি সঙ্কুচিত হয়ে পড়লাম।

যাক্। আমার সব কথা তাঁকে খুলে বল্লাম! তিনি জিভ কেটে উত্তর দিলেন—"সে কি! আপান ব্রাহ্মণ, তায় ছেলেমায়ুষ। বিদেশে এসে এমন মুক্তিলে পড়ে গিয়েছেন। আপনাকে একটু সাহায্য করবো, এ তো আমার ভাগ্যের কথা! টাকা নয়, কজ়ি নয়, শুধু গাডীতে বসে যাবেন। তাতে আর আপত্তি করবার আছেই বা কি ? গাড়ী তো আমার যাচ্ছেই—তা নয় আপনি একজন সঙ্গী হ'লেন। সে তো ভাল কথাই। তা বেশ! যথন পায়ের খুলো দিয়েছেন, তখন এবেলা এখানেই রহুই করুন, খান দান, তারপর বৈকালে রগুনা হবেন। ব্রাহ্মণ মায়ুষ—দেশতা। আমার বাড়ী এসে কি অভুক্ত থাকবেন? তা তো হয় না!"

হাতে হাতে যেন স্বর্গ পেয়ে গেলাম! ভাগ্যিস্ মেথরাণীর কথা শুনে এখানে এসেছিলাম। ত ইঙো এতটা স্থাবিধে হড়ে গেল! মেথরাণীকে নীচ জাতি বলে ঘৃণা করলে কি আজ কষ্টের অবধি থাবতো?

হরিবাবু যথেষ্ট সেবা করলেন। স্নানাম্ভে নিজেই পাক করলাম আতপ চাল, ঘি, আলুভাতে, তুধ, চিনি, কলা—

একেবারে রাজভোগ! হরিবাবু আমারই পাতে প্রদাদ পেলেন। আমি আশ্চর্য্য হয়ে গেলাম ব্রাহ্মণদের ওপর তাঁর এই ভাক্ত দেখে।

বৈকাল চারটের সময় মোষের গাড়ী ছাড়লো। গাড়ীতে বাত্রশ বস্তা ধান। সওয়ার আমি, আর একটা গাড়োয়ান। গাড়োয়ানকে আবশ্যকীয় উপদেশ দিয়ে, হরিবাবু আমায় আবার প্রশাম করলেন। তারপর প্রশামীস্বরূপ আমার হাতে দেলেন একটি টাকা। বল্লেন— "ব্রাহ্মণ আপনি—অপরাধ নেবেন না, এটি আপনার পথে জল থাবার জন্তে।"

আপাত্ত করতে সাহস হ'লো না। থুসী মনেই টাকাটা নিলাম। তারপর গাভী ছেডে দিলে।

STICE

একে মোষের গাড়ী, তায় পুরোদস্তর বোঝাই। কাজেই পথ যেন আর এগোয় না! বেলা চারটে থেকে চলতে সুক ক'রে, রাড বারোটার সময় একটা আড্ডায় এসে থামলো। দূব-পথের গাড়োয়ানেরা সেইখানেই রেঁধে বেড়ে খায়। আমার সঙ্গী গাড়োয়ানটাও গাড়ী খুলে দিয়ে, মোষ ছটোকে জাব দিলে। ভাবপর সেরালা সুরু করলে।

আমার পেট তথনও ভার—কাজেই আমি আর কিছুই খেলাম না । ভেকেশে ধানের বস্তার উপর শুয়ে নি শ্চিস্ত মনে ঘুমাতে লাগলাম। গাড়োয়ান খাধ্য়া-দাওয়া শেষ করে আবার ছটোর সময় গাড়ী ছেডে দলে।

রায়পুরের ধানকলে পৌছলাম প্রবিদ্দ বেলা দশটায়। গাডোয়ান ভার নিজের কাজে মন দিলে। আমিও তাব কাছ থেকে বিদায় নিয়ে চল্লাম ওই গ্রামের কোথাও একটা কাজের সন্ধান করতে।

কিন্তু সাবাদিন ঘুবেও কোন উপায় কবতে পাবলাম না। একে বিদেশী, তায় ছেলেমানুর। কাজেই কথা বল্লেই লোকে হেসে উড়িয়ে দেয়। কেউ কেউ ঠাট্টা করতেও ছাড়ে না। কেউ বলে— "চেহারাটা আছে ভাল— যাত্রার দলে মেশো না কেন হে ছোকরা! মাইনেও পাবে, আর খেতেও দেবে।"

কেউ বলে—"ণক চরাতে পারবে গ বলো তো দামু ঘোষকে বলে দি। সে ভোমাকে পেটভাতে র খতে পাবে।"

একটি বড়লোককে চাকরার কথা বলতেই তিনি মহা বিরক্ত হয়ে উঠ্লেন। বল্লেন—"নাঃ! যত সা হা ঘরে ব্যাটাদের জ্ঞালায় দেশে আর বাস করা গেল না! যে ব্যাটা আসে, সেই বলে দিও চাকরী'।"

তারপর তিনি আমাকে সক্ষ্য করে আবার বল্লেন,—"কি ছে ছোকরা! জল তোলা আর বাদন মাজার কান্ত করতে পারবে?"
এই জন পঞ্চাশের কান্ত। প্রথম ছ'মাদ মাইনে পাবে না কিছ্ত
—তা ব'লে নি,চছ। আর, এই দেশেবই কোন লোককে জামিন
রাখতে হবে। পারবে?"

ব্ঝলাম, ওর কাছে চাকরার আশা করা ব্থা। কাজ যেমনই হোক্, তায় আবার জামিন চাই। কাজেই নমস্কার করে চলে একুম।

এর পর তিন-চার দিন নানা জায়গায় চেষ্টা করতেই কেটে গেল।

হবিবাবুব টাকাটি আছে তাই রক্ষে। ত্র'চার পয়সা করে খাই আর বাতে যেখানে হোক এক জাযগায় পড়ে থাকি। সারাদিন কাটে কেবল চাকরীর সন্ধান কবতে কবতে। শেষে একদিন একটা সামান্ত গোছের চাকরী যোগাড় হয়ে গেল।

একটি কায়স্থ ঘরের মেটে বাপেব বাড়ী এসেছিলেন বেডাতে।
তাঁর কোলে একটি খোকা। তিনি আমাকে তাঁর শশুর বাড়ী
নিয়ে যৈতে চান। ছেলে ধবা আব দোকান-বাজার করা— এই শুধু
কাজ। তারপর বিশ্বাসী হযে থাকলে. তাঁর জমিদার শশুবকে বলে
আমার অনেক বিছু ভাল করে দেবেন। মাইনে, খোরপোব আর
ছটো টাকা।

অন্য আশা আর নেই। কাজেই তাতে রাজী হয়ে গেলাম এবং পরদিনই তাঁর সঙ্গে আরো দশক্রোশ দূরে রাধানগরে চল্লাম চাকরী করতে। রায়পুরের পাশেই নদী। নৌকো চড়ে আমরা চল্লাম রাধানগরে।

বাহয়ে

রাধানগরে এসে ব্বতে পারলাম যে, বড়লোকগুলি যেন আর এক ভগবানের সৃষ্টি। তাদের জীবনের আডম্বর ধ্ব, কিন্তু তার মধ্যে হাদয় নেই। স্বার্থপরতা তাদের শিরায়-শিরায়, অস্থিতে-অস্থিতে মঙ্গাগত। নিজেদের সুখ-স্বচ্ছন্দতা তারা এত বেশী

বোঝে যে, তার জত্যে তারা গরীবদের রক্ত-মাংসে গড়া মানুষ বলে স্বীকার করতেই চায় না।

মনে একটা প্রাণ্ণ হ'ল, বড়লোকগুলি কি গরীবদের শব্রু হ'য়ে জন্মে আছে ? যে ক'টি বড়লোকের সম্বন্ধে আমার অভিজ্ঞতা হয়েছে, ভাদের স্বাই দেখ্ছি ঠিক ঐরূপ।

যে মেয়েটির শ্বশুরবাড়ী চাকরী করতে এসেছি, তাঁরা খুব বড়লোক
— জমিদার। আমার মত আবো পাঁচ-ছয়টি চাকর তাঁদের রয়েছে।
আমাকে তাদের দলে ভর্তি হ'তে দেখে অবধি তারা ঠারে-ঠোরে
আমাকে কত কি যেন বলতে চেষ্টা করতো। কিন্তু আমি তাদের
কোন কথাই বোঝবার চেষ্টা করিনি।

এক সপ্তাহ যেতে না যেতেই বুঝতে পারলাম যে, সে-বাড়ীতে কাজ করা হংসাধ্য। বাড়ীর ছোট খোকাটি থেকে বুড়ো কর্ত্তা পর্য্যন্ত প্রত্যেকেই এক একজন মস্ত মনিব। তাদের নানা জনের নানা হুকুম ভামিল করা মাহুষের সাধ্য নয়। আবার হুকুম পালনে এক মিনিট বিশম্ব কি ক্রটী হলেই আর রক্ষে নেই। হাতে মাথা কাটবার জন্মে ভর্খনি বিশটা হাত 'রে রে রে' করে তেতে আসবে।

এদিকে কিন্তু চাকরদের খাওয়ার দিকে দৃষ্টি করবার মত লোক একজনও নেই। তুপুরের ভাত খেতে চারটে বেজে যায়—তাও যা খাবার, সে বৃঝি কুকুরেরও অখাতা। ভোর বেলা কোন জলখাবারের নাম-গন্ধও নাই। তা ছাড়া, কথায় কথায় প্রহার আর ভাতবন্ধ, এ যেন প্রায় নিত্য-নৈমিত্তিক ব্যাপার।

বাব্দের আর বাডীর মেয়েদের কিন্তু সারাদিনই ভোজ লেগে আছে। তাঁদের যেমন রকমারী খাওয়ার ঘটা, তেয়ি রকমারী

থেয়াল। তাঁদের পিছনে ছুটোছুটি করতে করতে এক ঘটী জল খাওয়ারও সময় পাওয়া যায় না।

পনেরে। দিন কাজ করলাম, তার মধ্যে পাঁচদিন ভাতবন্ধ। কানমলা, চড়-চাপড তো আছেই। ছ'দিন কর্ত্তাবাবুর কাছে বৈত্ত খেলাম বিলক্ষণ। অপবাধ, একদিন ধোয়া জাজিমের ওপর কালির দোয়াত উপ্টে দেওযা, আর একদিন একটা কলকে ভাঙা। কিন্তু আশ্চর্য্য যে, একটা লোকও তার জন্মে একট্ 'আহা উন্ত' করলে না!

চাকবীর সথ্ মিটে গেল, এখন পালাতে পারলেই বাঁচি।
কিন্তু হাতে আর কিছু নেই। হরিবাবুর টাকার যে কয় আনা
অবশেষ ছিল, তা বাব্দের বাজারে গচ্ছা দিতেই শেষ হয়েছে।
ভাবলাম, পনেরো দিনের মাইনেটা যদি পাই, তাহলেও একটা টাকা
হবে। তাই নিয়ে যেখানে হয় সরে পড়বো। তারপর যা আছে
কপালে।

কিন্তু চাকরদেরই কাছে জানলাম যে, এ বাড়ীতে মাইনে দেওয়ার রেওয়াজ নেই। তারা কেউ এক বছর, কেউ ছ বছর কাজ করছে, কিন্তু আজ পর্য্যন্ত একটি পয়সা মাইনে ব'লে পায়নি। মাইনে চাইলেই চোর বদনাম নিয়ে পুলিসের গুঁতো খেতে হবে। ছ-একজনের সেই দশাই হয়েছে।

কি সর্বনাশ! এর নাম জমিদারের বাড়ী চাকরী? এর নাম বড়লোকের অন্ন? এখান থেকে পালাতে পারলে যে বাঁচি! কিন্তু পালাতে গেলেও লুকিয়ে পালাতে হবে। নইলে বাবুরা জানতে পারলে তখনি হয়তো কোন ফ্যাসাদে পড়ে যাব।

যাই যাই করে আরো ক'টা দিন কাটলো। স্থযোগ আর আসে না। ইতিমধ্যে আরো অনেক বিছু দেখতে ও জানতে পেলাম। জমিদার যে বি ভয়ানক জীব, তা জেনে আমার সাবা দেহ আর মন বিষের জালায় জলে যেতে লাগলো।

ভাবলাম, সব জমিদারই কি এইরকম ? তথনই সক্ষল্প করলুম, "হে ভগবান! যদি কখনো সুযোগ পাই তবে এইরকম বড়লোকদের যেন সর্কনাশ করতে পারি। আমার জীবনের প্রধান সাধনাই যেন হয় অত্যাচারী বড়লোকদের সর্কনাশ-সাধন।"

ভখন খাজনা আদায়ের ভরা মরশুম। লাটের কিন্তি মেটাবার জন্মে নায়ের, গোমস্তা, কারকুন, পাইক, পেয়াদা সকলে পাগ্লা কুকুরের মত গরীব প্রজাদের ওপর হানা দিতে স্কুরু করেছে। খাতির নেই, কৈফিয়ৎ নেই, বিচার-বিবেচনা করবারও কিছু নেই। টাকা দাও—টাকা! টাকা! ধান হয়নি, পাট হয়নি অজন্মা, অনাহার, রোগ, শোক, মৃত্যু—ওসব অছিলা চালের মট্কায় তুলে রাখো। আগে টাকা বের করো, ভারপর ওসব কথা! গরীব প্রজারা হুচোখে

বাবুরা একেবারে রুদ্র মূর্ত্তি ধ'রে বসেছেন। প্রজাদের কান্ধা-কাটি, অমুনয়-বিনয় কিছুতেই তাঁরা কান দিতে নারাজ। লাটের কিন্তির বেলা দয়ামায়া দেখাতে গেলে কি চলে? টাকা দাও— নইলে যে উপায়ে হোক, তা আদায় করে নেওয়া হবে।

এতদিন যা কিছু আদায় হয়েছে, তা সব বাব্য়ানী, স্থ-সৌখিনতা, আর বদ্ধেয়ালের পিছনেই গেছে। এখন প্রভার বুকের রক্ত শোষণ করে জমিদারী রক্ষা করা চাই। তাতে প্রজা

মাক্ক বা বাঁচুক, তা দেখার ভার সেই জমিদাবেব নয়। তাই টাকা সংগ্রহেব জন্ম গরীব প্রজাদের ওপব জুলুম, অত্যাচার, মবিচার আর নির্মামতার চরম অভিনয় আরম্ভ হযে গেল।

, নিতাদেখি, পাইকরা জমিদার বাব্ব কাছে দলে দলে গরীব প্রজাদের ধরে আনছে। তাদের কি সাগা! কি হুর্গতি! কি কষ্টভোগ! কাউকে সারাদিন প্রচণ্ড বোদে দাঁড কবিয়ে রাখা হুযেছে। তৃষ্ণায় ছাতি ফাটবাব উপক্রম কবলেও হাজাব অন্তন্ময় সুত্তেও এক ঢোক জল তাকে দেবাব হুকুম নেই। কাউকে বা জল-বিছুটী লাগিয়ে দেওয়া হজ্ছে—দে পাবত্রাহে চীংকার করতে কবতে লাফালাফি সুক কবে দিখেছে। আবার কারও ভাগো নির্মম বেত্রাঘাত। বেচারাব সারা শবীর ক্ষত বিক্ষত ও বক্তাক্ত হয়ে গেছে।

এদিকে প্রজাদের গোলা শৃত্য কবে, তাদের খোরাকী ধান গাড়ী বোঝাই করে আনা হচ্ছে। তাবা হয়তো অন্নের অভাবে অনাহারেই মারা যাবে। কিন্তু সে বিবেচনা কববে কে ? খাজনা দাও, নইলে এই ধান বেচে যতদুর সম্ভব তা আদায় করা হবে।

প্রজাদের গাই, বাছুর, চাষেব বলদ, ছাগল, ভেডা—সব ধরে এনে জমিদারের খোঁয়াড়ে ভর্ত্তি করা হচ্ছে। টাকা দাও, ভবে এসব খালাস করে দেওয়া হবে। নইলে এসব নীলাম করে আদায় করা হবে জমিদারের খাজনার টাকা।

পুক্রের মাছ, ক্ষেতের ফদল, গাছের ফল, জোর-জবরদস্তির সঙ্গে উঠিয়ে আনা হচ্ছে। তার বেশীর ভাগই হয়ে যাচ্ছে লুট। অবশেষে যা থাকে, তা জমিদারের খরচের দা ীতেই শেষ হয়ে যায়। প্রজার দেনার এক কণাও তাতে শোধ হয় না।

চক্ষের উপর এই সব রোজই দেখি, আর গায়ের জ্বালায় ছট্ফট্ করে মরি। ও:। এর নাম জমিদাবী ? এমন নিষ্ঠুর লোককে বলে জমিদার ? আর তিনিই হচ্ছেন আমার মনিব ?

জীবনে অনেক কন্ত পেয়েছি। চৌদ্দ বছর বয়সেই মানুষের সম্বন্ধে অভিজ্ঞতা যেটুকু লাভ হয়েছে, তাতে মনটা তিক্ত হয়ে উঠেছে খুবই। এর আগে আমার মন বড়লোকদের বিরুদ্ধে কখনো এতটা বিদ্রোহী হয়ে ওঠেনি। এখন এই সব পৈশাচিক আর্চরণ স্বচক্ষে দেখে আমার প্রাণের ভিতরে যেন একটা রাক্ষসের প্রতিহিংসা মাথা চাডা দিয়ে উঠ্তে লাগ্লো!

মনে মনে ভগবান্কে ডেকে বলতে লাগলাম—"শক্তি দাও ভগবান্! শক্তি দাও! সুখ চাই না, বিলাস চাই না,—মানসম্ভ্রম, ঐশ্বর্য কিছুতেই আমার দরকার নেই। শুধু আমাকে শক্তি দাও, যেন তারই সাহায্যে গরীবের মহাশক্ত এই রকম বড়লোকদের আমি ধ্বংস করতে পারি।"

যাক্। এর পরই একটা স্থুযোগ এদে গেল। নদীর পরপারে বনকালীর মন্দির! দেখানে পূজে। পাঠাতে হবে। চাকরদের মধ্যে আমি ছেলে মানুষ—তায় ব্রাহ্মণ। আমাকে নদী পার হয়ে দেখানে পূজো দিয়ে আস্বার হুকুম হ'য়ে গেল।

একটা তামার থালায় কিছু ফল-মূল, ফুল-বিল্পত্রাদি নিয়ে চল্লাম দেখানে পুজো দিতে।

পূজে। ঠিক পৌছে দিলুম বটে, কিন্তু আমি আর ফিরলাম না। শুধু হাতে, নিঃসম্বল অবস্থায় মাঠের পথ ধ'রে আবার সেই ক্রোশের পর ক্রোশ ভেঙ্গে চল্লাম—কোথায় কোন্ অনির্দিষ্টের অভিমুখে।

ভেৱে

চল্লাম বটে, किন্তু সে চলার শেব আর মেলে না। সেদিকে মাঠের পর মাঠ, তার পরে মাঠ। মাঝে মাঝে এক একটা বিল, জলা বা জঙ্গল! চাবের ক্ষেত্ত বড় একটা চোথে পড়ে না। মাঠে কেবল খড় আর কাঁটা-গাছের রাজ্য। না জেনে শুনে এমন পথে পা দিয়েছি সনে করে বৃক্টা বড়ই দমে গেল। তবু যথাসন্তব জোরে জোরে পা চালাতে লাগলাম—কেবল আশায় ভর করে।

ক্রমে তুপুর উত্তীর্ণ হয়ে গেল। তৃঞায় প্রাণ যায়। শেষে একটা জলায় নেমে আঁজলা করে জল খেয়ে নিলাম। তারপর আবার চলতে লাগলাম, কোন একটা লোকালয় পাবার আশায়।

শেষে একটা নানা রকম গাছঘেরা গ্রাম চোখে পড়লো। কিন্তু সেটা অনেক দ্রে—বোধ হয় তথনও ত্র'ক্রোশ। দিগুণ উৎসাহে সেই দিকেই পা চালিয়ে দিলাম।

কিন্তু অল্পন্ন যেতে না যেতেই বুঝতে পারলাম, আমার শরীর যেন কেমন কেমন হ'য়ে আসছে ! মাথা বেজায় ভার, সেই সঙ্গে বিমির একটা ভীত্র ভাব । এক মুহূর্ত্তে মহা অসুস্থ হয়ে পড়লাম । বুঝলাম,—জলার পচা জঙ্গ খেয়েই আমার এমন দশা উপস্থিত হয়েছে ।

কিন্তু উপায় নেই—চলতেই হবে। নইলে সেই তেপান্তর-মাঠের মধ্যেই মরণ অনিবার্যা। পারি না, পারি না, করেও তাই প্রাণপণে ছুটে চল্লাম সেই গ্রামটির দিকে।

গ্রামের সীমা পেলাম ঠিক সন্ধ্যায়। প্রথমেই একটা নদীর বাঁক। আমাব ডান দিক থেকে এদে ঠিক সেইখানটিতে নদীটা ব্রেঁকে গিয়েছে। নদীব ধাবে একসঙ্গে তুটো ভালগাছ দাভিয়ে আছে। ভার বশি ছই ভফাভেই দেখা যাচ্ছে লোকালয়। ভাবলাম প্রথমেই যে বাড়ী পাবো, সেখানেই আশ্রয় নিতে হবে।

কিন্তু তালগাছের কাছে আসতেই হঠাং সুরু হলো বমি। সঙ্গে সঙ্গে কি ভয়ানক কাপুনি। সাধ্য কি যে আব এক পাও এগোই। দাঁতের উপর দাঁত যেন চেপে বসতে লাগ্লো! দম আর ফেল্তে পারি না। জীবনেব আশা ছেতে দিয়ে সেইখানেই মুখ খুণ্ডে পড়লাম্। ভাবপর কখন যে চৈততা লোপ পেয়ে গেল, তা বলতে পারি না।

সারা রাত কোথা দিয়ে কেটে গেল, জানি না। সকালেও সেই অবস্থা। একবার শুধু ক্ষণিকের জন্ম বোধ হ'লো কে যেন আমায় কি বলছে! কিন্তু পরক্ষণেই আবার বেহু স হযে পড়লাম।

এরপর যথন আবার জ্ঞান হ'লে, তখন ব্ঝলাম যে আমি একটা বিছানার উপরে শুয়ে আছি। আমার শরীরে আর কিছুই নেই। অতি কটে ঘাড় ফিরিয়ে দেখলাম, আমার মাথার কাছে একজন দেবীরূপিণী বিধবা বলে আছেন। তাঁর চোখ ছটিতে কি অসীম করুণার ভাব মাখা! তাঁর মুখখানিতে কি অগাধ মমতা আর সান্ধনার অভিব্যক্তি!

বিস্মিত ও মুগ্ধ দৃষ্টিতে আমি তাঁর দিকে চেয়ে দেখতে লাগলাম। ইনিস আমার মা—তোমার স্ত্রী অনিতার জননী। মানুষীর ছদ্মবেশে স্বর্গের দেবী যে পৃথিবীতে বাস করেন, জীবনে তা আমি

সেইদিনই প্রথম জানলাম। তাবপর তাব সাবে সাব তাঁবই দয়ায় আনেকদিন পরে আ ম যেন ন্তন ভাবে ন্তন জীবনে জেগে উঠ্লাম।

ন্তন জীবনই বটে। এব সঙ্গে থামাব সেই চির তু:খ-কন্তসঙ্কল অভীত জীবনের কোথাও এত টুকু মিল নেই। সেই প্রেষ্ঠ দয়া মায়া ইত্যাদি হতে চির বাঞ্চত, দেই আবচার অত্যাচার আর অযথা উৎপীড়নেব দ্বাবা চিব-উৎপীড়িত, দেই অশেব হুর্ভাগারিক্ট আমি যেন দেই নদীতীরের তালগাহেব তলায় ম'রে একটা অভেনব মায়ার রাজ্যে এসে জন্মগ্রহণ কবেছি। সেখানে মায়ের অফুরস্ত মেহের সঞ্জীবনী-শক্তিতে জড় পাষাণেও জেগে এঠে প্রাণের স্পান্দন, অমাবস্থার জমাট অন্ধকারের মধ্যেও জলে ওঠে পৌর্গমাসীর স্লিক্ষ জ্যোৎসা, নরকের তীব্র দহনজালার উপরে নিজে নিজেই এসে পড়ে অমৃতের প্রলেপ। কি পুণ্ফলে আমি যে এমন মায়ের স্লেহাশ্রমে এসে পড়েছিলাম, তা আজ্বও আমি ভেবে ঠিক কবতে পারে ন।

রোগ থেকে মুক্ত পেলাম, পূক্ষাস্থাও ফিরে এল, কিন্তু আমি সেখানে মায়ের কাছে একেবা⊲েই বাবা পড়ে গেলাম। মায়ের একটি মাত্র মেয়ে অনিতা তখন ছ'বছরের শিশু। আমিই হলাম মায়ের বড় ছেলে, মায়ের অতি আদরের পালিত সন্থান।

আদর যে এত মিষ্টি, স্নেহ যে এত কোমল, মায়া যে এমন মনোহর, এর আগে কোনদিন তার একট্ও জানতে পারিনি। জানলাম এই চৌদ্দ বছর বয়সে, এই দাক্ষাং ভগবতীর মত মা আর ননীর পুত্লের মত বোন পেয়ে। হায় রে! স্বর্গের এমন আশীর্বাদ,

—পৃথিবীতে থাকতেও যারা অপরকে তা থেকে বঞ্চিত করে রাখে, ভাদের মত মহাপাপী কি আর ব্রহ্মাণ্ডে আঙে ?

বঙ সুখে, বড় আনন্দে দিন কাটাতে লাগলাম। মায়ের কাছে আমার আত্মকথা সবিস্তারে সবই বলেছিলাম। সেই সঙ্গে বলেছিলাম আমার জীবনের প্রধান সঙ্কল্লের কথা।

মানুষের প্রতি মানুষের মত্যাচার, গরীবের প্রতি বড়লোকের প্রাণহীন নিশ্মম ব্যবহার, বাংলার দিকে দিকে যে হাহাকারের সৃষ্টি করে তুলেছে, আমি যে তারই প্রতিহিংসা নিতে কৃতসক্ষল্প, সে কথা মায়ের চরণে বেশ প্রাণ খুলেই নিবেদন করেছিলাম।

চোখের জলে ভাসতে ভাসতে মা আমার মাথাটা তাঁর কোলের উপর সম্বেহে টেনে নিয়ে গদগদ স্বরে উত্তর করেছিলেনঃ

"বাছারে। এতটুকু বয়সে যে পাহাড়-প্রমাণ ছঃখ তুই পেয়েছিস, আমার সমস্ত বৃকট। দিয়েও আমি তা মেপে উঠতে পার ছি না। তোর যে এমন কঠোর সক্ষল্ল হবে, এ তো স্বাভাবিক। আমার বোধ হয়, এ বৃঝি ভগবানেরই খেলা। তিনি যে তোকে তোর জন্ম হতেই এতটা নির্যাতন সইতে দিয়েছেন, সে শুধু তাঁরই উদ্দেশ্য সিদ্ধির জন্মে। দরিদ্রনারায়ণের ছঃখে নারায়ণের আসন টলেছে নিশ্চয়। তাই হয় তো তোকে দিয়েই তিনি এর প্রতিকার কবতে চান। নইলে এই কচি বয়সে, এই দারুণ প্রতিহংসার প্রবৃত্তি তোর হবে কেন ং যাক্—গাঁরই ইচ্ছা পূর্ণ হবে—কেই বা তা রোধ করবে বল্ং তবে যাই করিস, দেখিস বাবা। যেন নিজের জন্মে পরের অনিষ্ট করতে যাস্ না। নিঃস্বার্থভাবে যা করা যায়, সেইটিই কাজ,—তাতে পাপ নেই। কিন্তু স্বার্থের গন্ধ থাকলেই

সেটা পাপকাজ—ভগবানের দয়া তাতে পাবি না। এইটুকু সর্ব্বদাই বুঝে চলিস্। এর বেশী তোকে আমার বলবার কিছুনেই।"

মায়ের সে উপদেশ গ্রামার ভবিষ্যুং দস্থ্য-জীবনে যে কি প্রভাব বিস্তার করে এসেছে, তা আমি বলে শেষ করতে পারি না। প্রতিহিংসার তাডনায় আর সঙ্কল্পের খাতিরে অত্যাচারী ধনী মহাজনদের সর্বস্ব লুট করে তাদের মধ্যে অনেককেই নিষ্ঠুর ভাবে হত্যা কবে এসেছি; কিন্তু একদিনের জন্মেও আমার মনে হয়নি যে, আমি কোন পাপ করেছে। যা কিছু আমি করেছি, তাতে প্রেরণা জুগিয়েছে শতসহস্র নিগৃহীত দরিজনারায়ণের কাতর আবেদন, আর তাতে উপকৃত হয়েছে তারাই।

যাক্। সে সব পরের কথা। এমন অশেষ করুণাময়ী জননীর কোলে আশ্রয় পাবার পরে, আবার কেমন করে আমি এমন ছুদ্দান্ত দস্যু হয়ে উঠলাম, সেই কথাই আগে ভোমাকে সংক্ষেপে বলছি, শোনোঃ

মায়ের কাছে থুব যজের সঙ্গেই আমি প্রতিপালিত হতে লাগলাম। একদিকে যেমন প্রচুর ভোগ, অন্তদিকে তেয়ি নানা-রকম স্বাস্থ্যোন্নতির ব্যবস্থা! কুন্তি, ব্যায়াম, লাঠি, সড়কীখেলা, ঘোড়দৌড়, সাতার—সব তাতেই হয়ে উঠলাম অসাধারণ দক্ষ। হ'বংসর পরে আমার ওস্তাদেরা আর আমার স্বমুখে দাড়াতে পারে না। পাণ্ডবগুরু জোণাচার্যাের কাছে অন্ত্রশিক্ষা পেয়ে মধ্যম পাণ্ডব অর্জুন যেমন তাঁরই আশীর্কাদে তাঁকেই অভিক্রম করে গিয়েছিলেন, আমিও তেমি আমার ওস্তাদদের ডিলিয়ে তাঁদের অনেক উপরে

উঠে গেলাম। গায়ের জোর আর অস্ত্রচালনায় আমার সমকক্ষ বলতে কেউ আর রইলোনা।

আমার মায়ের অবস্থা পূর্বে খুবই ভাল ছিল। তাঁর স্বামী ছিলেন ওই অঞ্চলের পুরুষান্তক্রমে বিশিষ্ট একজন জমিদার। কিন্তু তাঁরই একজন দ্রসম্পানীয় জ্ঞাতি গোবিন্দলাল নানা কৌশল, ছলনা আর জাল জুয়াচুর করে জমিদারীর প্রায় চৌদ্দ আনা অংশ ফাঁকি দিয়ে নিয়োছল। তিনে এ ব্যথা সহ্য করতে পারেননি। ভাই অনিভার জন্মের ঠিক পরেই অক্সাৎ হার্টফেল হয়ে তিনি মারা গিয়োছলেন।

গোবিন্দলালের অত্যাচার কিন্তু চলছিল ঠিক সমান ভাবে। সে জন্মে আমার মাকে থুব সাবধানে আর ভয়ে ভয়ে বাস করতে হতো। কিন্তু আমি সেই রকম বলবান আর থেলোয়াড় হয়ে ওঠার পর হতে সে ভয় তাঁর আর রইলো না।

মায়ের উপর কোন অত্যাচার করতে সে সাহসী হল না বটে,
কিন্তু গরাব প্রজাদের উপর হতে লাগ্লো অকথ্য অত্যাচার।
ইতিপূর্বের চিরদিন তারা মায়েরই প্রজা ছিল। ইদানীং গোবিন্দলালই
হয়ে উঠেছে প্রায় সবটুকু জমিদারীর মালিক। মায়ের যেটুকু সামায়
অংশ অবশেষ আছে, তাও সে গায়ের জোরে দখল করতে চায়।
প্রজারা কিন্তু বেইমানী করতে চায় না। এই জ্যেই তাদের উপর
নানারকম জ্লুম চলতে লাগ্লো।

রাধানগরে যে পশুতের অভিনয় দেখে এসেছি, এখানেও প্রায় তাই। প্রজারা দলে দলে মায়ের কাছে এসে কাঁদতে পাকে। কিন্তু মা আমার নিরুপায়। কি প্রতিকার তিনি

যুত্যুপধের যাত্রী

করবেন ? ডিনিও তাই তাদের ছঃখে তাদের সঙ্গেই কাঁদতে বসে যান।

মানার দেহে মাগুন জ্বাতে থাকে। মায়ের চোথে জ্বল দেশে আমার আর কোন নীতি, কোন আইন মানবার প্রবৃত্তি থাকে না! মনে হয তথনই বাবের মত লাফিয়ে গিযে পড়ি, গোবিন্দলাল আর তার সাহাযাকারাদের সকলে ধ্বংস করে আমার মায়ের চোথের জল মৃছিয়ে দিই; মায়েব প্রজারাত সেই সঙ্গেই পেয়ে মাক্ নিজ্তি।

কিন্তু সে কাজে বাধা পাই মায়ের মৃত্ব ভং সনায় আর অনিতার কারাতে। আমাকে রাগতে দেখলেট সে কেমন যেন ভয় পেলে যায়, আর প্রাণপণে আমার গলা আকড়ে ধরে চীংকার করে কাঁদভে থাকে। বাধ্য হয়ে মনের আগুন মনে চেপে, নানা উপায়ে ভাকে শাস্ত করতে ব্যস্ত হয়ে উঠি।

কিন্তু মন আব কিছুতেই মানতে চায় না! শৈশব থেকে দে ত্বের আগুন চিবদিন বুকের মধ্যে ধিকি-ধিকি জ্লছে, দে আর কিছুতেই চাপা থাকতে রাজী নয়। সে চায় এইবার দাবানলের মছ জ্বলে উঠে এক নিমেষে সারা দেশটা ছারখার করে দিতে। মনে হ'ল—মানুষ হয়ে জন্মে, মানুষের প্রতি পশুর অত্যাচার যদি দমন করতে না পারি, তবে কিসের জীবন ? কেন তবে এত উৎপীড়ন স'য়ে বেঁচে থাকা ? মায়ের চোখের জ্ল, আর ভায়েদের করুব আর্ত্তনাদই যদি দেখতে বা শুনতে হয়, তবে নিজের ভোগবিলাস, সুখ-স্বাচ্ছন্দ্য নিয়ে মন্ত থাকার চেয়ে পশুষের নিদর্শন আর কি

যুত্যুপথের যাত্রী

ভিথারী কি বেদমন্ত্রই আমার কানে ঢেলে দিয়েছিল। তার প্রতিটি শব্দ তখনো আমার বুকের মধ্যে গাঁথা ছিল। সে বলেছিল —"আমি মানি আর আমি বিশ্বাস করি যে এই পৃথিবীতে যারা হতভাগ্য, যারা দীনহীন, তারা সকলেই আমার ভাই—আমার আপনার লোক। কিন্তু ভদ্রলোক বা বড়লোকেরা আমাদের শক্র।"

সেই গরাব ভাইদের প্রতি নৃশংস জমিদার ও বড়লোকদের এত অভ্যাচার। এর প্রতিশোধ না নেওয়া পর্য্যন্ত কিছুতেই আর মনকে শাস্ত রাথতে পারি না।

কিন্তু কি উপায় ? কোথায় সেই প্রতিশোধের পথ ? ভেবে আর কিছু ঠিক করতে পারি না। যত দিন যায়, মন ততই অধীর হ'য়ে ওঠে। নিভ্য-নতুন অত্যাচারের সংবাদ আমার জ্বলম্ভ হিংসার আগুনে আরও যেন ইন্ধন যোগাতে থাকে।

মায়ের কাছে আদরে, যত্নে, ভোগে, বিলাসে দিন কাটে, কিন্তু তবু মনের অধীরতা ক্রমেই যেন বেড়ে ওঠে। আমি যথাসাধ্য গোপন করে চলি, কিন্তু মায়ের তীক্ষ দৃষ্টিতে তা ধরা পড়ে যায়। মা আমাকে কত উপদেশ দেন, কত বোঝান; কিন্তু সে সব কথায় নৃতনত্ব কিছুই খুঁজে পাই না। আমারও প্রাণ তাই তাতে সান্তন্য মানে না।

ভখন কুড়ি বংসরে পা দিয়েছি। এই বয়সেই আমি একজন মস্ত পালোয়ান। বালোর সেই ভীক্ষ, গুজ্গুজে তুর্বল ছেলের পরিবর্তে এখন আমি যেমন বলবান, ভেয়ি তঃসাহসী। মায়ের আশীবর্বাদে আমার সেই গোজন্ম ঘুচে গিয়ে, আমি যেন এখন একটা দক্তরমত মানুষ হ'য়ে উঠেছি!

এমনি সময়ে আমাদের গ্রামের পাশে নদীর তীরে সেই জোড়া তালগাছের তলায় একজন সাধু এসে আড়ভা গাড়লেন। সাধুর বেশ— ভ্ষায় ভগুনীর বাহুল্য নেই। তাঁর না আছে দীর্ঘ জ্ঞানীর বাহুল্য নেই। তাঁর না আছে দীর্ঘ জ্ঞানীর বাহুল্য নেই। তাঁর না আছে গাঁজা টানার ধুম। গৈরিক বসন আব গলায় একছড়া রুজাক্ষের মালা—এই ছিল তাঁর সাধুত্বের একমাত্র নিদর্শন। হাতদেখা, ভাগ্যগণনা, বা কবচ-মাছুলী দান একবারেই ছিল না। কাজে কাজেই প্রথম হ'তে তাঁর প্রভি অনেকেরই কেমন একটা শ্রদ্ধা এসে গেল।

সাধুর কোন অহস্কার নেই। যে যায়, তার সঙ্গেই তিনি হেসে কথা বলেন। কৌতৃহলী হ'য়ে আমিও একদিন গেলাম তাঁর সংস্থ সাক্ষাৎ করতে।

সেই দিনই বুঝলাম, সাধু এক অপূবর্ব ধরণের লোক। সাধু হলেও ধর্মের কোন গোঁড়ামী তাঁর ভিতরে নেই। দেব-দেবী পূজা বা লোকিক ধর্মাচারকে তিনি প্রকৃত ধর্ম বলে স্বীকার করেন না। তিনি বলেন, "ওগুলি সব ভগুমী।" তাঁর মডে ভগবান বা ঈশ্বর একটা স্বতন্ত্র সত্তা নয়, এই বিশ্বত্রশাশুই ভগবান্। পৃথিবীর জীব জন্তু মামুষ প্রভৃতিকে অবহেলা বা ঘূলা করে, মাটি বা পাথর দিয়ে ভগবানের মূর্ত্তি গড়ে পূজো করলেই ভগবানের পূজো করা হয় না। সবর্ব জীবের সেবা আর বিশেষ করে মামুষের উপকার করলেই প্রকৃত ধর্মাচরণ করা হয়—কারণ, মামুষই ভগবানের স্বরূপ।

অবাক হয়ে গেলাম। সাধুর উপর প্রগাত ভক্তি এসে গেল। সেই থেকে প্রতিদিনই তাঁর কাছে আদা-যাওয়া করতে লাগলাম।

क्षार्था राखी

আমার নিজের জীবনের আক্তম্ত ইতিহাস ও আমার সকল্লের কথা। সবই তাঁর কাছে প্রকাশ করলুম। ভিনি কেবল একটু হাসলেন।

খানিক চুপ করে থেকে ভিনি বল্লেন—"বেটা। আজও তুই
বৃষতে পাবলি না যে, ভগবান ভোরই বৃকের মধ্যে রয়েছেন? তিনিই
তোকে চোখে আঙুল দিয়ে দেখিরে দিচ্ছেন যে, কোন্গুলো পাপ
আর কোন্গুলো ধর্ম। আর যে সকল্লের কথা তুই বলছিস্, ওটা তোর
বাহাত্রী নয়—ওটা হচ্ছে ভাঁরই নির্দ্দেশ। তিনি চান একের ভিতরে
তাঁর দশুশক্তি জাগিয়ে তুলে অপর দশজনের মহাপাপের দশু দিতে।
ভাঁর তো আর স্বতন্ত্ব অক্তির নেই। তাই মামুষকে দিয়েই তিনি
ভাঁর কাজ করিয়ে নেন।

মহাভারতের কথা ভেবে স্থাখ়। প্রীকৃষ্ণ নিজেই ভগবান্। তিনি কি হচ্ছে করলে একদিনেই পৃথিবীর ভার হরণ করতে পারতেন না ? ভবে কোরব আর পাশুবদের মধ্যে কৃরুক্ষেত্র-যুদ্ধ বাধিয়ে দিয়ে তিনি পাপী আর পুণ্যাত্মা গুই দলেরই মৃত্যু ঘটালেন কেন ? কাজ ভগবানের, কিন্তু করে মাছুয়ে—কারণ মানুষ্ই তাঁর পূর্ণ স্বরূপ।"

সাধুর কথায় কি উংসাহ যে প্রাণে এসে গেল, তা আর বলতে পারি না। আমি তখন তাঁর পা জড়িয়ে বল্লাম:

"আমি ব্রুতে পেরেছি বে আপনি একজন মহাপুরুষ। দয়া
করে আপনি আমায় শিষ্য করে নিন, আর আমায় বলে দিন যে,—
এখন আমি কি করবো ? মানুষের ওপর মানুষের অক্তায় অত্যাচার
দেখে দেখে আমার মনের ভিতরটা পুড়ে কয়লা হয়ে গিয়েছে। আমি
অতি সামান্য লোক—তব্ আমার মনে এর প্রতিহিংসার বাসনা জেগে
উঠলো কেন, তা আমি ব্রুতে পারতাম না। এখন জানলাম সেটা

युष्टाशस्त्र याको

ভগবানের নির্দ্ধেশ। তবে বলুন, কি করলে আমি তাঁর আদেশ পালন করতে পারবো ?"

সাধু আমার মাধার হাত বুলাতে লাগলেন। বল্লেন—"বেটা। তোকে উপদেশ দেওয়া আমার সাধ্য নয়। তোর ভিতরে যে অগ্নি-মস্তের বীজ রয়েছে, তাকে জাগিয়ে তোলা আমার কাজ নয়। আমার শুরুদেব অগ্নিমস্তের সিদ্ধ-সাধক। তিনিই কেবল তোকে পথ দেখাতে সমর্থ। যাবি তাঁর সঙ্গে সাক্ষাৎ করতে ? বিল্প যেতে হবে গোপনে। আর, হয়তো একবার গেলে আর সহজে ফিরতেও পার্মবি না।—পার্মবি যেতে ?"

দৃচস্বরে বল্লাম—"ইয়া, পারবো। যদি মনের মন্ত পথ খুঁজে পাই তো ফিরে আসবার চেষ্টা করবো না—আসতে চাই না। এখন বলুন, দয়া করে আমায় সেই মহাপুক্ষের কাছে নিয়ে যাবেন ত ?"

সাধু সন্মত হলেন। যাত্রা সম্বন্ধে পরামর্শ শেব করে আমি মায়ের কাছে ফিরে এলাম। ছদিন আর কোথাও গেলাম না। অনিভাকে কভ রকম আদর-যত্ন করেছে লাগলাম। মায়ের জ্ঞান্তে ভারী কট্ট হতে লাগল, তব্ মনের অসাধারণ শক্তিতে ভা দমন করে রাখলাম। আমার উদ্দেশ্য সম্বন্ধে বিন্দুমাত্র আভাসও মাকে জানতে দিলাম না।

তৃতীয় দিনের গভীর রাত্রে সাধুর সঙ্গে সেই মহাপুরুষের দর্শন আশায় আবার সেই অনির্দিষ্টের পথে যাত্রা করলাম।

ভৌপদ

তেজশঙ্কর আবার একটু বিশ্রাম ক'রে নিলে। তারপর আবার ফুরু করলে:

"এইবার খুব সংক্ষেপেট আমার জীবনী শেষ ক'রবো—কারণ সভ্য গোপন না ক'রলেও এমন কথা আমি তোমাকে জানাতে পারি না, যাতে পরের অনিষ্ট হওগা স্থানশ্চিত। আমি শুধু আমার পরবর্তী জীবনের মোটামৃটি আভাস তোমাকে দিয়ে যাবো।

সাধুর দঙ্গে হাজির হলাম বহু দূরবর্তী একটা পাহাড়ে।

'সেখানে একটা দেবালয়কে কেন্দ্র ক'রে কয়েক জন সাধু-সন্ন্যাসীর একটা আশ্রম আছে। সাধুদের সঙ্গে কয়েকদিন আমাকে সেই আশ্রমেই কাটাতে হ'লো।

আশ্রমের যিনি প্রধান সাধু, তিনি একে একে আমার সব কথাই জেনে নিলেন। তারপর আরম্ভ হ'লো পরীক্ষা। সে যে কি ব্যাপার, তা আর তোমাকে কি বলবো ? সোটের উপর কিছুদিন পরে জানতে পারলাম যে, আমি পরীক্ষায় উত্তীর্ণ হয়েছি। তখন সেই মহাপুরুষের কাছে অগ্নিমন্ত্রে আমার হ'লো দীক্ষা।

দীক্ষার কথা ভোমাকে বলেই বা কল কি ? ভবে জেনে রাখো যে, সেইদিন খেকে আমার জীবনের প্রধান কর্ত্তব্য ই'লো দেশের দরিজনারায়ণের তঃখ দ্রীকরণ। নিজের ভোগ-বিলাস, এশ্বর্যা, সুখ-শান্তি সবকিছু বিসর্জন দিয়ে কেবল দরিজ ও ছবর্লদের সকল দায় থেকে বথাসাধ্য রক্ষার উদ্দেশ্যে সেই আশ্রামের নির্দেশ ও আদেশ

মত আমাকে যে কোন কাজ অবনত মস্তকে মেনে নিতে হবে। তাতে স্থায়-অক্সায়, ধর্ম-অধর্ম, উচিত-অনুচিত—কোন বিচারই আমি করতে পারবো না।

আমার চিরদিনের সঙ্কল্পও ছিল তাই। স্থতরাং এই অগ্নিমন্ত্রকেই আমার জীবনের একমাত্র সাধনা বলে আমি সগর্কে আঁকিড়ে ধরলাম।

মন্ত্রের সাধনায় তার পরেই ঝাঁপিয়ে পড়লাম কর্মক্ষেত্র। বাংলা ও বিহারের দে যে স্থানে এই আশ্রমের গুপু শাখা-প্রশাখা ছিল, আর যে যে দেশে বা সহরে অগ্নিমন্ত্রের গুপু সাধক বাদ করতো, তারা অতি অল্প দিনের মধ্যে আমাকেই তাদের নেতা বলে স্বীকার ক'রে নিলে। ফলে দেই মহাপুরুষের কুপায় আমিই হলাম তাঁর অগ্নিমন্ত্রের শ্রেষ্ঠ গাধক—আমিই হলাম তাঁর প্রধান কর্মী।

আশ্রমের নিয়ম অনুসারে আমার প্রকৃত নাম গোপন রেখে নহাপুরুষ প্রদত্ত তেজশঙ্কর নামেই আমি অল্পদিনের মধ্যেই দেশবিদেশে বিখ্যাত হ'য়ে পড়লাম।

ইতিপূর্বের অগ্নিমন্ত্রীদের সংখ্যা হয়েছিল বিস্তর। নান। দেশে, নানা কাজে তারা আত্মগোপন ক'রে ফিরতো, কিন্তু উপযুক্ত নেতার অভাবে তাদের কাজ তেমন স্থশৃঙ্খলভাবে চ'লতো না। আমাকে নেডারূপে পেতেই তাদের উৎসাহ দশ গুণ বেড়ে গেল। তারপর হ'তেই তেজশঙ্করের নামে দেশ-বিদেশের টনক নড়ে উঠ্তে স্ক্রুক্ত কর্লো।

অগ্নিমন্ত্রের কন্মীর বেশে সব প্রথমেই আত্মপ্রকাশ করলাম রাধানগরে। তখন লাটের কিন্তির মুখ। গরীব প্রজাদের রক্ত শোষণ

মৃত্যুপৰেব যাত্ৰী

ক'রে জমিদারের খাজাঞ্ছিখানা তখন ভরপুর ' গভীর রাতে 'মার মার্' রব ক'রে জমিদারের বাড়ীতে গিয়ে পড়লাম।

আমি জানতাম যে তাদের বন্দুক, পিস্তল, তরোয়াল, সবই আছে
—কিন্তু চালায় কে ? গরীবদের ওপর যারা জুলুম করে, তারা কখনো
বীর হ'তে পারে না।

পরিচয়ও পেলাম তারই। ঘা দিলে পাছে দস্যুরা আরও ক্ষেপে বায়, সেই ভয়ে অন্ত ফেলে দিয়ে কেউ থাটের তলায়, কেউ পায়খানায়, কেউ বা খড়গাদার নীচে ঢুকে পড়লো। আমরা নগদ দশহাজার টাকা, আর বাড়ীর মেয়েদের সোনা, কপো আর জহরতের গহনাতে আরও প্রায় দশহাজার নিয়ে বুক ফুলিয়ে চ'লে এলাম। বাধা কেউ দেয়নি বলে প্রথম যাত্রায় মান্তুষের রক্তপাত করতে হ'লোনা।

ভখন দারুণ ছভিক্ষের রাজ্য। বস্থায় শত শত গ্রাম ডুবে যাওয়ার ফলে উত্তর আর পূর্ববঙ্গে গরীব চাষীদেব ঘরে ঘরে হাহাকার। দয়াল দাদার নাম ক'রে আশ্রম থেকে সাহায্য বিতরণ স্থুরু হ'য়ে গেল। নরখাদক রাক্ষসের বুকের রক্তে হ'লো কত মানব-শিশুর কুধা দুর।

ভারপর একের পর একটা ক'রে বাংলার বহুস্থানে হানা দিতে সুক্ল করলাম। মায়ের আশ্রায়ে থাকবার কালে মায়েরই দয়ায় যে অটুট শক্তি আর তীর চালনা শিক্ষা করেছিলাম, ভার বলে আমি হয়ে উঠেছিলাম এক হুর্দ্ধর্য দস্যা। আমার গতি রোধ করে, কিংবা অস্ত্র-চালনায় আমাকে পরাস্ত করে, এমন লোক বাংলাদেশে আমার নজরে পড়কো না। কাজেই সর্ব্বিত্রই আমাদের জয় জয়কার। ধনীর ভাণ্ডার

শৃত্য ক'রে এনে দীন-ছঃখীদের মধ্যে তা বিলিয়ে দিতে লাগলান । বিলানোর কাজটা অবশ্য আশ্রমের সাধুদেব দ্বারাই হ'তে লাগলো। বিভিন্ন স্থানের বিভিন্ন শাখার মারফং দরিন্দ্রেরা তাদের একান্ত অসময়ে সাহায্য পেতে লাগলো।

ধনীদের উপব বাল্য হ'তেই আমি বাতশ্রদ্ধ ধনবান্দের সর্ব্বনাশ-সাধন আমার জীবনের সঙ্কল্প বলেই গ্রহণ করেছিলাম। তাই এই দস্যতার কাজে একটি দিনেব জন্মেও আমাব প্রাণে বিন্দু নাত্র অমুতাপ আসেনি। আমি ববং উত্তবোত্তর অধিকতব উৎসাহের সঙ্গেই অগ্নিমন্ত্রেব সাধনা ক'বে চলে ছলাম। কারণ, আমাদের লক্ষ্য ছিল কেবল সেই সব এখর্যাশালী ব্যক্তি, যারা তাদেব ধনভাণ্ডার পূর্ণ করে থাকে শত শত দীন-দরিদ্র লোককে অস্তায় ভাবে বঞ্চিত ক'রে; কিংবা যারা তাদের ভাগ্যলের বিপুল সম্পদ্ কেবল নিজেদেরই ভোগবিলাসে ব্যয় ক'রে যায়; কিন্তু দেশের শত শত নিরন্ধ, বুভূক্ষিত হতভাগ্যের দিকে একটি দিনের জন্মও মান্ধুবের প্রাণ নিয়ে ফিরে ছাকায় না।

এরকম জুলুনের কাজে মাঝে মাঝে নরহত্যা যে হয় না, তা নয়।
কিন্তু আমি যথাসাধ্য তা' এডিয়ে চলতাম। আত্মবক্ষার নিতান্ত
প্রয়োজন না হ'লে আমি কখনো কারও প্রাণ নষ্ট করিনি। সঙ্গীদের
উপরেও আমার সেই রকম কঠিন আদেশ দেওয়া ছিল। নারীজাতির প্রতি অত্যাচার কিংবা বিনা প্রয়োজনে নরহত্যা—অগ্নিমন্ত্রের
নীতি-বিক্লম।

কিন্তু তবুও হ'-চার ক্ষেত্রে ইচ্ছা ক'রেই আমি নিজের হাতে নৃশংসভাবে নরহত্যা করেছি। মহাত্ববি,ওদের বিরুদ্ধে যে দারুণ

প্রতিহিংসার প্রবৃত্তি পূর্ব্ব হ'তেই আমার মনে পূঞ্জীভূত হ'য়ে ছিল, তার কঠিন প্রেরণা থেকে কিছুতেই আমি আমাকে মুক্ত করতে পারিনি। সেই সব হতভাগ্যদের জন্ম তঃখ হয়,—তঃখ হয় এই ভেবে যে, তারা মানুষ হ'য়েও মানুষের মত হয়নি; নিজেকে ছাড়া আর কাউকে মানুষ বলে তারা ভাবতে শেখেনি।

আমি প্রথম নরহত্যা করি খঞ্জনপুরে। তুর্বত্ত গোবিন্দলাল বছনিনের চেষ্টায় একদল গুণ্ডা দংগ্রহ ক'রে আমার মায়ের ঘরে ডাকাতি
করতে এসেছিল। তার উদ্দেশ্য ছিল আমার মা আর অনিতাকে খুন
করিয়ে তার জমিদারী নিক্ষটক করতে। কিন্তু আমি পূর্বে হ'তেই
তার বিরুদ্ধে চর নিযুক্ত ক'রে রেখেছিলাম—দে-সন্ধান দে রাখতো
না। ফলে ডাকাতদের উপরেই হ'লো ডাকাতি।

দারুণ আক্রোশে পড়ে তার দলের ৫।৬ জনকে হত্যা তো করলামই, উপরন্ত গোবিন্দলালের মাথাটাও আনলাম নিজের হাতে কেটে। একদিন মায়ের চোখের জলে যে আগুনের স্ষষ্টি হয়েছিল, সেই আগুনেই পায়ণ্ড গোবিন্দলাল সদলবলে দগ্ধ হ'য়ে গোল।

ইতিমধ্যে তেজশঙ্করের নামে দেশ-বিদেশে আতক্কের সৃষ্টি হ'য়ে পড়েছিল। সরকার বাহাত্ত্ব যথাসাধ্য চেষ্টা সুরু করেছিলেন আমাকে দমন করতে। কিন্তু কোথায় পাবেন আমার সন্ধান? গভীর অরণ্যের নিবিভ্তম প্রদেশে যে বাস করে, লাঠির উপর ভর দিয়ে যে রাতের অন্ধকারে দশ বিশ ক্রোশ পথ ঘুরে আসে—ভাকে ধরা সহজ নয়।

রংপুরের জমিদার তুর্গাশঙ্কর ঐশর্যোর অহঙ্কারে ধরাকে সশা

স্ত্রান করতো। যাদের রক্ত শোষণ ক'রে তার অত ঐশ্বর্য, সেই প্রজাদের উপর সে ভ্যানক অত্যাগার স্কুক করলে।

লোকটা নিজে শ্রুচণ্ড মাতাল, তার উপবে আবার চরিত্রহীন।
তার অত্যাচারে গবীব প্রজাদের জাত-মান বজায রাখা ছঃসাধ্য
হ'য়ে উঠ্লো। সনেক স'য়ে. শেষে তাবা করলে ধর্মঘট।—আর
যায় কোথায় ? অহঙ্কারে অন্ধ জমিদার প্রজাদের উপরে হিংস্র পশুর
মত আচরণ করতে লাগলো। প্রজারা একেবারে পবিত্রাহি চীৎকার
সুক্র ক'রে দিলে।

দলে দলে প্রজাদেব উপর জমিদারের লাঠিয়ালরা লাঠি চালিয়ে দিলে। কত প্রজা মবলো, কত হ'লো সাংঘাতিকরূপে খাহত। কিন্তু তাতেও নিন্ধৃতি নেই। বিস্তর প্রজার ঘর আগুনে ভশ্মীভূত হ'য়ে গেল। অনেকের ক্ষেতের শস্ত, গোলার ধান জমিদারেব পাইকরা লুট ক'রে নিয়ে পেল। নিরীহ দরিন্দ প্রজাদের হাহাকারে খাকাশ-বাতাস ভ'রে যেতে লাগলো।

বাংলার প্রায় সর্বত্রই আমার দলবল আছে; অথচ আজ পর্য্যন্ত কেউ জানে না যে তারা কে? ছর্গাশঙ্করের কীর্ত্তির কথা আমার ঐ দলবলের মারফং আমার কানে এসে বাজ্লো। দাকণ পণ নিয়ে চল্লাম তার উপরে প্রতিহিংসা নিতে।

তোমরা সে কথা শুনেছ নিশ্চয়। জহুরীর ছদাবেশে তার বাড়ীতে উঠে দিন তুপুরেই তার বুকে ছুরি বসিয়ে দিয়েছি। তারপর তার অনুচরদের মধ্যে কয়েকজনকে জন্মেব মত অঙ্গহীন ক'রে দিয়ে এমন ভাবে চলে এসেছি যে, কারও সাধ্য হয়নি আমার গতিরোধ করতে। আসবার সময় তাদের জ'নিয়ে দিয়ে

এসেছি— তুর্গাশক্ষরকে যে দশু দিয়ে গেল—সে আর কেউ নয়, স্বয়ং দস্মা-সমাট তেজ্সকর !

এই ভাবে রাজত্ব ক'রে এসেছি এক-আধ দিন্ নয়. এক যুগ— বারো বছর। বাংলা আর বিহারের বুকের উপরে এমিভাবে আমি ঝড় সৃষ্টি ক'রে বেড়িয়েছি।

আমি স্পন্থ বৃঞ্জুম যে, ভগবান আমার অন্তরেব মধ্যেই আছেন।
ভিনি আমার শৈশব হ'তে আমার মনে-প্রাণে যে প্রবৃত্তির উৎস
কৃটিয়ে তুলেছেন, সেটা তারই ইন্ধিত ছাড়া কিছুই নয়। দরিশ্রনারায়ণের সাহা -কল্লে তাই আমি কঠোর পথ অবলম্বন করেছি।
ভগবানেরই একা ন, আজ ভিনি তা' করিয়ে নিচ্ছেন আমাকে
দিযে—কারণ দরিজনারায়ণের সেবকরূপে আমি তাঁর একজন
প্রধান ভক্ত।

আমি অন্তভ্ব করলাম, আমার কর্ত্তব্য হচ্ছে ছ্রেটের দমন আর শিষ্টের পালন। গত বারো বছব ধরে আমি তা একান্ত নিংস্বার্থ ভাবেই পালন ক'রে এসেছি। মায়ের সে উপদেশ আমি একটি দিনের জন্তও বিশ্বত হটনি। মা বলেছিলেন—"দেখিস্ বাবা! নিজের জন্তে যেন কিছু করতে যাস্নি। নিংস্বার্থ ভাবে যা করা যায় সেইটিই কাজ, তাতে পাপ নেই।" আনিও তাই কেবল দরিজনারায়ণদের জন্তই ক'রে এসেছি অভ্যাচারী ধনিকদের ধনের উপর দস্যতা—ক'নে এসেছি শয়তানের উপাসক্ষরপ নির্মাম নরপশুদের হত্যা। তাতে আমার নিজের স্বার্থের নামগন্ধ পর্যান্ত নেই।

ৰুত্মপথের বাজী

আমি থাকি বনে জঙ্গলে, গাছতলায় আর পাহাড়ের গুহায়। খাই নিরামিষ অন্ধ, আর ফলমূল। সন্ধাাসীর বেশে গৈরিক বস্ত্র আর কজাক্ষ পরে যখন দেশে দেশে দরিজনারায়ণদের কুটারে কুটারে ঘুরে বেড়াই, তখন আমি তাদের সকলেরই দয়াল দাদা। আমারই নাম ক'রে আমারই দফাভার অর্থ আশ্রমেব সন্ধাাসীরা সময়ে অসময়ে তাদের দান ক'বে থাকেন, তাই তারা স্বাই আমাকে দয়ার অবতার বলেই মনে করে। কিন্তু তারা জানে না যে, আমিই সেই ডেজশহর, সেই বিখ্যাত দফ্য-সমাট, যায় নামে দারা বাংলা আর বিহারে পড়ে গিয়েছে থরহরি কম্পা।

আজ আমি নিজেই এসে সরকারের কাছে আত্মসমর্পণ করেছি। নিজেই সেধে নিজের গলায় তুলে নিচ্ছি ফাঁসির দড়ি, তা নইলে কারও সাধ্য হ'তো না যে ভেজশঙ্করকে এই পাখীর খাচার মধ্যে এনে প্রবে। আমি মরছি, আমার দরিজনারায়ণের উপকার আরও পরিপূর্ণরূপে সার্থক ক'রে তুলতে—আত্মবলি দিয়ে।

দরিজদের সেবক আমি। আমি তাদের রক্ষক, তাদের পৃষ্ঠ-পোষক। কিন্তু, আমারই জন্মে আজ তাদের স্থক্ষ হয়েছে নির্যাতিন। তাদের যে কি তুর্গতি ভোগ করতে হ'চ্ছে, তা তুমিও নিশ্চয় দেখতে পাচ্ছ—কারণ, তুমি 'জেলার'।

আমার কোন সন্ধান না করতে পেরে তোমার অযোগ্য সহ-যোগীরা এই নিরীহ গরীবদের প্রাণ নিয়ে ছিনিমিনি স্ফুক্ ক'রে দিয়েছে ! এই তাদের বিচার ! এই তাদের ধর্মজ্ঞান !

আমি তা কিছুতেই হ'তে দেব না। আমার জন্মে শত শত নিরীহ লোকের দণ্ড হয়, প্রাণ থাকতে আমি তা সহ্য করবো না:

ভাদের নিষ্কৃতি যেমন ক'রেই হোক, আমাকে দিভে হবে। কিন্তু আর কোন উপার নাই। আমি ধরা না দেওয়া পর্যান্ত ভাদের উপরে অক্যায় জুলুম চলভেই থাকবে। তাই নিরুপায় হ'য়ে আমি নিজে এসে আত্মমপ্ণ করেছি। আমার ভাগ্যে যা ঘটে ঘট্ক, কিন্তু ভাদের তো নিষ্কৃতি মিলবে।

ফাঁসি হবে, আগেই তা জানতাম। তা জেনেই ধরা দিতে এসেছি। তবে আর তাতে ভয়টা কিসের ? এই ত'ভোর হ'য়ে গেছে। তোমার সঙ্গে কথা কইতে কইতে রাতটা কাটিয়ে দিয়েছি ! আর বড় জোর আধ ঘণ্টা। তারপরেই সব চুকে যাবে। একটা উংপীড়িত প্রতিহিংসাপরায়ণ জীবনের উদ্দেশ্য অক্ষুপ্ত রেখে তেজশঙ্কর চলে যাবে, যেখানে তার ভগবান্ তাকে নিয়ে যান। এতে তঃখ করবার কিছু লেই। তঃখ যা-কিছু সে কেবল আমার গরীব ভাইদের জন্ম। আর ত' আমি তাদের সেবা করতে পারব না! তা যাক্! তুমি এখন যাও নিজের কাজে যোগ দাও গে। অনিতাকে আমার আশীকর্বাদ আর সেই সঙ্গে আমার সেহ জানিয়ে ব'লো, তার দাদা মরবার কালেও তাকে ভোলেনি; তাকে আশীক্র্বাদ ক'তে করতেই মরেছে।

মাকে আর কি বলবে ? তাঁকে আমার কোটা কোটা প্রশম জানিও, আর ব'লো যে, তাঁর ছেলে তাঁর উপদেশ পূর্ণমাত্রাতেই পালন করেছে। ফাঁসিকার্চে ঝোলবার পূর্ব্বমূহূর্ত্ত পর্য্যস্ত সে তার নিজের জন্মে কিছুই করেনি। এতেও কি সে ভগবানের দয় । পাবে না!

তেজশঙ্করের বিচিত্র জীবন-কাহিনী সব শুনে উঠে আসবার পূর্বের জিজ্ঞাসা কর লুম—"কিন্তু একটি কথার জবাব দিন—এই যে আপনার আপ্রাণ চেষ্টা, কঠোর সাধনা,—এতে ক'বে দরিদ্র জন সাধারণের স্থায়ী উন্নতি আপনি কি ক'রে গেলেন? আপনার অন্তর্জানের সঙ্গে সঙ্গে, সামাত্য যে স্বাচ্ছন্দ্যটুকু তারা পেত তাও ত' চিরদিনের মত ঘুচে যাবে!"

একট্র, চুপ ক'রে থেকে তেজশঙ্কর বল্লে—"তা হয়ত যাবে—
হিংসার পথে স্থায়ী কল্যাণ গ'ড়ে ওঠে না, শুধু প্রতিশোধ নেওয়া
যায মাত্র। সমাজের উন্নতি না হ'লে এর মীমাংসা হবে না ভাই।
সব জানি—আমি শুধু প্রচণ্ড হিংসা বৃত্তিই চরিতার্থ ক'রে গেলাম,
আর সেই জন্ম তার মূল্যস্বরূপ এই প্রাণটাও দিতে হ'ল—হয়ত
একদিক দিয়ে খুব ভূল করেছি, কিন্তু আমার উপায় ছিল না।
আমার ভরসা এই, ভবিয়তে এই পৃথিবীর নৃতন মানুষ হ'য়ে যাবং
জন্ম নেবে –তারা আমার গল্প শুনে নিজেদের শুধুরে নিয়ে এমন
কোন একটা উন্নত নিয়ম প্রবর্ত্তন করবে, তার ফলে ভবিয়তে আর
কো 'তেজশঙ্করকে অনর্থক প্রাণ দিতে হবে না।"

জৈলখানার ঘড়িতে ছ'টা বাজবার সঙ্গে সঙ্গেট তেজশঙ্করের কাঁসি হ'য়ে গেল।

যে ছদিন্তি দস্থার দাপটে পুলিশের লোকদের সাহার-নিজা ুচে গিয়েছিল, তার চরম দণ্ড হওয়ায় সকলে নিশ্চিন্ত ২'ল। কাঁসির খবরটা শুনে হাসতে হাসতে যে যার বাসায় ফিরে গেল। আমিও ফিরলুম। কিন্তু প্রাণের মধ্যে কেমন একটা অস্বস্তি বোধ

করতে লাগলাম। ঘুরে ফিরে কেবলই আমার মনে হ'তে লাগলো যে.—আজ যে মহা অপরাধীর মত ফাঁসির মঞে তার প্রাণ বিসর্জন দিলে, সে একজন মহা পরোপকারী আত্মত্যাগী মহাবীর।

তেজশঙ্করের সেই কথাটাই আজ বার বার মনে পড়ছে—এই পৃথিবীতে নৃতন মান্তব হ'য়ে ধারা জন্ম নেবে—ভারা করবে এমন একটা সমাজ-ব্যবস্থা—যার ফলে ভবিয়াতে আর কোন তেজশঙ্কর অনর্থক প্রাণ বলি দেবে না,—ভারা গ'ছে তুলবে স্বর্গরাজ্য, যেখানে হিংসা নেই, রাগ নেই, অভাব নেই, বৈষম্য নেই—আছে শুধু অফুরস্ত স্নেহ-প্রীতি আর ভালবাসা!

সমাপ্ত